LDSS-4148B-BE (Rev. 07/16)

# বুক 2

# সামাজিক পরিষেবা কর্মসূচিসমূহ (Social Services Programs) সম্পর্কে আপনাকে কী জানতে হবে

প্রশ্নোত্তর

আপনি অন্ধ বা দৃষ্টিশক্তি একদম হারিয়ে ফেললে এবং একটি আবেদন করতে চাইলে বা এই নির্দেশাবলী অন্য কোনো পদ্ধতিতে প্রয়োজন হলে, আপনি আমার সামাজিক পরিষেবা ডিস্ট্রিক্টে (social services district) সেগুলির জন্য অনুরোধ করতে পারেন। নিম্নলিখিত বিকল্প ফরম্যাটগুলি উপলভ্য:

- বড় করে মুদ্রণ;
- ডেটা ফরম্যাট (স্ক্রিনে পাঠকের অ্যাক্সেসযোগ্য একটি ইলেকট্রনিক ফাইল);
- অডিও পদ্ধতি (নির্দেশাবলী বা আবেদনের প্রশ্নাবলীর একটি অডিও ট্রান্সক্রিপশন); এবং
- ব্রেইলি, আপনি যদি দাবি করেন যে অন্যান্য বিকল্প পদ্ধতি আপনার জন্য সমান কার্যকর নয়।

আবেদনপত্র এবং নির্দেশাবলী, বড় করে মুদ্রণ, ডেটা ফরম্যাট এবং অডিও ফরম্যাটে www.otda.ny.gov বা www.health.ny.gov থেকে ডাউনলোডের জন্যও উপলভ্য। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে অডিও ফরম্যাটে এবং ব্রেইলিতে উপলভ্য আবেদনপত্র শুধু অবহিতকরণের উদ্দেশ্যে। আবেদন করার জন্য, আপনাকে অবশ্যই লিখিতভাবে, বিকল্পহীন পদ্ধতিতে একটি আবেদনপত্র জমা করতে হবে। আপনার যদি অন্য কোনো বন্দোবস্তের প্রয়োজন হয়, অনুগ্রহ আপনার সোস্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের সাথে যোগাযোগ করুন।

---

সেইসাথে দেখুন
**বুক 1 (LDSS-4148A)**
"আপনার অধিকার ও দায়িত্বসমূহ সম্পর্কে আপনার কী জানা উচিত"

এবং

**বুক 3 (LDSS-4148C)**
"আপনার একটি জরুরি পরিস্থিতি হলে আপনার কী জানা উচিত"

---

**এই বইটি সংরক্ষণ করুন, ভবিষ্যতে কাজে লাগবে**

# সূচিপত্র


| বিভাগ | | পৃষ্ঠা |
|---|---|---|
| A | সাময়িক সহায়তা | 2 |
| B | চিকিৎসা সহায়তা | 9 |
| C | শিশু সহায়তা | 20 |
| D | ফুড স্ট্যাম্প সুবিধাবলী | 22 |
| E | অবস্থান্তর সংক্রান্ত সহায়তা | 25 |
| F | শিশু পরিচর্যা | 26 |
| G | পরিষেবাসমূহ | 30 |
| H | অন্যান্য সুবিধাবলী | 33 |
| I | অক্ষমতাযুক্ত ব্যক্তিবর্গ | 37 |
| J | টিকাকরণ | 39 |
| K | ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার | 39 |


**অনুগ্রহ করে নোট করুন:**

**আপনার বা আপনার পরিবারের প্রয়োজন হলে আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ যে বিভিন্ন উপায়ে আপনাকে সহায়তা করতে পারবে এই বইটি সেই উপায়গুলির উল্লেখ করে।**

**অনুগ্রহ করে মনে রাখবেন যে এই কর্মসূচি এবং পরিষেবাগুলির যুক্তরাষ্ট্রীয় বা স্টেটের নিয়মাবলী রয়েছে যেগুলি অবশ্যই অনুসরণ করতে হবে।**

**আপনার বা আপনার পরিবারের যখন সহায়তা প্রয়োজন হবে তখন এটি আপনার এই কর্মসূচিগুলি চাওয়াকে আটকাবে না।**

# বিভাগ A সাময়িক সহায়তা (TEMPORARY ASSISTANCE, TA)

**প্র. সাময়িক সহায়তা কী?**

**উ.** সাময়িক সহায়তা হল অভাবী প্রাপ্তবয়স্ক এবং শিশুদের জন্য সাময়িক সহায়তা। আপনি কাজ করতে অক্ষম হলে, একটি চাকরি না পেলে, বা আপনার চাকরির বেতন পর্যাপ্ত না হলে, সাময়িক সহায়তা আপনাকে আপনার ব্যয় নির্বাহ করতে সহায়তা করতে পারে। সাময়িক সহায়তা কর্মসূচি পারিবারিক সহায়তা এবং সেফটি নেট অ্যাসিস্টেন্সকে অন্তর্ভুক্ত করে।

**প্র. আমার একটি চাকরি থাকলে বা চাকরি পেলেও কি আমি সহায়তা পাবো?**

**উ.** আপনি চাকরি করতে পারেন এবং আপনার আয় একটি নির্দিষ্ট অর্থরাশির কম হলে তবুও আপনি সহায়তা পেতে পারেন।

- আপনার আয় একটি নির্দিষ্ট অর্থরাশির বেশি হওয়ার কারনে আপনার কেস বন্ধ হয়ে যাওয়া সত্ত্বেও আপনি শিশু পরিচর্যা এবং চিকিৎসা সহায়তা থেকে সহায়তা পেতে **পারেন**।
- আপনি ফুড স্ট্যাম্প সুবিধাবলী (**এই বইয়ের বিভাগ ডি "ফুড স্ট্যাম্প সুবিধাবলী" দেখুন)** এবং পরিষেবাসমূহও **(এই বইয়ের বিভাগ জি "পরিষেবাসমূহ" দেখুন)।**
- আপনি একটি চাকরি পেলে, 10 দিনের মধ্যে আপনাকে অবশ্যই আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের একজন কর্মীকে তা জানাতে হবে।

**প্র. আমি কি একটি চাকরি পাওয়ার ক্ষেত্রে সাহায্য পেতে পারি?**

**উ.** আপনি যখন সামতিক সহায়তা এবং/অথবাফুড স্ট্যাম্প সুবিধাবলির জন্য আবেদন করবেন বা পাবেন তখন আপনি যে বিষয়গুলিতে সহায়তা পেতে পারেন:

- একটি চাকরি খুঁজে পেতে আপনাকে সহায়তা করার জন্য চাকরি সন্ধান বা কর্মনিযুক্তি পরিষেবা
- একটি চাকরি খুঁজে পেতে প্রয়োজনীয় দক্ষতা লাভ করতে সহায়তা করার জন্য চাকরির প্রস্তুতি পরিষেবা
- শিক্ষা, বিশেষ করে আপনি হাই স্কুল শেশ না করলে বা একটি হাই স্কুল সমতুল্য ডিপ্লোমা (high school equivalency diploma, G.E.D.) না থাকলে
- প্রশিক্ষণ
- শিশু পরিচর্যা, যাতে আপনি চাকরি করতে পারেন, চাকরির কার্যকলাপে অংশগ্রহণ করতে পারেন বা স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের অনুমোদিত শিক্ষা বা প্রশিক্ষণের কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারেন
- অর্পিত চাকরির কার্যকলাপগুলিতে অংশগ্রহণ করার জন্য প্রয়োজনীয় যাতায়াত খরচ এবং অন্যান্য চাকরি সংক্রান্ত খরচ

**প্র. আমার একটি জরুরি পরিস্থিতি হলে এবং অবিলম্বে আমার সহায়তার প্রয়োজন হলে কী হবে?**

**উ.** আপনি অবিলম্বে সহায়তা পাবেন। আপনার মনে হচ্ছে যে আপনার একটি জরুরি পরিস্থিতি হয়েছে তা অবশ্যই আপনার কর্মীকে বলুন। **("আপনার একটি জরুরি পরিস্থিতি হলে আপনার যা জানা উচিত", বুক 3 (LDSS-4148C) দেখুন।)**

**প্র. কোন ধরনের খরচ পরিশোধ করতে সাময়িক সহায়তা আমাকে সহায়তা করবে?**

- খাবার এবং পোশাকের খরচ
- ভাড়া বা বন্ধকী খরচ
- হিট, গ্যাস, ইলেকট্রিসিটি, জল এবং অন্যান্য ইউটিলিটি
- অন্যান্য বিশেষ প্রয়োজনীয়তা যেমন:

  - খাবার

    আপনি বাড়িতে খাবার বানাতে না পারলে রেস্টুরেন্টের খাবার বা বাড়িতে পৌঁছে দেওয়া খাবারের জন্য আপনি অতিরিক্ত অর্থ পেতে পারেন।

  - গর্ভাবস্থা

    আপনি গর্ভবতী হলে, আপনি অতিরিক্ত অর্থ পেতে পারেন। আপনি আপনার কর্মীকে একটি চিকিৎসা সংক্রান্ত নোট দিলে আপনি আপনার গর্ভাবস্থার চতুর্থ মাস থেকে গর্ভাবস্থা শেষ না হওয়া পর্যন্ত এই অর্থ পেতে পারেন। চিকিৎসা সংক্রান্ত নোতটিকে অবশ্যই জানাতে হবে যে আপনি গর্ভবতী এবং আপনার সন্তান প্রসবের তারিখটিও জানাতে হবে। চিকিৎসা সংক্রান্ত নোটটি আপনার কর্মীকে দেওয়ার আগের কোনো মাসের জন্য আপনি এই অতিরিক্ত অর্থ পাবেন না।

  - যাতায়াত এবং অন্যান্য চাকরি-সংক্রান্ত সহায়তা পরিষেবা

    আপনি আপনাকে অর্পণ করার কার্যকলাপে অংশগ্রহণ করার জন্য আবশ্যিক যাতায়াত বা অন্যান্য চাকরি-সংক্রান্ত খরচের ক্ষেত্রেও সহায়তা পেতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের অনুমোদিত একটি শিক্ষা বা প্রশিক্ষণের কর্মসূচিতে অংশগ্রহণ করলে, আপনি শিশু পরিচর্যা, যাতায়াত বা অনুমোদিত কার্যকলাপে অংশগ্রহণ করার জন্য আপনার প্রয়োজনীয় চাকরি সংক্রান্ত পোশাক পরিচ্ছদের মতো নির্দিষ্ট কিছু খরচের জন্য আপনি সহায়তা পেতে পারেন। **(এই বইতে, "আমি যখন প্রশিক্ষণ বা শিক্ষায় অংশগ্রহণ করব তখন কি আমি অতিরিক্ত সহায়তা পাব?" প্রশ্নটি দেখুন।)**

- আবাস এবং গৃহস্থালি সংক্রান্ত আইটেমগুলি

  আপনি নিম্নলিখিতগুলির যে কোনোটির জন্য সহায়তা পেতে পারেন:

  (1) সাময়িক সহায়তার জন্য আবেদন করার আগে আপনার ভাড়া, বন্ধকী বা ট্যাক্স বেশ কিছু সময়ের জন্য বাকি পড়লে উচ্ছেদ আটকাতে বা আপনার ভাড়া পরিশোধ করতে।

  (2) আপনি এখন যেখানে থাকেন সেখান থেকে আপনি অন্যত্র যেতে বাধ্য হলে, আপনি যেগুলির জন্য সহায়তা পাবেন:
  - আপনার আসবাবপত্র এবং অন্যান্য ব্যক্তিগত জিনিস রাখা
  - ব্রোকার বা যিনি আবাস খুঁজে দিয়েছেন তার ফী
  - একটি ভাড়ার সিকিউরিটি ডিপোজিট বা সিকিউরিটি চুক্তির
  - এক জায়গা থেকে অন্য জায়গায় স্থানান্তরিত হওয়ার খরচ

  (3) হিটিংয়ের সরঞ্জাম, স্টোভ বা রেফ্রিজারেটরের মতো গৃহস্থালির জিনিসপত্রগুলি মেরামত

  (4) আপনি প্রয়োজনীয় আসবাবপত্র বা গৃহস্থালির অন্যান্য জিনিসপত্র কেনার জন্যও সহায়তা পেতে পারেন যদি:
  - একটি প্রতিষ্ঠান থেকে ছাড়া পাওয়ার পর অথবা ফস্টার কেয়ার থেকে মুক্তি পাওয়ার পর পরিবারের একজন সদস্য বাড়ি ফিরে আসেন।
  - স্বাস্থ্য বা নিরাপত্তার কারণে আপনি বাসা বদল করতে বাধ্য হন এবং একটি আসবাবপত্রে সজ্জিত অ্যাপার্টমেন্ট বা বাড়ি খুঁজে না পান।
  - আপনার গৃহস্থালি সেট আপ করতে আপনার প্রয়োজনীয় জিনিসপত্রগুলি।

  (5) আপনার নিজের বাড়ি থাকলে, আপনার স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য আপনার বাড়িটি মেরামতের প্রয়োজন হলে আপনি সহায়তা পেতে পারেন।

  (6) একটি অগ্নিকাণ্ড, বন্যা বা অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ে আপনি আপনার আসবাবপত্র বা পোশাক হারালে, আপনি এই গৃহস্থালির সামগ্রী বা পোশাক প্রতিস্থাপন করার জন্য একটি সহায়তা হতে পারেন।

**দ্রষ্টব্য:** সাময়িক সহায়তা পাওয়া বেশিরভাগ ব্যক্তি অনুরোধ জানালে চিকিৎসা সহায়তা এবং ফুড স্ট্যাম্প সুবিধাবলী পেতে পারেন।

**প্র. সাময়িক সহায়তা কর্মসূচিগুলি কী?**

**উ.** 1. **<u>পারিবারিক সহায়তা</u>** (Family Assistance, FA) পিতামাতা (উভয় পিতামাতার একই সাথে থাকা পরিবাগুলি সহ) বা একজন তত্ত্বধানকারী আত্মীয়ের সাথে বসবাস করা একটি নাবালক শিশু থাকা যোগ্য অভাবী পরিবারগুলিকে সাময়িক সহায়তা প্রদান করে। এটি অভাবী পরিবারগুলির জন্য যুক্তরাষ্ট্রীয় সাময়িক সহায়তার (Public Assistance for Needy Families, TANF) নির্দেশিকার অধীনে কাজ করে।

পারিবারিক সহায়তার অধীনে, যোগ্য প্রাপ্তবয়স্কদের তাদের সারা জীবনে অন্যান্য স্টেটে মঞ্জুর হওয়া TANF-ফান্ডেড সহায়তার মাসগুলি সহ মোট <u>60</u> মাসের জন্য সুবিধাবলী পাওয়ার মধ্যে সীমিত। নগদ সেফটি নেট অ্যাসিস্টেন্স (নিচের #2) এর মাসগুলিও 60-মাসের আজীবনের সীমার মধ্যে গণনা করা হয়। একবার এই সীমাটিতে পৌঁছে গেলে, পারিবারিক সহায়তা পাওয়া পরিবারের প্রাপ্তবয়স্ক এবং সমস্ত সদস্যরা আর পারিবারিক সহায়তার সুবিধাবলী পাওয়ার জন্য যোগ্য হবেন না। মাসগুলিকে পরস্পর <u>না</u> হলেও চলবে, কিন্তু TANF-ফান্ডেড সুবিধাবলী (অথবা নগদ সেফটি নেট অ্যাসিস্টেন্স পাওয়ার প্রতিটি স্বতন্ত্র্য মাস আজীবনের গুণতির মধ্যে অন্তর্ভুক্ত। এই 60-মাসের সীমাটি ডিসেম্বর 1996 থেকে গোণা শুরু হয়েছে।

পারিবারিক সহায়তার জন্য আবেদন করা বা পাওয়া প্রতিটি ব্যক্তি, পারিবারিক সহায়তার যোগ্যতার একটি অতিরিক্ত শর্ত হিসেবে, বিবাহবন্ধনে আবদ্ধ হওয়ার কারনে একটি শিশুর জন্ম হলে তার পিতৃত্ব প্রতিষ্ঠা করার জন্য, যে কোনো অনুপস্থিত বাবা-মা বা অবৈধ বাবাকে খুঁজে বের করতে, সহায়তার আদেশগুলি স্থাপন, পরিবর্তন এবং কার্যকর করার জন্য, এবং যে কোনো সহায়তার পেমেন্ট বা অন্য কোনো পেমেন্ট বা সহায়তা পেতে স্টেট এবং স্থানীয় সামাজিক পরিষেবা ডিস্ট্রিক্টের সাথে সরল বিশ্বাসে সহযোগিতাও করতে হবে। ন্যায্য কারণ ছাড়া সহযোগিতা না করলে তার ফলে পারিবারিক সহায়তার সুবিধাবলী কমানো হবে।

2. **<u>সেফটি নেট অ্যাসিস্টেন্স (Safety Net Assistance)</u>**

আপনি অন্যান্য সহায়তা কর্মসূচির জন্য যোগ্য না হলে, আপনি সেফটি নেট অ্যাসিস্টেন্সের জন্য যোগ্য হতে পারেন।
সেফটি নেট অ্যাসিস্টেন্স যাদের জন্য:

- একাকী প্রাপ্তবয়স্ক
- সন্তানহীন দম্পতি
- যে কোনো প্রাপ্তবয়স্ক আত্মীয়ের থেকে আলাদা থাকা শিশুরা
- মাদক বা অ্যালকোহলে আসক্ত ব্যক্তিবর্গের পরিবারবর্গ
- মাদক/অ্যালকোহল স্ক্রিনিং, মূল্যায়ন বা চিকিৎসা প্রত্যাখান করার ব্যক্তিবর্গের পরিবারবর্গ
- যে সমস্ত ব্যক্তিবর্গ সহায়তার ক্ষেত্রে 60-মাসের সীমা অতিক্রম করে গেছেন
- যে সমস্ত বিদেশী সাময়িক সহায়তার জন্য যোগ্য, কিন্তু যারা যুক্তরাষ্ট্রীয় অর্থ পরিশোধের জন্য যোগ্য নন।

সাধারণভাবে, আপনি সারাজীবনে সর্বাধিক দুই বছরের জন্য নগদে সেফটি নেট অ্যাসিস্টেন্স পেতে পারেন। এই সময় সীমাটি আগস্ট 1997 থেকে গোণা শুরু হয়েছে। তার পরে, আপনি সেফটি নেট অ্যাসিস্টেন্সের জন্য যোগ্য হলে, সেটি অ-নগদ আকারে দেওয়া হবে, যেমন একটি দুই-পক্ষের চেক বা একটি ভাউচার। উপরন্তু, অ-নগদ সেফটি নেট অ্যাসিস্টেন্স যাদের দেওয়া হয়:

- মাদক বা অ্যালকোহলে আসক্ত ব্যক্তিবর্গের পরিবারবর্গ
- মাদক/অ্যালকোহল স্ক্রিনিং, মূল্যায়ন বা চিকিৎসা প্রত্যাখান করার ব্যক্তিবর্গের পরিবারবর্গ
- 60 মাসের আজীবনের সময় সীমা পেরিয়ে যাওয়া একজন প্রাপ্তবয়স্ক থাকা পরিবারবর্গ

**দ্রষ্টব্য:** সাময়িক সহায়তার জন্য আবেদন করা বা পাওয়া ব্যক্তিবর্গকে যত শীঘ্র সম্ভব স্থানীয় সামাজিক পরিশেবা বিভাগের অর্পিত চাকরির কার্যকলাপে অংশগ্রহণ করতে হবে। শারীরিক অসুস্থতার জন্য চাকরির আবশ্যিকতা থেকে ছাড় পেয়েছেন বলে নির্ধারিত হওয়া ব্যক্তিবর্গকে একটি চিকিৎসা কর্মসূচিতে বা তাদের কাজ করার ক্ষমতা পুনরুদ্ধার করতে বা উন্নত করতে পারে এমন অন্যান্য পরিষেবায় অংশগ্রহণ করতে হতে পারে। ইচ্ছে করে এবং ন্যায্য কারণ ছাড়া চাকরির আবশ্যিকতাগুলি মেনে চলতে ব্যর্থ হলে সাময়িক সহায়তা এবং/অথবা ফুড স্ট্যাম্প সুবিধাবলী কমানো বা বন্ধ করে দেওয়া হতে পারে।

**প্র.** **আমি কীভাবে সাময়িক সহায়তার জন্য আবেদন করব?**

**উ.** আপনি নিউ ইয়র্ক সিটি বাইরে বসবাস করলে, আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে ফোন করুন বা যান এবং একটি আবেদনের প্যাকেজ চান। আপনি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করলে, আপনার স্থানীয় আয় সহায়তা/জব সেন্টারে ফোন করুন বা যান। আপনাকে অবশ্যই আবেদন্টি পূরণ করে সেটি জমা দিতে হবে। মনে রাখবেন, আপনি যেদিন পেয়েছেন সেদিনই আপনি আবেদনটি **(ফাইল)** করতে পারেন।

**প্র.** **আমি যখন সাময়িক সহায়তার জন্য আবেদন করব তখন কী হবে?**

**উ.** আপনি সাময়িক সহায়তা পাওয়ার যোগ্য কিনা তা দেখতে আপনার একটি ইন্টারভিউ হবে। আপনাকে নির্দিষ্ট কিছু জিনিস প্রমাণ করতে বলা হবে। **("আপনার অধিকার ও দায়িত্বসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত", বুক 1 (LDSS-4148A) দেখুন।)**

আপনি কী ধরনের কাজ করতে পারবেন তা দেখতে আপনাকে একটি ইন্টারভিউতে অংশগ্রহণ করতে হতে পারে। আপনাকে একটি চাকরি পেতে সহায়তা করবে এমন উপলভ্য শিক্ষা এবং প্রশিক্ষণের ক্রিয়াকলাপ সহ কার্যকলাপ এবং পরিষেবাগুলি নিয়েও আমরা আলোচনা করতে পারি।

ইন্টারভিউয়ের সময় আপনাকে জিজ্ঞাসা করা হবে:

- আপনার শিক্ষা, প্রশিক্ষণ এবং কাজের ইতিহাস সম্পর্কে
- আপনি কী ধরনের কাজকরতে পারবেন, এবং আপনার পছন্দসমূহ
- শুধুমাত্র আপনার জন্য একটি কর্মসংস্থানের পরিকল্পনা সম্পর্কে কথা বলা এবং তাতে সম্মত হওয়া
- কর্মসংস্থান সহ, চাকরির কার্যকলাপে অংশগ্রহণ করতে আপনার প্রয়োজন হতে পারে, শিশু পরিচর্যা বা যাতায়াতের বন্দোবস্তের মতো অন্যান্য কাজ সম্পর্কিত পরিষেবাগুলি

আপনি কাজ করায় অংশগ্রহণ করার আবশ্যিকতা থেকে ছাড় পাওয়ার যোগ্য বলে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ দ্বারা নির্ধারিত না হলে, আপনাকে অবশ্যই স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের অর্পিত চাকরির কার্যকলাপে অংশগ্রহণ করতে হবে। যে সমস্ত ব্যক্তিবর্গ সাময়িক সহায়তার জন্য আবেদন করছেন বা পাচ্ছেন এবং কাজ করতে সক্ষম তারা ক্রমাগত চাকরির সন্ধান করবেন এবং পেয়ে গেলে একটি চাকরি করবেন বলে আশা করা হয়।

**প্র.** **আমার ঔরসজাত বা দত্তক নেওয়া নয় এমন কোনো শিশু আমার সাথে থাকলে এবং আমি শুধুমাত্র তার জন্য সাময়িক সহায়তা চাইলে কী হবে?**

**উ.** অনেকের শিশু আছে যারা তাদের সাথে থাকে কিন্তু তাদের সন্তান নয়, যেমন, একজন ঠাকুর্দা ঠাকুমা যাদের সাথে তাদের নাতি নাতনিরা থাকে, অথবা একজন প্রতিবেশি যিনি তার প্রতিবেশির সন্তানের অনুপস্থিতিতে তাদের সন্তানের দেখাশুনা করছেন। আপনার সাথে যদি একজন শিশু থাকে যে আপনার সন্তান নয় তাহলে আপনি সেই শিশুর হয়ে সাময়িক সহায়তার ( Temporary Assistance, TA) জন্য আবেদন করতে পারবেন। এই ধরনের TA-কে বলা হয় বাবা-মা না হওয়া পরিচর্যাকারী (ননপেরেন্ট কেয়ারগিভার) এবং শিশুটির পরিচর্যার জন্য একটি নগদ অনুদান প্রদান করে।

আপনি এই পরিস্থিতিতে থাকলে বিবেচনা করার মতো কিছু বিষয় এখানে দেওয়া হল:

- স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আইন অনুযায়ী TA-র জন্য আবেদন করা কোন পরিবারের নির্দিষ্ট কিছু তথ্য প্রদান করা অত্যাবশ্যক। অর্থাৎ পরিবারের শুধুমাত্র একজন আবেদন করলেও, সম্পূর্ণ আবেদনটি পূরণ করতে হবে। উপরন্তু, আপনার পরিবার ফুড স্ট্যাম্প, Medicaid, শিশু পরিচর্যা বা পরিষেবাসমূহের জন্য যোগ্য হতে পারে। আপনি এই অন্যান্য কর্মসূচিগুলির জন্যও আবেদন করলে, সম্পূর্ণ আবেদনতি পূরণ করার থেকে যে তথ্য পাওয়া যাবে তা আপনি এই অন্যান্য কর্মসূচিগুলির জন্য যোগ্য কিনা তা নির্ধারণ করতে আপনার কর্মীকে সহায়তা করবে। তবে, আপনি, শুধুমাত্র Medicaid, শিশু পরিচর্যা বা ফুড স্ট্যাম্প সুবিধাবলীর জন্য আবেদন করা বেছে নিতে পারেন। উপরন্তু, আপনার পরিবার যদি শিশুদের জন্য TA-র ক্ষেত্রে অযোগ্য নির্ধারিত হয় এবং আপনি ফুড স্ট্যাম্প সুবিধাবলী এবং চিকিৎসা সহায়তার জন্য আবেদন করে থাকেন তাহলে ফুড স্ট্যাম্প সুবিধাবলী এবং চিকিৎসা সহায়তার জন্য আপনার যোগ্যতা আলাদাভাবে নির্ধারণ করা হবে।
- আপনার পরিচর্যায় থাকা শিশুর জন্য TA অনুদানটি নির্ধারণ করার সময় আপনার আয় এবং সংস্থান বিবেচনা করা হবে না। শুধুমাত্র আপনি TA-র জন্যও আবেদন করলেই আপনার আয় এবং সংস্থান গণনা করা হবে। এমনকি আপনি যে শিশুটির পরিচর্যা করছেন তার জন্য TA অনুদানের পরিপ্রেক্ষিতে তখনও সেটি গণনা করা হবে না। বাবা-মা না হওয়া পরিচর্যাকারী (ননপেরেন্ট কেয়ারগিভার) অনুদানটি সম্পূর্ণভাবে আবেদনকারী শিশুদের আয় এবং সংস্থাএর ওপর নির্ভরশীল।
- আপনাকে, আপনার সাথে কে বা কারা থাকেন, আপনি কোথায় থাকেন এবং শিশুটির কি খরচ, আয় এবং সংস্থান আছে সে সম্পর্কে তথ্য প্রদান করতে হবে। আপনি যে শিশুটির জন্য আবেদন করছেন তার যদি আপনি বাবা-মা না হওয়া আত্মীয় (নন-পেরেন্ট রিলেটিভ) হন, তাহলে আপনাকে আপনার আয় এবং সংস্থান ল্লেখ করতে বলা হবে, কিন্তু আপনি নিজেও আবেদন না করলে আপনাকে সেগুলির প্রমান দিতে হবে না। আপনাকে এই তথ্য দিতে বলা হবে কারণ যুক্তরাষ্ট্রীয় আইন অনুযায়ী স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে এই তথ্য সংগ্রহ করতে হবে।
- আপনার শিশু(শিশুদের) সাময়িক সহায়তার জন্য আপনি কোনো আবেদন করলে আপনাকে অবশ্যই শিশু সহায়তা কার্যকরণ কর্মসূচির আবশ্যিকতাগুলির সাথে সহযোগিতা করতে হবে। সক্রিয়ভাবে শিশু সহায়তা অন্বেষণ না করার ন্যায্য কারণ দাবি করা অধিকারও আপনার আছে যদি শিশু সহায়তা অন্বেষণ নেতিবাচকভাবে প্রভাবিত করে: আপনার বা আপনার শিশুর (শিশুদের) স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণকে। আপনার যদি ভয় হয়, যে বাবা-মায়ের থেকে আপনি শিশু সহায়তা কার্যকরণ পরিষেবা চাইছেন, তারা আপনার বা আপনার শিশুর ক্ষতি করবে তাহলে অবিলম্বে তা সাময়িক সহায়তার কর্মীকে জানান। শিশু সহায়তার সহযোগিতার আবশ্যিকতাগুলি হেকে একটি গার্হ্যস্থ সহিংসতার ছাড় পেতে আপনাকে কী করতে হবে সে বিষয়ে কর্মীটি আপনাকে পরামর্শ দেবেন।

**প্র.** **যদি আমি আমার সাথে থাকা একটি শিশুর পরিচর্যাকারী হই যে আমার ঔরসজাত বা দত্তক নেওয়া সন্তান নয়, এবং শিশুটির পরিচর্যা করার জন্য আমার অতিরিক্ত সহায়তা বা সংস্থান লাগলে, আমি সেগুলি কোথায় খুঁজে পাব তা কি আমাকে বলতে পারেন?**

**উ.** কমিউনিটি-ভিত্তিক সহায়ক কর্মসূচিগুলির একটি স্টেটব্যাপী নেটওয়ার্ক গঠন করতে NYS কিনশিপ কেয়ারগিভার প্রোগ্রাম (NYS Kinship Caregiver Program) তৈরি করা হয়েছে যা পরিষেবাগুলির মাধ্যমে কিনশিপ কেয়ারগিভার এবং তাদের আত্মীয়ের জন্য পারিবারিক স্থিতিশীলতা ও স্থায়ীত্ব উন্নীত করে। এই কর্মসূচিটি স্টেটের বিভিন্ন প্রান্তে অবস্থিত 13টি কমিউনিটি-ভিত্তিক কর্মসূচিকে অন্তর্ভুক্ত করে যা তাদের আত্মীয়দের মানুষ করার জন্য কিনশিপ কেয়ারগিভারদের সহায়তা করতে পরিষেবাসমুহ প্রদান করে। অনানুষ্ঠানিক কিনিশিপ কেয়ার, যে সমস্ত আত্মীয়রা আইনি অভিভাবক বা একটি শিশুর কাস্টোডিয়ান, সেইসাথে যারা কিনশিপ ফস্টার কেয়ার প্রদান করেন, তারা এই কর্মসূচিগুলির দ্বারা পরিষেবা পাওয়ার যোগ্য। প্রস্তাবিত পরিষেবাগুলির মধ্যে থাকতে পারে:

- কাউন্সেলিং বা পরামর্শ প্রদান
- আইনি তথ্য
- সহায়ক গোষ্ঠী
- অবকাশ
- শিশু মানুষ করার দক্ষতা
- শিক্ষা পরিচালনা
- শিশুর Medicaid এর তথ্য
- কেস পরিচালনা
- বাজেটিং এবং ট্যাক্সের তথ্য
- আবাসন
- রেফারেল
- শুধুমাত্র শিশুর জন্য অর্থ প্রদানের তথ্য

সেইসাথে, একটি 14তম কর্মসূচি, NYS কিনশিপ নেভিগেটর প্রোগ্রাম (NYS Kinship Navigator Program), পরিচর্যাকারী এবং তাদের পরিচর্যায় থাকা শিশুদের সহায়তা করতে তথ্য এবং রেফারেল পরিষেবা প্রদান করে। নিউ ইয়র্কের যে কোনো জায়গায় বসবাসকারী একজন পরিচর্যা প্রদানকারী তাদের কাউন্টিতে বা কাউন্টির কাছাকাছি উপলভ্য পরিষেবাগুলি সম্পর্কে জানতে একটি টোল ফ্রী নম্বরে ফোন করতে পারেন বা একটি ওয়েবসাইটে যেতে পারেন। পরিচর্যা প্রদানকারীদের প্রয়োজনীয়তা মূল্যায়ন এবং একটি করণীয়ের পরিকল্পনা গড়ে তুলতে প্রশিক্ষিত বিশেষজ্ঞরাও উপলভ্য। কিনশিপ নেভিগেটর প্রোগ্রাম (Kinship Navigator Program) এর সাথে যোগাযগ করা যেতে পারে, টোল ফ্রী **1-877-6463 (1-877-4KinInfo**) সোমবার থেকে শুক্রবার সকাল 9:30 থেকে বিকেল 4:30, অথবা ইন্টারনেটের মাধ্যমে অনলাইনে "**http://www.nysnavigator.org/**।"

**প্র.** **আমি যদি সাময়িক সহায়তার জন্য আবেদন করি এবং আমার মনে হয় যে শারীরিক অসুস্থতার কারণে আমি চাকরি করতে বা চাকরির কার্যকলাপে অংশগ্রহণ করতে পারব না তাহলে কী হবে?**

**উ.** সাময়িক সহায়তার জন্য আবেদন করা একজন ব্যক্তি যদি দাবি করেন যে শারীরিক অসুস্থতার কারণে তিনি চাকরি করতে বা চাকরির কার্যকলাপে অংশগ্রহণ করতে পারবেন না তাহলে তাকে তার ডাক্তারের থেকে প্রমাণ প্রদান করতে হতে পারে। ওই ব্যক্তির শারীরিক অসুস্থতা মূল্যায়ন করতে, ব্যক্তিটির কোনো সীমাবদ্ধ থাকলে তা সনাক্ত করতে, এবং ব্যক্তিটির কাজ করার ক্ষমতা পুনরুদ্ধার বা উন্নত করতে সহায়ক হতে পারে এমন চিকিৎসা পরিচর্যা, পুনর্বাসন বা চিকিৎসা সনাক্ত করতে ব্যক্তিটিকে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের আয়োজিত সম্পূর্ণ একটি অন্য ডাক্তারের দ্বারা শারীরিক পরীক্ষা নীরিক্ষায় অংশগ্রহণ করতে হতে পারে। স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ উপলভ্য চিকিৎসা সংক্রান্ত নথিপত্র পর্যালচনা করবে এবং আপনাকে চাকরির কার্যকলাপে (ছাড়-বিহীন বা সীমিত কাজ) অংশগ্রহণ করতে হবে না কাজের আবশ্যিকতা থেকে আপনি ছাড় পাবেন সেই বিষয়ে তাদের সিদ্ধান্তগুলি আপনাকে লিখিতভাবে জানাবে। আপনার কাজ করার ক্ষমতা বা চাকরির কার্যকলাপে অংশগ্রহণ করার ক্ষমতা সম্পর্কে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের সিদ্ধান্তে আপনি সম্মত না হলে আপনার একটি ন্যায্য শুনানির অনুরোধ করার অধিকার এবং একটি ন্যায্য শুনানির অনুরোধ জানানোর সময়কাল সম্পর্কেও এই বিজ্ঞপ্তিটি আপনাকে জানাবে।

**প্র.** **এমন নির্দিষ্ট কোনো ব্যক্তিবর্গ কি আছেন যারা সাময়িক সহায়তা পাওয়ার যোগ্য নন?**

**উ.** হ্যাঁ, সেইসমত ব্যক্তিবর্গকে সাময়িক সহায়তা দেওয়া যাবে না যারা:

1. আঠারো বছরের কম বয়সী, যারা বিবাহিত নন, একটি শিশুর পরিচর্যা করছেন, কিন্তু তাদের পরিচর্যাধীনে বারো সপ্তাহের কম বয়সী কোনো শিশু নেই, এবং যারা সফলভাবে একটি হাই স্কুল ডিপ্লোমা বা সমতুল্য যোগ্যতা সম্পূর্ণ করেননি বা করার চেষ্টা করছেন না, অথবা আপনার কর্মীর দ্বারা অনুমোদিত একটি বিকল্প কর্মসূচিতে অংশগ্রহণ করছেন না।
2. দুই বা তার বেশি স্টেট থেকে সাময়িক সহায়তা পাওয়ার জন্য তাদের বসবাসের জায়গা সম্পর্কে একটি ভুয়ো বিবৃতি বা বর্ণনা দিয়েছেন বলে যুক্তরাষ্ট্রীয় আদালতে দোষী সাব্যস্ত হয়েছেন। অযোগ্য থাকার সময়কাল দশ বছর।
3. একটি অপরাধ বা অপরাধ করার প্রচেষ্টা করেছেন বলে সেখানকার আইন অনুযায়ী মামলা বা হেফাজত বা কারাবাস এড়াবার জন্য পালিয়ে বেড়াচ্ছেন, যে অপরাধটির জন্য পালিয়ে বেড়াচ্ছেন সেটি সেই জায়গার আইন অনুযায়ী একটি গুরুতর অপরাধ, বা যেটি, স্টেট অফ নিউ জার্সির ক্ষেত্রে, সেই স্টেটের আইন অনুযায়ী একটি গর্হিত অপকর্ম।
4. যুক্তরাষ্ট্রীয় বা স্টেটের আইন অনুযায়ী লাগু হওয়া সত্যতা-প্রমাণীকরণ বা প্যারলের একটি শর্ত লঙঘন করছেন।
5. নির্দিষ্ট যোগ্যতার নিয়মাবলী মেনে চলার ব্যর্থতার কারনে একজন ব্যক্তি বা কর্মসূচির দণ্ডাজ্ঞা দ্বারা শাস্তি পেয়েছেন।

**প্র.** **আমি মার্কিন নাগরিক না হলেও কি সাময়িক সহায়তা পেতে পারি?**

**উ.** আপনি একজন মার্কিন নাগরিক না হলে, সাময়িক সহায়তা পাওয়ার যোগ্যতা লাভ করতে, আপনি যে নিচে তালিকাবদ্ধ বিদেশীর শ্রেনীগুলির একটিতে পড়ছেন তা আপনাকে অবশ্যই প্রমান করতে হবে (কিছু বিদেশী শুধুমাত্র সেফটি নেট অ্যাসিস্টেন্স পেতে পারেন):

1. একজন মার্কিন (U.S.) অ-নাগরিক জনসাধারণ; বা
2. অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act, INA) সেকশন 289 এর অধীনে আমেরিকান ইন্ডিয়ান জাতির অন্তত 50 শতাংশ রক্ত সহ ক্যানাডায় জন্ম একজন আমেরিকান ইন্ডিয়ান; বা
3. ইন্ডিয়ান সেলফ-ডিটার্মিনেশন অ্যান্ড এডুকেশন অ্যাসিস্ট্যান্স অ্যাক্টের (25 U.S.C 450b(e)) ধারা 4(e) এর সংজ্ঞা অনুযায়ী একটি ভারতীয় উপজাতির একজন সদস্য;বা; বা
4. অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act, INA) ধারা 207 এর অনুযায়ী একজন বিদেশীকে শরণার্থী হিসেবে প্রবেশ করতে দেওয়া হয়েছে; বা
5. অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act, INA) ধারা 208 এর অধীনে একজন বিদেশীকে আশ্রয় মঞ্জুর করা হয়েছে; বা

6. 1লা এপ্রিল 1997 এর পূর্বে কার্যকর অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act, INA) ধারা 243(h) এর অধীনে যে বহিরাগতের নির্বাসন মুলতুবি রাখা হয়েছে অথবা অভিবাসন এবং জাতীয়তা আইনের ধারা 241(b)(3) এর অধীনে যার অপসারণ মুলতুবি রাখা হয়েছে; বা
7. একজন কিউবান এবং হাইতিয়ান হিসেবে একজন বিদেশীকে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ্বের অনুমতি দেওয়া হয়েছে; অথবা
8. একজন বিদেশী যিনি একজন আমেরেসিয়ান হিসেবে প্রবেশ করেছেন; বা
9. একজন বিদেশী যিনি একজন মং বা হাইল্যান্ড লাওটিয়ান হিসেবে প্রবেশ করেছেন, স্বামি/স্ত্রী এবং নির্ভরশীল শিশু সহ; বা,
10. একজন বিদেশী যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র সেনাবাহিনীতে সক্রিয় কর্তব্যরত আছেন, অথবা সন্মানের সাথে মুক্তি পাওয়া একজন প্রাক্তন সেনাকর্মী, তাদের স্বামি/স্ত্রী বা নির্ভরশীল সন্তান, বা একজন সক্রিয় কর্তব্যরত সদস্য বা মৃত প্রাক্তন সেনাকর্মীর পুনর্বিবাহ না করা বেঁচে থাকা স্বামি/স্ত্রী এবং অবিবাহিত নির্ভরশীল সন্তান; বা
11. একজন বিদেশী যাকে একজন আইন সঙ্গত স্থায়ী বাসিন্দা হিসেবে প্রবেশ করতে দেওয়া হয়েছে; বা
12. একজন বিদেশী যাকে অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act) ধারা 212(d)(5) অনুযায়ী, অন্তত এক বছর সময়কালের জন্য, মার্কিন যুক্তরাষ্ট্রে শর্তাধীন মুক্তি দেওয়া হয়েছে; বা
13. একজন বিদেশী যাকে অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act) ধারা 203(a)(7), 4/1/1980 এর আগে যেভাবে কার্যকর ছিল, সেই অনুযায়ী শর্তাধীন প্রবেশের অনুমতি দেওয়া হয়েছে; বা
14. একজন বিদেশী যাকে মার্কিন যুক্তরাষ্ট্রে একজন পরিবারের সদস্য মারধোর করেছেন বা চরম নৃশংসতার শিকার হয়েছেন এবং যিনি অন্যান্য নির্দিষ্ট কিছু আবশ্যিকতা পুরণ করেছেন; বা
15. একজন বিদেশী যিনি 2000 সালের পাচার এবং সহিংসতা থেকে সুরক্ষা প্রদানকারী আইনাধীন (Victims of Trafficking and Violence Protection Act of 2000) পাচারের একটি গুরুতর শিকার হওয়া ব্যক্তি; বা
16. উপরে তালিকাবদ্ধ না থাকা একজন বিদেশী যিনি কালার অফ ল অনুযায়ী স্থায়ীভাবে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন (Permanently Residing in the United States Under Color of Law, PRUCOL), যার মধ্যে রয়েছে:
    a. একজন বিদেশী যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে এক বছরের কম সময় বন্দীর শর্তাধীন মুক্তিতে রয়েছেন;
    b. একজন বিদেশী যিনি INA-র ধারা 241(a)(3) অনুযায়ী একটি তত্বাবধানের আদেশ (Order of Supervision) অনুযায়ী মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন;
    c. একজন বিদেশী INA-র ধারা 240A অনুযায়ী যার বহিষ্কার বাতিল মঞ্জুর করা হয়েছে;
    d. একজন বিদেশী পদক্ষেপ নেওয়ার স্থিতি স্থগিত রাখা মঞ্জুর করা হয়েছে, যার ফলে তাদের বহিষ্কার স্থগিত রয়েছে;
    e. একজন বিদেশী যাকে লিগ্যাল ইমিগ্রেশন ফ্যামিলি ইক্যুইটি আইনের (Legal Immigration Family Equity Act, LIFE Act) অধীনে গঠিত “K3” বা “K4” ভিসা মঞ্জুর করা হয়েছে;
    f. একজন বিদেশী যাকে LIFE Act (লাইফ আইন) অনুযায়ী “V” ভিসা স্ট্যাটাস মঞ্জুর করা হয়েছে;
    g. একজন বিদেশী যাকে “S” ভিসা স্ট্যাটাস মঞ্জুর করা হয়েছে;
    h. একজন বিদেশী যাকে একটি “U” ভিসার জন্য অন্তর্বর্তীকালীন ছাড় হিসেবে পদক্ষেপ নেওয়া স্থগিত রাখা মঞ্জুর করা হয়েছে; এবং
    i. একজন বিদেশী যিনি দেখিয়েছেন যে INA-র ধারা 249 অনুযায়ী তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন এবং 1972 সালের 1লা জানুয়ারি থেকে অবিরত সেখানে বসবাস করছেন।

**প্র. নথিপত্র না থাকা একজন বিদেশী আমার পরিবারে থাকলে কী হবে?**

**উ.** যে সমস্ত বিদেশীর মার্কিন যুক্তরাষ্ট্রে আইনসঙ্গত ভাবে বসবাস করার অনুমতি দেওয়া নথিগুলি নেই তারা শুধুমাত্র নির্দিষ্ট ধরনের সুবিধাবলী পাওয়ার যোগ্য। যখন নাগরিক বা বিদেশী যারা আইনত দেশে আছেন নথিপত্র না থাকা বিদেশীদের সাথে একসাথে বসবাস করছেন তখন পরিবারের সমস্ত সদস্যদের আবেদনে অবশ্যই তালিকাবদ্ধ করতে হবে। কোনো ব্যক্তি যিনি আবেদনে একজন নাগরিক বা সন্তোষজনক অভিবাসন স্থিতি থাকা একজন বিদেশী বলে প্রত্যয়নটিতে স্বাক্ষর করেননি তিনি সাময়িক সহায়তা পাবেন না। যদিও, অন্য কোনোভাবে যোগ্য হলে, পরিবারের বাকি সদস্যরা সুবিধাবলী পাওয়ার যোগ্য হতে পারেন। দ্রষ্টব্য: যদি মার্কিন যুক্তরাষ্ট্র নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবা (U.S. Citizenship and Immigration Services, USCIS) একটি চূড়ান্ত সিদ্ধান্ত নেয় যে পরিবারটির একজন সদস্য বেআইনি ভাবে দেশে রয়েছেন (উদাহরণস্বরূপ, যদি USCIS বহিষ্কারের একটি চূড়ান্ত আদেশ জারি করে) এবং সেই ব্যক্তি সুবিধাবলির জন্য আবেদন করলে, আমরা USCIS কে সূচিত করব।

**প্র. আমি যখন প্রশিক্ষণ বা শিক্ষায় অংশগ্রহণ করব তখন কি আমি অতিরিক্ত সহায়তা পাব?**

**উ.** আপনি যদি সাময়িক সহায়তা বং/অথবা ফুড স্ট্যাম্প সুবিধাবলী পান এবং স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের-অনুমোদিত একটি প্রশিক্ষণ বা শিক্ষার কর্মসূচিতে অংশগ্রহণ করেন, তাহলে আপনি প্রশিক্ষণ বা শিক্ষার কর্মসূচি অংশগ্রহণ করা সম্পর্কিত খরচগুলি পরিশোধ করতে অতিরিক্ত সহায়তা পেতে **পারেন**, যেমন:

- শিশু পরিচর্যা
- কাজ-সংক্রান্ত পোশাক পরিচ্ছদ
- টিউশন, বই এবং আনুষঙ্গিক সামগ্রী
- যাতায়াত
- কাজের সরঞ্জাম

**প্র. আমি একটি চাকরি পেলে কী হবে?**

**উ.** আপনি একটি চাকরি পেলে, আপনি কত উপার্জন করছেন তার ওপর নির্ভর করে তবুও আপনি সাময়িক সহায়তা এবং/অথবা ফুড স্ট্যাম্প সুবিধাবলী পেতে পারেন।

আপনার সাথে যদি একটি শিশু বসবাস করে, আপনার উপার্জিত আয়ের একটি বড় অংশ আপনার সাময়িক সহায়তার ক্ষেত্রে গণনা করা হবে না।

যদি আপনি একটি চাকরি পান, এবং পর্যাপ্ত আয় করেন যাতে আপনার আর সাময়িক সহায়তা লাগবে না, তাহলে আপনি নিম্নলিখিত সুবিধাবলী পেতে পারেন:

- এক বছর পর্যন্ত শিশু পরিচর্যা এবং/অথবা চিকিৎসা সহায়তা **(এই বইয়ের বিভাগ E, অবস্থান্তর জনিত সহায়তা দেখুন)**
- ফুড স্ট্যাম্প সুবিধাবলী **(এই বইয়ের বিভাগ D, "ফুড স্ট্যাম্প সুবিধাবলী" দেখুন)**
- উপার্জিত আয়ের ক্রেডিট **(এই বইয়ের বিভাগ H "অন্যান্য সুবিধাবলী" দেখুন)**

**প্র.** **আমি কি এমন একটি খরচের জন্য সহায়তা পেতে পারি যেটি, পরিশোধ না করা হলে, আমার চাকরি চলে যেতে পারে?**

**উ.** আপনি একটি "ডাইভারশন পেমেন্টের" যোগ্য হতে পারেন। এটি এরকম একটি পেমেন্ট যেটি একটি সুনির্দিষ্ট সঙ্কটের পরিস্থিতিতে বা সময় কাজে আসবে যখন একটি পেমেন্ট ব্যক্তিটিকে বা একটি পরিবারকে ক্রমাগত সহায়তার প্রয়োজনীয়তা এড়াতে সক্ষম করে তুলবে। একটি "ডাইভারশন পেমেন্টে"র জন্য যোগ্য হতে আপনাকে অবশ্যই আপনার চাহিদা পূরণ করতে উপলভ্য নিজস্ব আর্থিক সংস্থানহীন হতে হবে। "ডাইভারশন পেমেন্টের" *উদাহরণগুলি* হল, কর্মসংস্থান-সংক্রান্ত যাতায়াত খরচ সহ কর্মসংস্থান-সংক্রান্ত খরচ, অথবা ব্যক্তিটিকে বা পরিবারটিকে স্বাবলম্বী হওয়ার সুযোগ করে দেওয়া একটি বসবাসের বন্দোবস্তে স্থানান্তরের খরচ।

**প্র.** **একটি আবশ্যিক কর্মসংস্থানের কর্মসূচিতে অংশ নিতে আমি রাজি না হলে বা অংশ নিতে ব্যর্থ হলে কী হবে?**

**উ.** আপনি কাজ করতে সক্ষম হলে এবং আপনি ইচ্ছাকৃতভাবে এবং ন্যায্য কারণ ছাড়া, একটি আবশ্যিক কর্মসংস্থানের কর্মসূচিতে অংশ নিতে রাজি না হলে বা অংশ নিতে ব্যর্থ হলে, আপনি সাময়িক সহায়তা, ফুড স্ট্যাম্প সুবিধাবলী, এবং অন্যান্য পরিষেবাগুলি হারাতে পারেন। আপনি সাময়িক সহায়তা, ফুড স্ট্যাম্প সুবিধাবলী, এবং অন্যান্য পরিষেবাগুলি হারাবার আগে, কেন আপনি অংশগ্রহণ করতে ব্যর্থ হয়েছেন বা অংশগ্রহণ করতে রাজি হননি তা আলোচনা করার জন্য আপনাকে একটি মিটিংয়ের প্রস্তাব দেওয়া হতে পারে, যাকে বলা হয় একটি কনসিলিয়েশন কনফারেন্স বা এজেন্সি কনফারেন্স।

অংশগ্রহণ করতে ব্যর্থ হওয়ার বা রাজি না হওয়ার আপনার ন্যায্য কারণ থাকলে আপনি সাময়িক সহায়তা, ফুড স্ট্যাম্প সুবিধাবলী, এবং অন্যান্য পরিষেবাগুলি হারাবেন না। স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের আবশ্যিকতা অনুযায়ী একটি কর্মসংস্থানের কর্মসূচিতে অংশগ্রহণ না করার আপনার ন্যায্য কারণের দাবির সমর্থনে আপনাকে নথি প্রদান করতে বলা হতে পারে। আপনার একটি ন্যায্য শুনানিরও অধিকার আছে। কীভাবে একটি ন্যায্য শুনানির অনুরোধ করবেন তার জন্য, **বুক 1 (LDSS-4148A) "আপনার অধিকার এবং দায়িত্বসমূহ সম্পর্কে আপনাকে কী জানতে হবে" দেখুন।**

**প্র.** **আমার সাথে থাকা প্রত্যেককে কি সাময়িক সহায়তার জন্য আবেদন করতে হবে?**

**উ.** আপনি যখন সাময়িক সয়ায়তার জন্য আবেদন করবেন তখন আপনার সাথে থাকা সমস্ত শিশুকে(18 বছরের কম বয়সী) অবশ্যই আবেদন করতে হবে। আপনার পরিবারে থাকা অন্য কেউ আপনার শিশুদের, রক্তের সম্পর্কযুক্ত বা দত্তক নেওয়া একজন বাবা-মা হন বা রক্তের সম্পর্কযুক্ত বা দত্তক নেওয়া ভাই বা বোন হন (18 বছরের কম বয়সী), তাদেরও অবশ্যই আবেদন করতে হবে এবং তাদের আয় এবং সংস্থান সাময়িক সহায়তা পরিবারের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এটিকে বলা হয় ফাইলিং ইউনিট নিয়ম। উপরন্তু, একজন বাবা-মা তার সাথে বসবাসকারী তার শিশুদের জন্য আবেদন না করে সাময়িক সহায়তার জন্য আবেদন করতে পারবেন না।

**প্র.** **আমার শিশু সোশ্যাল সিকিউরিটি বেনিফিটগুলি পেলে কী হবে?**

**উ.** যদি আপনার পরিবারের কোনো শিশুর সোশ্যাল সিকিউরিটি বেনিফিটগুলি থাকে বা আবেদন করতেই হয়, এবং আপনি এই শিশুদের জন্য সাময়িক সহায়তার জন্য আবেদন করলে, আপনাকে নিম্নলিখিতগুলি জানতে হবে:

কংগ্রেস এবং সোশ্যাল সিকিউরিটি প্রশাসন আপনার ক্ষেত্রে আপনার তত্ত্বাবধানে থাকা একটি শিশুর সোশ্যাল সিকিউরিটি বেনিফিটগুলি সেই শিশুটির বাবা-মা এবং ভাই-বোনদের জন্য খরচ করাকে আইনসঙ্গত বলে মনে করেছেন যদি তারা সাময়িক সহায়তার সুবিধাবলীর জন্য আবেদন করতে চান বা সেটি পান। অর্থাৎ এই যে সোশ্যাল সিকিউরিটি বেনিফিটগুলি ফাইলিং ইউনিটে আয় হিসেবে গণনা করা হবে এবং শিশুটির প্রাথমিক চাহিদাগুলি পূরণের সাথে সাথে, খাদ্য এবং বাসস্থানের মতো প্রাথমিক পারিবারিক খরচের জন্য ব্যবহার করা যাবে।

**প্র.** **আমি যোগ্য বিবেচিত হলে, আমি আমার সাময়িক সহায়তার সুবিধাবলী কীভাবে অ্যাক্সেস করব?**

**উ.** আপনি "EBT ফুড স্ট্যাম্প এবং/অথবা নগদ সুবিধাবলী পাওয়ার জন্য কীভাবে আপনার সুবিধার কার্ড ব্যবহার করবেন" নামাঙ্কিত একটি তথ্য পুস্তিকা পাবেন।

- অংশগ্রহণকারী রিটেলার বা QUEST (কোয়েস্ট) লোগো ডিসপ্লে করা অটোমেটিক টেলার মেশিন (Automatic Teller Machines, ATM) গুলি থেকেই আপনাকে নগদ সহায়তাগুলি অ্যাক্সেস করতে হবে। একটি নন-সারচার্জিং অংশগ্রহণকারী রিটেলারের অবস্থান, বা সারচার্জ না থাকা ATM খুঁজে বের করতে, টোল ফ্রি নম্বর **1-800-289-6739**-এ ফোন করুন।
- আপনি আপনার কমন বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ড (Common Benefit Identification Card, CBIC) এবং পার্সোনাল আইডেন্টিফিকেশন নাম্বার (Personal Identification Number, PIN) ব্যবহার করবেন।
- আপনার নিয়মিত মাসিক অনুদান প্রতি মাসে দুটি সুবিধাতে বিভক্ত করা হবে (25.00 ডলারের বেশি হলে)।
- আপনার প্রতিটি নগদ অনুদানের উপলভ্যতার তারিখগুলি আপনাকে জানানোর জন্য আপনাকে একটি ফর্ম দেওয়া হবে।
- সুবিধাবলী সারা মাস জুড়ে ব্যবহার করা যাবে। অব্যবহৃত সুবিধাবলী আপনার নগদ সুবিধার অ্যাকাউন্টে এক মাস থেকে অন্য মাসে জের টানা হবে।
- টানা 90 দিন ধরে আপনার নগদ অ্যাকাউন্ট অ্যাক্সেস না করা হলে, অ্যাকাউন্টে থাকা অন্তত 90 দিনের পুরনো যে কনো নগদ সহায়তা অপসারণ করা হবে (মুছে ফেলা হবে) এবং এজেন্সিকে ফেরত দিয়ে দেওয়া হবে। আপনি আপনার কর্মীকে, আপনি পাওয়ার যোগ্য এমন কোনো মুছে ফেলা নগদ সহায়তা পুনরায় ইস্যু করতে বলতে পারেন।
- যে কোনো ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) লেনদেনের পরে আপনার রসিদটি পরীক্ষা করে নেওয়ার কথাটি মনে রাখবেন।

**প্র.** **আমি কত দিন ধরে সাময়িক সহায়তা পেতে পারি তার কি কোনো সীমা আছে?**

**উ.** নিউ ইয়র্ক স্টেটে সাময়িক সহায়তার ওপরে দুটি সময় সীমা আছে।

1. **স্টেট ষাট-মাসের সময়সীমা -** নিউ ইয়র্ক স্টেটে এই সময় সীমা নিম্নলিখিত সাময়িক সহায়তার কর্মসূচিগুলিকে অন্তর্ভুক্ত করে

- ডিসেম্বর 1996 থেকে নির্ভরশীল শিশু থাকা পরিবারগুলিকে সহায়তা (Aid to Families with Dependent Children, AFDC), পারিবারিক সহায়তা (Family Assistance, FA), সেফটি নেট অ্যাসিস্টেন্স (Safety Net Assistance,SNA), শিশু সহায়তা কর্মসূচি (Child Assistance Program, CAP) এবং শরণার্থী নগদ সহায়তা (Refugee Cash Assistance, RCA) কর্মসূচিগুলির অধীনে পাওয়া নগদ সুবিধাবলী।
- যুক্তরাষ্ট্রীয় অভাবী পরিবারগুলির জন্য সাময়িক সহায়তা (Temporary Assistance for Needy Families, TANF) কর্মসূচির অধীনে অন্যান্য স্টেটগুলি থেকে সাময়িক সহায়তার সুবিধাবলী।
- যে সমস্ত পরিবারে এমন কোনো প্রাপ্তবয়স্ক আছেন যার উপাদানের অপব্যবহার চিকিৎসা কর্মসূচিতে অংশগ্রহণ করা আবশ্যক, সেই পরিবারগুলির পাওপ্যা অ-নগদ সেফটি নেট সুবিধাবলী।

2. **চব্বিশ মাসের নগদ সেফটি নেট সময় সীমা -** এই সময়সীমা আগস্ট 1997 থেকে পাওয়া সমস্ত নগদ সেফটি নেট অ্যাসিস্টেন্স পেমেন্টগুলিকে অন্তর্ভুক্ত করে।

**দ্রষ্টব্য**: একবার আপনি 24-মাসের সময় সীমায় পৌঁছে গেলে আপনি শুধুমাত্র অ-নগদ সুবিধাবলীর জন্য যোগ্য হবেন।

**দ্রষ্টব্য**: অন্যান্য স্টেটে পাওয়া TANF সহায়তা ডিসেম্বর 1996 এর আগের সময়কালকে অন্তর্ভুক্ত করতে পারে।

**দ্রষ্টব্য**: আপনি HIV পজিটিভ হলে বা আপনার যদি এমন কোনো অক্ষমতা থাকে যার জন্য আপনি কাজ করতে পারছেন না, তাহলে আপনি সময় সীমাগুলি থেকে ছাড় পাবেন।

**দ্রষ্টব্য**: সাময়িক সহায়তার সময়সীমা আপনার ফুড স্ট্যাম্প সুবিধাবলী বা চিকিৎসা সহায়তাকে প্রভাবিত করবে না।

**প্র. আমার মনে হয় আমি গার্হস্থ্য সহিংসতার শিকার। এই এজেন্সিটি আমাকে কীভাবে সহায়তা করতে পারবে?**

**উ.** সাময়িক সহায়তার জন্য যোগ্যতা লাভ করতে আপনাকে অবশ্যই নির্দিষ্ট কিছু আবশ্যিকতা পূরণ করতে হবে। যদিও, যদি আপনি গার্হস্থ্য সহিংসতার শিকার হন এবং মনে করেন যে সাময়িক সহায়তার এক বা একাধিক আবশ্যিকতা পূরণ করা আপনাকে বা আপনার শিশুদের আরো ক্ষতির ঝুঁকিতে ফেলবে, তাহলে ক্ষতির ঝুঁকিটির সমাধান করতে আপনি একজন গার্হস্থ্য সহিংসতার জন্য যোগাযোগকারী ব্যক্তির (লিয়াজো) সাথে সাক্ষাতের অনুরোধ করতে পারেন। প্রয়োজন হলে কিছু আবশ্যিকতা মুকুব করা হতে পারে। আপনার ইন্টারভিউয়ের সময় আপনার সাময়িক সহায়তা কর্মী আপনাকে আরো তথ্য দিতে পারবেন।

উপরন্তু, জরুরী আশ্রয়, সহায়ক গোষ্ঠী এবং কাউন্সেলিংয়ের সম্পর্কে তথ্যের জন্য আপনি 24-ঘন্টার হটলাইনে কল করতে পারেন। এই পরিষেবাগুলি আপনাকে এবং আপনার শিশুদের নিরাপদ রাখতে সহায়তা করবে।

আপনার স্থানীয় গার্হস্থ্য সহিংসতা পরিষেবা সরবরাহকারীর তথ্য এবং রেফারেলগুলির জন্য আপনি নিম্নলিখিত নম্বরগুলিতে ফোন করতে পারেন, টোল ফ্রী, দিনের 24 ঘণ্টা উপলভ্য:

**নিউ ইয়র্ক সিটিতে** ফোন করুন **1-800-621-HOPE (1-800-621-4673)**

**নিউ ইয়র্ক স্টেটের অন্য যে কোনো অঞ্চলে** NYS গার্হস্থ্য সহিংসতার হটলাইন **1-800-942-6906** নম্বরে ফোন করুন

(**স্পেনীয়তে যারা কথা বলেন 1-800-942-6908** টোল ফ্রী নম্বরে ফোন করুন)।

একজন পরিষেবা কেসকর্মীও আপনাকে এই তথ্য সরবরাহ করার বন্দোবস্ত করতে পারবেন।

**প্র. একজন বিদেশী হিসেবে আইনসঙ্গত ভাবে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করলে, আমার স্পন্সরের আয় এবং সংস্থান কীভাবে আমার যোগ্যতা এবং অনুদানকে প্রভাবিত করবে?**

**উ**. ডিসেম্বর 1997 এর পরে সহায়তার একটি হলফনামায় স্বাক্ষর করা স্পন্সরের আয় এবং সংস্থান, পারিবারিক সহায়তার জন্য আপনার যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে আপনার জন্য উপলভ্য হিসেবে ধরা হবে। আপনি যোগ্য হলে, শুধুমাত্র স্পন্সরের অবদান রাখা প্রকৃত অর্থরাশিটি আপনার সাময়িক সহায়তার সুবিধা গণনার ক্ষেত্রে বিবেচনা করা হবে। যদিও, যুক্তরাষ্ট্রীয় স্পন্সরশীপ চুক্তি অনুযায়ী, স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ স্পন্সরের থেকে পরিশোধের অনুরোধ এবং অন্বেষণ করবে। স্পন্সরের দায়বদ্ধতা সম্পর্কিত এই তথ্য যুক্তরাষ্ট্রীয় প্রশাসনের সাথে শেয়ার করা হবে।

**প্র. আমার পরিবারে থাকা কারোর সংস্থান সাময়িক সহায়তার যোগ্যতা নির্ণয়ে গণনা না করা হয়ে থাকলে কী হবে?**

**উ.** সংস্থানগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, , ভূসম্পত্তি, ব্যক্তিগত সম্পত্তি, ক্যাশ এবং ব্যাংক অ্যাকাউন্ট, বিমা পলিসি, ট্রাস্ট ফান্ড, অটোমোবাইল, ইত্যাদি। TA-র জন্য একটি পরিবারের সংস্থানের সীমা 2,000.00 ডলার। যদি পরিবারে প্রতিবন্ধকতা যুক্ত, অথবা 60 বছর বা তার বেশী বয়সী একজন সদস্য থাকেন, তাহলে সংস্থানের সীমা 3,000.00 ডলার।

উপার্জিত ইনকাম ট্যাক্স ক্রেডিট (Earned Income Tax Credit, EITC) পেমেন্ট, আন্ডারগ্র্যাজুয়েট শিক্ষামূলক অনুদান এবং ঋণ, একটি প্রথম বা পরিবর্ত যান কেনার জন্য ব্যাংক অ্যাকাউন্ট, সাপ্লিমেন্টারি সিকিউরিটি ইনকাম থেকে কর্মসংস্থান এবং সঞ্চয় পাওয়া বা বজায় রাখার মতো কিছু সংস্থান হল ছাড়প্রাপ্ত সংস্থান। এই ফান্দগুলিকে অন্যান্য ফান্ডের থেকে আলাদা অ্যাকাউন্টে রাখতে হবে। সেগুলিকে আলাদা না রাখা হলে সেগুলি আপনার পরিবারের সংস্থানের সীমার ক্ষেত্রে গণনা করে নেওয়া হতে পারে।

উদাহরণস্বরূপ, আপনার পরিবারের কেউ সাপ্লিমেন্টার সিকিউরিটি ইনকাম (Supplemental Security Income, SSI) পেলে সেই SSI এর অর্থরাশিটি ডিপোজিট করার জন্য তাদের আলাদা অ্যাকাউন্ট থাকতে হবে, সেই SSI অর্থরাশিটি সংস্থানের সীমার ক্ষেত্রে গণনা করা হবে না।

**প্র. আমি নিয়মিত পাই কিন্তু প্রতি মাসে পাই না, আমার এমন কোনো আয় থাকলে কী হবে? (উদাহরণস্বরূপ, বছরে শুধুমাত্র একবার পাওয়া আয়)?**

**উ.** আপনার যদি উপার্জিত বা অনুপার্জিত আয় থাকে যা একটি নির্দিষ্ট সময় অন্তর পান তাহলে পরবর্তী পেমেন্টটি না পাওয়া পর্যন্ত আপনাকে সেই আয়টিকে প্রতি মাসের জন্য সমান অর্থরাশিতে ধরতে হবে।

উদাহরণস্বরূপ, আপনি 1,200.00 ডলারের একটি বার্ষিক বৃত্তি বা অ্যানুউটি (বছরে একবার পাওয়া পেমেন্ট) পেলে, আপনাকে 12 মাসের জন্য প্রতি মাসে 100.00 ডলার করে ধরতে হবে। আপনার মাসিক সাময়িক সহায়তার অনুদানের জন্য আপনার কর্মীও প্রতি মাসে 100.00 ডলার করে ধরবেন।

# বিভাগ B চিকিৎসা সহায়তা

**প্র. চিকিৎসা সহায়তা কী ( Medicaid নামেও পরিচিত)?**

**উ.** যে সমস্ত ব্যক্তি তাদের চিকিৎসা পরিচর্যার জন্য অর্থ পরিশোধ করতে পারেন না তাদের সহায়তা করার জন্যই চিকিৎসা সহায়তা।

- Medicaid, শিশু এবং প্রাপ্তবয়স্ক এবং যাদের সংস্থান একটি নির্দিষ্টি পর্যায়ের কম তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদান করে।
- 19 থেকে 64 বছর বয়সী যে সমস্ত ব্যক্তির Medicaid এর জন্য যোগ্য হওয়ার ক্ষেত্রে আয় খুব বেশি ফ্যামিলি হেলথ প্লাস (Family Health Plus) তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদান করে।
- পরিবার পরিকল্পনা সুবিধা কর্মসূচি (Family Planning Benefit Program), গর্ভধারণ করার বয়সী যে সমস্ত ব্যক্তির আয় নির্দিষ্ট স্তরের কম তাদের পরিবার পরিকল্পনা পরিষেবা, নির্দিষ্টি কিছু স্বাস্থ্য সংক্রান্ত শিক্ষা এবং সংশ্লিষ্ট চিকিৎসা পরিচর্যা প্রদান করে। (চিকিৎসা সহায়তার এই বিভাগের পরের দিকে "**চিকিৎসা সহায়তা কি আমাকে পরিবার পরিকল্পনা পরিষেবা পেতে সহায়তা করবে?**" এর প্রশ্নোত্তর দেখুন।)
- প্রতিবন্ধকতা যুক্ত কর্মরত ব্যক্তিবর্গের জন্য Medicaid বাই-ইন কর্মসূচি (The Medicaid Buy-In program for Working People with Disabilities, MBI-WPD)- যে সমস্ত প্রতিবন্ধকতা যুক্ত ব্যক্তি কাজ করছেন, এবং স্বাভাবিক Medicaid এর জন্য অনুমোদিত সীমার বেশি আয় করছেন, Medicaid এর মাধ্যমে তাদের স্বাস্থ্য পরিচর্যার কভারেজ রাখার সুযোগ দেয়।

**প্র. কে বা কারা Medicaidপাবেন?**

**উ.** Yআপনি চিকিৎসা সহায়তা পেতে পারেন যদি আপনি:

- আয়, সংস্থান, বয়স, প্রতিবন্ধকতা বা অন্যান্য আবশ্যিকতাগুলি পূরণ করেন।
- সাধারণত, সাময়িক সহায়তা (Temporary Assistance) বা সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (Supplemental Security Income (SSI) এর জন্য যোগ্য হন।

**প্র. আমি কীভাবে Medicaid এর জন্য আবেদন করব?**

**উ.** আপনাকে অবশ্যই একটি আবেদন পুরণ করতে হবে এবং Medicaid বক্সে টিক দিতে হবে।

- সাময়িক সহায়তার জন্য একতি আবেদন Medicaid এর জন্য একটি আবেদন নয়। সাময়িক সহায়তা পাওয়া ব্যক্তিবর্গ আপনা আপনি চিকিৎসা সহায়তা পাবেন না। আপনি Medicaid এবং সাময়িক সহায়তা উভয়ই চাইলে, **আবেদনে আপনাকে অবশ্যই উভয় বক্সেই টিক দিতে হবে।**
- আপনি যখন সাপ্লিমেন্টারি সিকিউরিটি ইনকাম(SSI) পাচ্ছেন, তখন আপনাকে আলাদাভাবে Medicaid এর জন্য আবেদন করতে হবে না। আপনি SSI পাওয়ার আগে চিকিৎসা সহায়তা চাইলে, আপনাকে অবশ্যই আবেদন করতে হবে।
- আপনি শুধুমাত্র পরিবার পরিকল্পনা পরিষেবাগুলির জন্য আবেদন করতে চাইলে, আপনি একজন Medicaid-এ নথিভুক্ত পরিবার পরিকল্পনা পরিষেবা সরবরাহকারীর কাছে আবেদন করতে পারেন-যাদের আবেদন গ্রহন করার জন্য স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের সাথে একটি চুক্তি আছে। আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাহ আপনাকে এই কেন্দ্রগুলির একটি তালিকা দিতে পারবে, অথবা আপনি টোল ফ্রী **1-800-541-2831** নম্বরে ফোন করতে পারেন।

আপনি Medicaid এর জন্য আবেদন করতে চাইলে, আপনাকে অবশ্যই নিম্নলিখিতগুলির মধ্যে একটি করতে হবে:

- আপনি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করলে, কীভাবে এবং কোথায় আবেদন করবেন সে সম্পর্কিত তথ্যের জন্য মানব সম্পদ প্রশাসনের ইনফো লাইন **(718) 557-1399** এর ফোন করুন অথবা **টোল ফ্রী 1-877-472-8411** নম্বরে ফোন করুন।
- আপনি নিউ ইয়র্ক সিটি বাইরে বসবাস করলে, আপনি যে কাউন্টিতে বসবাস করেন সেখানকার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে ফোন করুন বা যান এবং একটি আবেদনের প্যাকেজ চান।
- আপনি নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য কার্যালয় (New York State Office of Mental Health) বা মানসিক প্রতিবন্ধকতা এবং বিকাশগত অক্ষমতা কার্যালয়ের (Office of Mental Retardation and Developmental Disabilities) বসবাসের বন্দোবস্তে থাকা একজন আবাসিক হলে, কেন্দ্রটির ধরনের পরে তালিকাবদ্ধ কার্যালয়টিতে যোগাযোগ করুন:
  - নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য কার্যালয় কেন্দ্র - রোগীর সংস্থানের কার্যালয়; অথবা
  - নিউ ইয়র্ক স্টেট মানসিক প্রতিবন্ধকতা এবং বিকাশগত অক্ষমতা কার্যালয়ের কেন্দ্র - আয়ের সহায়তার ফিল্ড অফিস
- আপনি একজন গর্ভবতী হলে বা ছোটো শিশুর জন্য আবেদন করলে, টোল ফ্রী **1-800-522-5006** নম্বরে ফোন করুন।
- Medicaid এর জন্য আবেদন সংক্রান্ত অতিরিক্ত তথ্য ইন্টারনেটে এখানে উপলভ্য: **www.nyhealth.gov** এবং Medicaid-এ ক্লিক করুন।

সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে নথিভুক্তি সহায়তাকারীরা আছেন যারা আপনাকে Medicaid এর জন্য আবেদন করতে সহায়তা করবেন। আপনার নিকটবর্তী সংস্থার নামের জন্য, টোল ফ্রী **1-800-698-4543** বা টোল ফ্রী **1-877-934-7587** নম্বরে ফোন করুন।

**প্র. Medicaid কীভাবে আমাকে সহায়তা করবে?**

**উ.** Medicaid এগুলি পরিশোধ করার জন্য আপনাকে সহায়তা করবে:

- স্বাস্থ্য বিমার প্রিমিয়াম
- হসপিটাল অন্তর্বিভাগ এবং বহির্বিভাগ পরিষেবা
- বাড়িতে স্বাস্থ্য পরিচর্যা
- ল্যাবরেটরি এবং X-ray পরিষেবা
- নার্সিং হোমে পরিচর্যা
- চিকিৎসা এবং প্রতিরোধক স্বাস্থ্য এবং ডেন্টাল কেয়ার (ডাক্তার এবং ডেন্টিস্ট)
- পরিবার পরিকল্পনা পরিষেবা
- মনোরোগ-সংক্রান্ত হসপিটাল (21 বছরের কম বয়সী, বা 65 বা তার বেশি বয়সী), মানসিক স্বাস্থ্য কেন্দ্র, এবং মানসিক প্রতিবন্ধকতা এবং বিকাশগত অক্ষমতা কেন্দ্রে চিকিৎসা
- ওষুধ এবং আনুষঙ্গিক সামগ্রী
- ক্লিনিক পরিষেবা
- একটি হসপিটালে নিয়ে যাওয়ার জন্য জরুরি অ্যামবুলেন্স
- অন্যান্য স্বাস্থ্য পরিষেবা

Medicaid আপনাকে নিম্নলিখিতগুলি পরিশোধ করতেও সহায়তা করতে পারে, কিন্তু আপনি বা পরিষেবা প্রদানকারী ব্যক্তি/কেন্দ্রটিকে অবশ্যই পরিষেবাটি **আগেভাগে অনুমোদন (অগ্রীম অনুমোদন)** করাতে হবে:

- চিকিৎসা সংক্রান্ত অ্যাপয়েন্টমেন্টগুলির জন্য, বাস টোকেন এবং গাড়ির মাইলেজ সহ, যাতায়াতের বন্দোবস্ত।
- ব্যক্তিগত পরিচর্যা
- বেসরকারি দায়িত্বে নার্সিং
- নির্দিষ্ট কিছু ডেন্টাল কেয়ার
- দীর্ঘস্থায়ী চিকিৎসা সংক্রান্ত সরঞ্জাম (হুইলচেয়ার, অর্থোপেডিক জুতো, ইত্যাদি)
- বাড়িতে স্বাস্থ্য পরিচর্যা কর্মসূচি (Home Health Care Program**, LTHHCP)-**র অধীনে বাড়িতে দীর্ঘকালীন স্বাস্থ্য পরিচর্যা। এটি হল বাড়িতে পরিচর্যা যা 90 দিনের বেশি বাড়িতে পরিচর্যা প্রয়োজন এবং নার্সিং এবং থেরাপি পরিষেবা প্রয়োজন এমন ব্যক্তিবর্গের জন্য একেবারে নার্সিং হোমের পরিচর্যার মতোই। (এই কর্মসূচিটি সমস্ত স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে উপলভ্য নয়)।
- বিশেষ কর্মসূচিগুলিতে বাড়ি এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবাসমূহ যা আপনাকে বাড়িতে থাকতে সহায়তা করে তাই আপনার একটি নার্সিং হোমে যাওয়ার প্রয়োজন হয় না।

আপনি গর্ভবতী হলে বা আপনার একটি সন্তান থাকলে, নিম্নলিখিত কর্মসূচিগুলি আপনাকে সহায়তা করতে পারবে:

- **অভিভাবকীয় পরিচর্যা সহায়তা কর্মসুচি (Prenatal Care Assistance Program, PCAP)** আপনি গর্ভবতী হলে, **অভিভাবকীয় পরিচর্যা সহায়তা কর্মসুচি** একটি সুস্থ শিশুর জন্ম দেওয়ার জন্য আপনাকে প্রয়োজনীয় পরিচর্যা পেতে সহায়তা করতে পারে। আপনার আয় অনেক বেশি থাকলেও আপনি অভিভাবকীয় পরিচর্যা সহায়তা কর্মসুচি (Prenatal Care Assistance Program, PCAP) থেকে পরিচর্যা পেতে পারেন**।** আপনার থাকা সংস্থানের পরিমাণের ওপর কোনো সীমা নেই। আপনার অভিভাবকীয় পরিচর্যা সহায়তা কর্মসুচির প্রথম ভিজিটে, একজন কর্মী আপনাকে চিকিৎসা সহায়তার জন্য আবেদন করতে সহায়তা করবেন। এই কর্মসূচিটি সম্পর্কে আরো তথ্যের জন্য, হেলদি বেবি হটলাইনের **1-800-522-5006** নম্বরে ফোন করুন।
- **WIC** - আপনি **WIC** (নারি, সদ্যজাত এবং শিশুদের জন্য বিশেষ সম্পূওক খাদ্যের কর্মসূচি/ Special Supplemental Food Program for Women, Infants and Children)ও পেতে পারেন –**WIC** কর্মসূচি পুষ্টি এবং স্বাস্থ্যকর খাবার খাওয়ার গুরুত্ব সম্পর্কে সহায়ক তথ্য প্রদান করে। **WIC** কর্মসূচি চেকগুলি প্রদান করে যা অংশগ্রহণকারী দোকানগুলিতে ইনফ্যান্ট ফর্মুলা, দুধ, জুস, ডিম, চীজ, ডাল, বাদামের মাখন, শুকনো কড়াইশুতি এবং বিনের বিনিময়ে ভাঙানো যায়।

WIC কর্মসূচি এবং কোথায় আপনি আবেদন করতে পারবেন সে সম্পর্কে আরো তথ্যের জন্য, **1-800-522-5006** নম্বরে ফোন করুন।

- **পরিচালিত পরিচর্যা (Managed Care) পরিকল্পনাসমূহ (Plans)**ও আপনাকে এমন একজন ডাক্তার খুঁজে পেতে সহায়তা করবে যিনি আপনাকে অভিভাবকীয় পরিচর্যা প্রদান করতে পারবেন এবং আপনার গর্ভাবস্থার পরেও ফলো-আপ এর জন্য আপনাকে চেকআপ করা অব্যাহত রাখবেন। পরিচালিত পরিচর্যা কর্মসূচিগুলি (Managed Care Programs) শিশু এবং কিশোরদের জন্য শিশু/কিশোর হেলথ প্ল্যান পরিষেবাও প্রদান করে।

**শিশুদের জন্য শিশু/কিশোর হেলথ প্ল্যান**

সমস্ত শিশুর একটি "মেডিকেল হোম" প্রয়োজন। একটি মেডিকেল হোম হল ডাক্তার, নার্স, চিকিৎসকের সহকারী বা স্বাস্থ্য পরিচর্যার টিম যারা আপনার শিশু একটি সদ্যাজত থেকে বালক, একজন স্কুলে যাওয়ায় উপযোগী বাচ্চায় বেড়ে উঠতে ও বিকাশ লাভ করতে, এবং তার সমস্ত শৈশব এবং কিশোর জুড়ে তার স্বাস্থ্য পরিচর্যার ওপর খেয়াল রাখে। একটি মেডিকেল হোম হল এমন একতি জায়গা যেখানে আপনি সবসময় চেক আপের জন্য বা আপনার সন্তান অসুস্থ হলে তাকে নিয়ে আসেন। এবং একটি মেডিকেল হোম হল এমন একটি জায়গা যেখানে আপনি আপনার সন্তানের স্বাস্থ্য এবং বিকাশ সম্পর্কে প্রশ্ন এবং সমস্যাগুলির জন্য যান।

**শিশু/কিশোর হেলথ প্ল্যান -** শিশু/কিশোর হেলথ প্ল্যান আপনাকে একটি "মেডিকেল হোম" খুঁজে পেতে সহায়তা করে। এটি হল শিশু এবং কিশোররা যে সুস্থ আছে এবং তাদের বৃদ্ধি সঠিক হচ্ছে তা সুনিশ্চিত করতে তাদের প্রয়োজনীয় প্রতিরোধক পরিচর্যা (চেকআপ), চিকিৎসা সংক্রান্ত পরীক্ষা নীরিক্ষা এবং ফলো-আপ পরিচর্যার একটি উপায়।

**শিশু/কিশোর হেলথ প্ল্যান** চিকিৎসা সহায়তা থাকা শিশুদের জন্য জন্ম নেওয়া থেকে 21 বছর বয়সীদের জন্য। এটি বিনামূল্যের।

**শিশু/কিশোর হেলথ প্ল্যান** আপনার শিশুদের দেয়:

- সম্পূর্ণ চিকিৎসা সংক্রান্ত পরীক্ষা নীরিক্ষা
- আপনার শিশু যে বেড়ে উঠছে এবং তার যে বিকাশ হচ্ছে এবং তারআন্দাজে সঠিক জিনিসটি করছে তা দেখার জন্য পরীক্ষা
- রক্তে সীসার স্তর পরীক্ষা
- শ্রবণ, ল্যাব, এবং চক্ষু পরীক্ষা
- তাদের প্রয়োজন হতে পারে এমন যে কো্নো ইঞ্জেকশন
- দাঁতের পরিচর্যা
- একটি পরীক্ষার সময় নির্ণীত হওয়া একটি ওসুখের জন্য প্রয়োজনীয় চিকিৎসা, যেমন অ্যাস্থমা, সিস্টিক ফাইব্রোসিস, ডায়াবেটিস, সিকেল সেল অ্যানিমিয়া এবং দেখার বা শোনার সমস্যা।

এই কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য, অথবা আপনার শিশুর জন্য একজন ডাক্তার খুঁজে পেতে সহায়তার জন্য, আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের **শিশু/কিশোর হেলথ প্ল্যান পরিষেবার** কোঅর্ডিনেটরকে জিজ্ঞাসা করুন।

**প্র.** **আমি বাসা বদল করে একটি নতুন কাউন্টিতে গেলে, মেডিকেল/ফ্যামিলি হেলথ প্লাস (Medical/FHPlus) পেতে কি আমাকে আবার আবেদন করতে হবে?**

উ. না। আপনি অন্যত্র চলে গেলে, আপনাকে আপনার নতুন ঠিকানাটি অবশ্যই আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে জানাতে হবে। যদি না আপনার যোগ্যতাকে প্রভাবিত করা আপনার অন্য কোনো পরিস্থিতির কোনো পরিবর্তন হয়। আপনার Medicaid কেসটি আপনার বসবাসের নতুন কাউন্টিতে স্থানান্তরিত করা হবে।

**প্র.** **Medicaid কি আমাকে পরিবার পরিকল্পনা পরিষেবাগুলি পেতে সহায়তা করবে?**

**উ.** হ্যাঁ আপনি যদি সন্তানের জন্ম দেওয়ার বয়সী হন এবং চিকিৎসা সহায়তা এবং ফ্যামিলি হেলথ প্লাস পাওয়ার যোগ্য হন, তাহলে পরিবার পরিকল্পনা পরিষেবাগুলি অন্তর্ভুক্ত। আপনাকে যদি চিকিৎসা সহায়তা এবং/অথবা ফ্যামিলি হেলথ প্লাস দেওয়া প্রত্যাখান করা হয় বা দেওয়া বন্ধ করে দেওয়া হয়, তাও আপনি পরিবার পরিকল্পনা সুবিধা কর্মসূচির জন্য যোগ্য হতে পারেন কারণ আয়ের স্তরটি উচ্চ এবং কোনো সংস্থানের সীমা নেই। চিকিৎসা সহায়তা এবং/অথবা ফ্যামিলি হেলথ প্লাস এর জন্য আবেদন না করে, আপনি শুধুমাত্র পরিবার পরিকল্পনা সুবিধা কর্মসূচির জন্যও আবেদন করতে পারেন।

**পরিবার পরিকল্পনা সুবিধা কর্মসূচি (The Family Planning Benefit Program, FPBP)** শিশুর জন্ম দেওয়ার বয়সী যোগ্য ব্যক্তিবর্গকে তাদের আয়ের ওপর ভিত্তি করে পরিবার পরিকল্পনা পরিষেবার জন্য চিকিৎসা সহায়তার কভারেজ প্রদান করে। আবেদনের প্রক্রিয়া এবং প্রদত্ত পরিষেবা উভয়ই গোপনীয়।

আপনি যোগ্য হলে, সমস্ত চিকিৎসা সহায়তায় নথিভুক্ত পরিবার পরিকল্পনা সরবরাহকারীদের থেকে আপনার পরিবার পরিকল্পনা পরিষেবাসমূহে অ্যাক্সেস থাকবে। এই পরিষেবাগুলি অন্তর্ভুক্ত করে: সমস্ত FDA অনুমোদিত জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি, ডিভাইস, এবং সামগ্রী, প্রজনন সংক্রান্ত ব্যাপক স্বাস্থ্যের ইতিহাস এবং শারীরিক/স্ত্রীরোগ সংক্রান্ত (গাইনোকোলজিক্যাল) পরীক্ষা নীরিক্ষা, পুরুষ এবং নারীর নির্বীজন, গর্ভাবস্থা পরীক্ষা এবং পরামর্শ এবং কুসংস্কার সম্পর্কিত কাউন্সেলিং। আপনি যোগ্য হলে, আপনি যে মাসে আবেদন করেছেন সেই মাসের এক তারিখ থেকে আপনার কভারেজ আরম্ভ হবে।

বেশিরভাগ স্থানীয় কাউন্টি স্বাস্থ্য দপ্তর, সরকারিভাবে-সহায়তাপ্রাপ্ত পরিবার পরিকল্পনা ক্লিনিক, এবং অভিভাবকীয় পরিচর্যা সহায়তা কর্মসূচি (Prenatal Care Assistance Program) সরবরাহকারীরা (Medicaid নথিভুক্ত পরিবার পরিকল্পনা পরিষেবা সরবরাহকারীরা) আপনাকে আবেদনতি সম্পূর্ন করতে এবং প্রয়োজনীয় নথি পেতে সহায়তা করতে পারে। যোগ্যতার পরিস্থিতি পরিবর্তিত না হলে পরিবার পরিকল্পনা কর্মসূচির জন্য যোগ্যতা 12 মাস ধরে চলবে। 12 মাস পরে আপনি ডাকযোগে একটি নবায়নের ফর্ম পাবেন। এই কর্মসূচিটি সম্পর্কে আরো তথ্যের জন্য, আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে ফোন করুন বা যান এবং একটি আবেদনপত্র চান। আপনি একজন পরিবার পরিকল্পনা পরিষেবা সরবরাহকারীর কাছেও আবেদন করতে পারবেন। আপনার এলাকায় একজন অংশগ্রহণকারী পরিবার পরিকল্পনা পরিষেবা সরবরাহকারী কোথায় আছে তা দেখতে, আপনি **1-800-541-2831** নম্বরে ফোন করতে পারেন। (এই তথ্য পুস্তিকার চিকিৎসা সহায়তা বিভাগের শেষে ফ্যামিলি হেলথ প্লাস এর বিবরণটি দেখুন।)

**প্র** **প্রতিবন্ধকতা যুক্ত কর্মরত ব্যক্তিবর্গের জন্য Medicaid বাই-ইন কর্মসুচি কী (Medicaid Buy-In Program For Working People With Disabilities)?**

**উ.** প্রতিবন্ধকতা যুক্ত কর্মরত ব্যক্তিবর্গের জন্য Medicaid বাই-ইন কর্মসুচি (MBI-WPD) যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্য সীমার (Federal Poverty Level, FPL) 250% বা তার নিচের এবং 10,000 ডলার বা তার কম ছাড়-বিহীন সংস্থান থাকা প্রতিবন্ধকতা যুক্ত কর্মরত ব্যক্তিবর্গকে চিকিৎসা সহায়তা প্রস্তাব করে। কর্মসূচিটি প্রতিবন্ধকতা যুক্ত কর্মরত ব্যক্তিবর্গকে তাদের স্বাস্থ্য পরিচর্যার কভারেজ বজায় রাখার জন্য ডিজাইন করা হয়েছে। আপনার আয়ের ওপর নির্ভর করে, আপনাকে একটি মাসিক প্রিমিয়াম দিতে বলা হতে পারে।

**প্র.** **MBI-WPD কর্মসূচির জন্য যোগ্যতার আবশ্যিকতাগুলি কী?**

**উ.** MBI-WPD কর্মসূচির জন্য যোগ্যতা লাভ করতে, আপনাকে অবশ্যই:

- হয় সোশ্যাল সিকিউরিটি প্রশাসন (SSA) নতুবা স্টেট বা স্থানীয় প্রতিবন্ধকতা পর্যালোচনা দল দ্বারা প্রতিবন্ধী হিসেবে প্রত্যয়িত হতে হবে; এবং
- নিউ ইয়র্ক স্টেটে বসবাস করতে হবে; এবং
- একজন মার্কিন নাগরিক, একজন স্বদেশীয়, একজন নেটিভ আমেরিকান অথবা সন্তোষজনক অভিবাসন স্থিতি থাকা একজন অভিবাসী হতে হবে; এবং
- কমপক্ষে 16 বছর কিন্তু 65 বছরের কম বয়সী হতে হবে; এবং
- এমন একটি চাকরির কার্যকলাপে জড়িত থাকতে হবে যার প্রযোজ্য সমস্ত স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আয় এবং পেরোল ট্যাক্স পরিশোধ করা আছে; এবং
- আয় এবং সংস্থানের সীমাগুলি পূরণ করতে হবে (নিচে দেখুন); এবং

- প্রয়োজন হলে, একটি প্রিমিয়াম দিতে হবে।

**প্র.** **Medicaid কীভাবে কাজ করে?**

**উ.** একটি আবেদন অনুমোদিত হয়ে গেলে, বেশিরভাগ ব্যক্তি একটি প্লাস্টিক কার্ড পাবেন যাকে বলা হয় একটি **কমন বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ড (Common Benefit Identification Card, CBIC)**। আপনি যখন চিকিৎসা পরিচর্যা নেবেন, এই কার্ডটি ডাক্তার, ফার্মাসিস্ট বা আপনি অন্য যে ব্যক্তির থেকে সহায়তা চাইছেন, তাকে দিন। আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা অন্যান্য ব্যক্তিকে অবশ্যই Medicaid-কে বিল করতে সম্মত হতে হবে এবং অবশ্যই একজন Medicaid নথিভুক্ত পরিষেবা সরবরাহকারী হতে হবে। আপনার বিলগুলি পরিশোধ করার জন্য নিউ ইয়র্ক স্টেট চিকিৎসা সহায়তা কর্মসূচিতে পাঠানো হবে। ফ্যামিলি হেলথ প্লাস-এ নথিভুক্ত ব্যক্তিবর্গ তাদের বেছে নেওয়া হেলথ প্ল্যান থেকে একটি কার্ড পাবেন। ফ্যামিলি হেলথ প্লাস বা একটি Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যানে নথিভুক্ত ব্যক্তিবর্গকে অবশ্যই পরিকল্পনাটির আওতাভুক্ত পরিষেবাগুলির জন্য তাদের হেলথ প্ল্যানয় পরিষেবা সরবরাহকারীদের পরিষেবা ব্যবহার করতে হবে।

নিউ ইয়র্কের বেশিওভাগ কাউন্টিতে, আপনার একটি পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যানে যোগদান করার বিকল্প রয়েছে। বেশিরভাগ কাউন্টির অত্যাবশ্যক পরিচালিত পরিচর্যা রয়েছে। ("Medicaid পরিচালিত পরিচর্যা হেলথ প্ল্যান কী?" প্রশ্নোত্তর দেখুন।)

**প্র.** **আমার চিকিৎসা পরিচর্যার জন্য আমাকে কি কোনো অর্থ প্রদান করতে হবে?**

**উ.** 21 বছর বা তার বেশি বয়সী চিকিৎসা সহায়তা প্রাপকদের কিছু চিকিৎসা পরিচর্যা/আইটেমের খরচের জন্য কিছু অংশ প্রদান করতে বলা হতে পারে। এটিকে বলা হয় কো-পেমেন্ট বা কো-পে। আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর আপনাকে কো-পেমেন্ট করার জন্য বলার অনুমতি রয়েছে। 1 লা এপ্রিল থেকে শুরু করে প্রতি 12 মাসের জন্য, সমস্ত কো-পেমেন্টের জন্য প্রাপক প্রতি সর্বাধিক 200 ডলারের একটি সীমা রয়েছে।

**আপনি অনুরোধকৃত কো-পেমেন্টটি না করতে পারলে, আপনার স্বাস্থ্য পরিচর্যা সরবরাহকারী যখন আপনাকে পেমেন্টের জন্য বলবেন তখন তাকে তা বলে দিন। তা সত্ত্বেও আপনি আপনার সরবরাহকারীর থেকে প্রয়োজনীয় পরিষেবাগুলি পেতে পারেন। আপনি সরবরাহকারীকে কো-পেমেন্ট করতে পারবেন না বলে সরবরাহকারী আপনাকে পরিষেবা বা জিনিসপত্র দিতে অস্বীকার করতে পারবেন না। আপনি সরবরাহকারীকে কো-পেমেন্ট করতে পারবেন না বলে কোনো সরবরাহকারী আপনাকে পরিষেবা বা জিনিসপত্র দিতে অস্বীকার করলে তা রিপোর্ট করতে 1-800-541-2831 নম্বরে ফোন করুন।**

- **কো-পেমেন্টের অর্থরাশিগুলি নিম্নরূপ:**

| পরিষেবা | অর্থরাশি(ডলার) |
|---|---|
| হসপিটালের অন্তর্বিভাগ | ডিসচার্জে সময় প্রতিবার থাকার জন্য 25.00 ডলার |
| হসপিটাল এবং ক্লিনিকের বহির্বিভাগ | ভিজিট প্রতি 3.00 ডলার |
| নন-এমারজেন্সি/জরুরি না থাকা এমারজেন্সি রুমের ভিজিট | ভিজিট প্রতি 3.00 ডলার |
| প্রেসক্রিপশনের ওষুধসমূহ | |
| (পছন্দসই ব্র্যান্ডের নাম) | 3.00 ডলার |
| (জেনেরিক) | 1.00 ডলার |
| ওভার-দা-কাউন্টার ওষুধ | 0.50 ডলার |
| মানসিক রোগের চিকিৎসার ওষুধ | কোনো কো-পেমেন্ট নেই |
| টিউবারকুলোসিস সরাসরি পর্যবেক্ষণের থেরাপি | কোনো কো-পেমেন্ট নেই |
| পরিবার পরিকল্পনা | অর্ডার/প্রেসক্রিপশন প্রতি 1.00 ডলার |
| পুষ্টিমূলক মেডিকেল ফর্মুলা এবং সামগ্রী | অর্ডার প্রতি 1.00 ডলার |
| চিকিৎসা সংক্রান্ত/অস্ত্রোপচার সংক্রান্ত সামগ্রী | প্রোসিডিওর প্রতি 0.50 ডলার |
| ল্যাবরেটরি। | প্রোসিডিওর প্রতি 1.00 ডলার |
| X-rays (এক্স-রে) | প্রোসিডিওর প্রতি 1.00 ডলার |

- **যে সমস্ত প্রাপক একটি কো-পেমেন্ট থেকে ছাড়প্রাপ্ত তারা হলেন:**
  - একুশ বছরের কম বয়সী প্রাপকগণ;
  - গর্ভবতী নারী (এই ছাড় গর্ভাবস্থা শেষ হওয়ার পরেও দুই মাস ধরে চলে)
  - একটি চিকিৎসা সংক্রান্ত কেন্দ্রে বরাবরের জন্য থাকা প্রাপকগণ যাদের একটি ব্যক্তিগত চাহিদার ভাতা ছাড়া সমস্ত আয় চিকিৎসা পরিচর্যায় খরচ করতে হয়। এটি নার্সিং ফেসিলিটি এবং বিকাশগত প্রতিবন্ধকতার জন্য অন্তর্বর্তী পরিচর্যার ফেসিলিটিগুলিতে (Intermediate Care Facilities for the Developmentally Disabled, ICF/DD) থাকা সমস্ত প্রাপককে অন্তর্ভুক্ত করে।
  - যে সমস্ত প্রাপক সরবরাহ করা প্রতিটি জেনেরিক প্রেসক্রিপশন ওষুধ, সরবরাহ করা প্রতিটি ব্র্যান্ডের নামের প্রেসক্রিপশনের ওষুধ, এবং একজন স্বীকৃত চিকিৎসকের নির্দেশিত প্রতিটি ওভার-দা-কাউন্টার ওষুধের জন্য কো-পেমেন্ট করতে দায়বদ্ধ, তারা ছাড়া Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যানে নথিভুক্ত প্রাপকগণ;
  - নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য কার্যালয় (New York State Office of Mental Health) এর আবাসিক বা মানসিক প্রতিবন্ধকতা এবং বিকাশগত অক্ষমতা কার্যালয়ের (Office of Mental Retardation and Developmental Disabilities) এর শংসাপ্রাপ্ত কমিউনিটি নিবাসী এবং ব্যাপক Medicaid কেস পরিচালনা কর্মসূচি (Case Management Program, CMCM) বা একটি বাড়ি এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবাসমূহ (Home and Community Based Services ,HCBS) ওয়েভার কর্মসূচিতে নথিভুক্ত প্রাপকগণ। দীর্ঘকালীন বাড়িতে স্বাস্থ্য পরিচর্যা কর্মসূচি (Long Term Home Health Care program)-র অংশগ্রহণকারীগণ কো-পেমেন্টগুলি থেকে ছাড়প্রাপ্ত **নন**।
- **কো-পেমেন্ট থেকে ছাড়প্রাপ্ত পরিষেবাগুলির মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত:**
  - জরুরি পরিষেবা;
  - পরিবার অরিকল্পনা পরিষেবাসমূহ (উদাহরণস্বরপ; জন্ম নিয়ন্ত্রণের ওষুধ বা কন্ডোম);
  - টিউবারকুলোসিস সরাসরি পর্যবেক্ষণের থেরাপি;
  - মেথাডোন মেন্টেন্যান্স ট্রিটমেন্ট প্রোগ্রাম, মানসিক স্বাস্থ্য ক্লিনিক পরিষেবা, মানসিক প্রতিবন্ধকতা ক্লিনিক পরিষেবা, অ্যালকোহল এবং উপাদানের অপব্যবহারের ক্লিনিক পরিষেবা।

**দ্রষ্টব্য:** অংশগ্রহণকারী চিকিৎসক এবং ডেন্টিস্ট বা বাড়িতে স্বাস্থ্য এবং ব্যক্তিগত পরিচর্যা পরিষেবার জন্য কো-পেমেন্টগুলি চার্জ করা হয় না।

**দ্রষ্টব্য:** আপনি **ফ্যামিলি হেলথ প্লাস (Family Health Plus)** পেলে, আপনার আলাদা কো-পেমেন্ট আছে। ("এর খরচ কত?" এই **চিকিৎসা সহায়তা** বিভাগের **ফ্যামিলি হেলথ প্লাস** উপবিভাগে, এই নোটটির পরের বেশ কিছু পৃষ্ঠায় প্রশ্নটি দেখুন।)

**প্র.** **কত ঘনঘন এবং চিকিৎসা সহায়তায় আমি কতটা সাহায্য পাবো?**

**উ.** ডাক্তারের কাছে বা ক্লিনিক, ল্যাব এবং ওষুধের দোকানগুলিতে যাওয়ার জন্য চিকিৎসা সহায়তা যত বার অর্থ প্রদান করবে তা সীমিত হতে পারে। এই সীমাটিকে বলা হয় **"Medicaid ব্যবহারের সীমা বা থ্রেসহোল্ড "।** আপনার ক্ষেত্রে **Medicaid ব্যবহারের সীমা বা থ্রেসহোল্ড** প্রযোজ্য হবে কিনা তা আপনার কর্মী আপনাকে বলে দেবেন।

**প্র.** **একটি Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যান কী?**

**উ.** বেশিরভাগ কাউন্টির Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যানের মাধ্যমে এক বা একাধিক Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যান আছে। আপনি যখন Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যানে যোগদান করবেন, তখন আপনি আপনার প্ল্যানে থাকা পরিষেবা সরবরাহকারী এবং হসপিটালগুলি ব্যবহার করবেন। আপনি আপনার নিজের ডাক্তার বা নার্স চিকিৎসক বেছে নেবেন যিনি আপনার সমস্ত স্বাস্থ্য পরিচর্যার ট্র্যাক রাখবেন। এই ব্যক্তিকে বলা হয় প্রাথমিক পরিচর্যা প্রদানকারী (Primary Care Provider, PCP)। আপনাকে কোনো বিশেষজ্ঞের কাছে পাঠানোর প্রয়োজন হলে আপনার প্রাথমিক পরিচর্যা প্রদানকারী আপনাকে তার কাছে পাঠাবেন। ফ্যামিলি হেলথ প্লাস এর অধীনে, সমস্ত পরিষেবা আপনার নির্বাচিত পরিচালিত পরিচর্যা পরিকল্পনার থেকে পাওয়া যায়।

**প্র.** **কেন একটি Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যানে যোগদান করব?**

**উ.** বহু কাউন্টিতে, আপনার বেশিরভাগ Medicaid স্বাস্থ্য পরিচর্যা পরিষেবাগুলি পাওয়ার জন্য আপনাকে অবশ্যই একটি পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যানে যোগদান করতে হবে। আপনি একটি Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যান-এ যোগদান করতে পারবেন কিনা বা আপনাকে যোগদান করতেই হবে কিনাদজানতে আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে ফোন করুন। বেশিরভাগ Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যান সাধারণ চিকিৎসা সহায়তার যত পরিষেবা সরবরাহকারী বেছে নেওয়ার সুযোগ দেয় তার থেকে বেশি পরিষেবা সরবরাহকারী বেছে নেওয়ার সুযোগ দেয়। আপনি আপনার নিজস্ব প্রাথমিক পরিচর্যা সরবরাহকারী (Primary Care Provider, PCP)-কে বেছে নিতে পারবেন, অর্থাৎ মৃত্যুভয় না থাকা চিকিৎসা পরিচর্যার জন্য আপনাকে এমারজেন্সি রুম ব্যবহার করতে হবে না। আপনাকে একজন বিশেষজ্ঞকে দেখানোর প্রয়োজন হলে আপনার প্রথমিক পরিচর্যা সরবরাহকারী আপনাকে রেফার করে দেবে। আপনি যদি মনে করেন যে আপনার চিকিৎসা পরিচর্যার প্রয়োজন তাহলে আপনি 24 ঘণ্টা আপনার প্রাথমিক পরিচর্যা সরবরাহকারী বা একজন হেলথ প্ল্যানের ফোন নম্বরে ফোন করতে পারেন।

আপনি গর্ভবতী হলে, আপনার নিজস্ব ডাক্তার বা পেশাদার নার্স থাকবেন যিনি আপনাকে সমস্ত চিকিৎসা পরিচর্যা দেবেন এবং প্রয়োজনীয় পরীক্ষা নীরিক্ষা করাবেন। আপনার সদ্যজাত শিশুকে ফলো-আপ ভিজিট করা হবে। আপনার শিশুরাও তাদের একদম নিজস্ব প্রাথমিক পরিচর্যা সরবরাহকারী পাবে।

আপনি একটি Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যান-এ থাকাকালীন ফার্মেসি পরিষেবা ছাড়া কোনো কো-পেমেন্ট বা ব্যবহারের সীমা নেই। আপনি আপনার নিজস্ব হেলথ প্ল্যান কার্ড পাবেন যেটি আপনার কমন বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ডের (Common Benefit Identification Card, CBIC) থেকে আলাদা।

আরো তথ্য নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইট **www.nyhealth.gov**-এ উপলভ্য এবং স্বাস্থ্য বিমা কর্মসূচিতে ক্লিক করুন, তারপর পরিচালিত পরিচর্যাতে ক্লিক করুন।

**প্র.** **Medicaid কি অতীতের চিকিৎসার বিল পরিশোধ করবে?**

**উ.** আপনি চিকিৎসা সহায়তা চাওয়ার আগের আপনার পরিশোধ করা কিছু বিল আপনাকে দিতে পারি – এমনকি ডাক্তার বা পরিষেবা সরবরাহকারী যাকে আপনি পরিশোধ করেছেন তারা চিকিৎসা সহায়তা গ্রহণ না করলেও। আমরা কখন এই বিলগুলি পরিশোধ করব নিম্নলিখিতগুলি তা বিবৃত করে।

**কোন বিলগুলি পরিশোধ করা যাবে?** আপনি চিকিৎসা সহায়তা চাওয়ার আগে আপনার পরিশোধ করা বিলগুলির জন্য এবং আপনি আপনার কমন বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ড (Common Benefit Identification Card, CBIC) না পাওয়া পর্যন্ত আপনার পরিশোধ করা বিলগুলির জন্য আপনাকে অর্থ প্রদান করা হতে পারে। চিকিৎসা সহায়তা চাওয়া আপনার পরিশোধ করা বিলগুলি অবশ্যই আপনার চিকিৎসা সহায়তা চাওয়ার মাসের আগের তৃতীয় মাসের প্রথম দিনে বা তার পরে পাওয়া পরিষেবাগুলি হতে হবে। উদাহরণ: আপনি 11ই মার্চ চিকিৎসা সহায়তা চাইলে, আপনি আপনার কমন বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ড (Common Benefit Identification Card, CBIC) না পাওয়া পর্যন্ত 1লা ডিসেম্বর থেকে আপনার পাওয়া পরিষেবাগুলির জন্য আপনার পরিশোধ করা বিলগুলির জন্য আমরা আপনাকে অর্থ প্রদান করতে পারব।

**আপনি যে ডাক্তার বা অন্যান্য পরিষেবা সরবরাহকারীদের পরিশোধ করেছেন তারা চিকিৎসা সহায়তা না নিলে কী হবে?** আপনার পরিশোধ করা ডাক্তার বা অন্যান্য পরিষেবা সরবরাহকারী চিকিৎসা সহায়তা গ্রহণ না করলেও আমরা কিছু বিলের জন্য আপনাকে অর্থ প্রদান করতে পারি। আপনি চিকিৎসা সহায়তা চাওয়ার আগে আপনি বিলগুলি পরিশোধ করে থাকলে, ডাক্তার বা অন্যান্য পরিষেবা সরবরাহকারী চিকিৎসা সহায়তা গ্রহণ না করলেও আমরা আপনাকে অর্থ প্রদান করতে পারি। আপনি চিকিৎসা সহায়তা চাওয়ার পরে, শুধুমাত্র ডাক্তার বা অন্যান্য পরিষেবা সরবরাহকারী চিকিৎসা সহায়তা গ্রহণ করলেই আমরা আপনাকে অর্থ প্রদান করতে পারব।

**সরকারী স্পন্সর করা স্বাস্থ্য বিমার মতো, একবার Medicaid বা একটি পরিচালিত পরিচর্যার প্রতিষ্ঠান যুক্ত Medicaid এর স্পন্সর করা বিমার জন্য আপনার আবেদন মঞ্জুর হয়ে গেলে, প্রদান করা পরিষেবার জন্য অর্থ পেতে আপনাকে অবশ্যই Medicaid সরবরাহকারী বা নেটওয়ার্ক স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলিতে যেতে হবে।**

ডাক্তার বা অন্যান্য পরিষেবা সরবরাহকারী Medicaid গ্রহণ করেন কিনা তা সবসময় জিজ্ঞাসা করে নিন। আপনি চিকিৎসা সহায়তা চাওয়ার পরে, ডাক্তার বা অন্যান্য পরিষেবা সরবরাহকারী Medicaid গ্রহণ না করলে আমরা আপনাকে অর্থ প্রদান করব না।

**আর কোনো নিয়ম আছে?** হ্যাঁ। আপনাকে আরও যা জানতে হবে:

1. আপনার পরিশোধ করা বিলগুলি অবশ্যই চিকিৎসা সহায়তা যে পরিষেবাগুলির জন্য অর্থ প্রদান করে, সেই পরিষেবাগুলি হতে হবে। এই পরিষেবাগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, ডাক্তার, বাড়িতে পরিচর্যা, হসপিটাল, এবং ওষুধ।
2. এই পরিষেবাগুলির জন্য চিকিৎসা সহায়তা যে পরিমাণ অর্থ প্রদান করবে আমরা শুধুমাত্র ততটাই দিতে পারব। এটি আপনার পরিশোধ করা বিল থেকে কম হতে পারে।
3. আমরা যখন সিদ্ধান্তে পৌঁছাতে পারব যে আপনি চিকিৎসা সহায়তা পেতে পারেন এবং আপনি বিলটি পরিশোধ করার সময় চিকিৎসা সহায়তা পেয়ে গিয়ে থাকলে, শুধুমাত্র তখনই আমরা আপনাকে অর্থ প্রদান করতে পারব।

4. আপনার প্রয়োজনীয়শেবাগুলির জন্য আপনি বিলগুলি পরিশোধ করে থাকলেই শুধুমাত্র আমরা আপনাকে অর্থ প্রদান করতে পারব।
5. আপনাকে অবশ্যই বিলগুলি এবং আপনি যে সেগুলি পরিশোধ করেছেন তার প্রমাণ আমাদের দিতে হবে।

**আমার পরিবার বা বন্ধু আমার হয়ে বিলগুলি পরিশোধ করে থাকলে কী হবে?** পরিবারের একজন সদস্য বা বন্ধু বিলগুলি পরিশোধ করে থাকলে, আমরা হয়ত সেগুলি দিতে পারব। আপনার কর্মীকে জিজ্ঞাসা করুন।

**আর কোনো প্রশ্ন আছে?** আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার কর্মীকে জিজ্ঞাসা করুন।

**প্র. চিকিৎসা সহায়তা কি নিউ ইয়র্ক স্টেটের বাইরে আমার পাওয়া চিকিৎসা পরিচর্যার জন্য অর্থ প্রদান করবে?**

**উ.** করতে পারে। স্টেটের বাইরে আপনার পাওয়া চিকিৎসা পরিচর্যার জন্য চিকিৎসা সহায়তা অর্থ প্রদান করতে পারে যদি:

- আপনার কাউন্টির মানুষেরা সাধারণত সেই স্টেটে চিকিৎসা পরিচর্যা পান এবং আপনি একজন পরিষেবা সরবরাহকারীকে দেখেছেন যিনি নিউ ইয়র্ক স্টেট Medicaidএ নথিভুক্ত এবং তা গ্রহণ করেন; অথবা
- আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ আপনাকে অন্য স্টেটের একটি নার্সিং হোম বা ফস্টার কেয়ারে রাখে বা রাখতে সহায়তা করে।
- আপনার ডাক্তার আপনাকে স্টেটের বাইরে চিকিৎসা পরিচর্যা পাওয়ার অনুমোদন পেয়েছেন (অগ্রিম অনুমোদন); অথবা
- অন্য স্টেটে ভ্রমণের সময় আপনার জরুরি চিকিৎসা পরিচর্যার প্রয়োজন হয়েছে, কিন্তু **শুধুমাত্র** তখনই, যদি ডাক্তার বা পরিচর্যা সরবরাহকারী অন্যান্য ব্যক্তি নিউ ইয়র্ক স্টেট Medicaid কর্মসূচিকে বিল করতে সম্মত হন।

আপনি একটি Medicaid পরিচালিত পরিচর্যার হেলথ প্ল্যান এর সদস্য হলে, আপনি স্টেটের বাইরে গেলে কীভাবে পরিষেবা পাবেন তা জানতে আপনার কার্ডের পিছন দিকে হেলথ প্ল্যান সদস্য পরিষেবার নম্বরে ফোন করুন।

**প্র. মেডিকেয়ার (Medicare) কী?**

**উ. মেডিকেয়ার** আর চিকিৎসা সহায়তা (Medicaid) এক নয়। মেডিকেয়ার সামাজিক সুরক্ষা প্রশাসন দ্বারা পরিচালিত একটি যুক্তরাষ্ট্রীয় বিমা কর্মসূচি যা হসপিটাল বিল (পার্ট A) এবং ডাক্তারের বিল এবং অন্যান্য কয়েকটি চিকিৎসা পরিষেবা (পার্ট B), এবং প্রেসক্রিপশনের ওষুধ (পার্ট D) এর জন্য অর্থ প্রদান করে। আপনি আপনার স্থানীয় সামাজিক সুরক্ষা কার্যালয়ে মেডিকেয়ারের জন্য আবেদন করতে পারেন।

**প্র. আমি কি মেডিকেয়ার এবং Medicaid দুটিই রাখতে পারি?**

**উ.** হ্যাঁ আপনি উভয় কর্মসূচির জন্য যোগ্য হলে, প্রথমে মেডিকেয়ারকে বিল করা হবে এবং মেডিকেয়ার যে পরিষেবাগুলিকে কভার করে না কিন্তু যেগুলি চিকিৎসা সহায়তা কর্মসূচি কভার করে, সেগুলি Medicaid পরিশোধ করবে।

**প্র. চিকিৎসা সহায়তা কি আমার মেডিকেয়ার প্রিমিয়ামগুলি পরিশোধ করতে পারবে?**

**উ.** হ্যাঁ, নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে, চিকিৎসা সহায়তা মেডিকেয়ার পার্ট A বা পার্ট B প্রিমিয়াম, কো-ইনস্যুরেন্স এবং ডিডাক্টেবেলগুলি পরিশোধ করতে পারবে। চিকিৎসা সহায়তা পার্ট D প্রিমিয়াম বা কো-পেমেন্টগুলির জন্য অর্থ প্রদান করে না।

**প্র. আমার মেডিকেয়ার এবং চিকিৎসা সহায়তা দুটিই থাকলে, আমি কি মেডিকেয়ার পার্ট D এর মাধ্যমে আমার প্রেসক্রিপশনের ওষুধগুলি পাবো?**

**উ.** হ্যাঁ, মেডিকেয়ার এবং চিকিৎসা সহায়তা দুটিই থাকলে, মেডিকেয়ার পার্ট D-তে নথিভুক্তি চিকিৎসা সহায়তা পাওয়ার যোগ্যতা লাভের একটি শর্ত। এই নিয়মের একটিমাত্র ব্যতিক্রম হল, আপনার বা আপনার নিরভরশীলদের একটি অবসর বিমা প্ল্যানের মাধ্যমে অন্য স্বাস্থ্য বিমা থাকলে, এবং আপনি যদি বলে থাকেন যে আপনি মেডিকেয়ার পার্ট D-এ নথিভুক্তি করেছেন তাহলে আপনি আপনার স্বাস্থ্য বিমার কভারেজ হারাবেন। চিকিৎসা সহায়তা মাঝে মধ্যে মেডিকেয়ার পার্ট D এর মাধ্যমে উপলভ্য না হওয়া নির্দিষ্ট কিছু প্রেসক্রিপশনের ওষুধের জন্যও অর্থ প্রদান করতে পারে।

**প্র. আমার আগে থেকে থাকা অন্য কোনো স্বাস্থ্য বিমা কি আমাকে বাতিল করতে হবে?**

**উ.** না। অপেক্ষা করুন এবং আপনার ইন্টারভিউতে এই প্রশ্নটি জিজ্ঞাসা করুন।

প্র. **আমি একটি নার্সিং হোম বা অন্যান্য চিকিৎসা কেন্দ্রে থাকলেও কি আমি আমার আয়ের কিছুটা রেখে দিতে পারব?**

**উ.** হ্যাঁ। আপনি আপনার ব্যক্তিগত ব্যবহারের জন্য অল্প কিছু অর্থরাশি রেখে দিতে পারেন। আপনার পরিবার আপনার ওপর নির্ভরশীল হলে আপনি আপনার আয়ের কিছুটাও তাদের জন্য রেখে দিতে পারেন।

**প্র. গর্ভবতী নারী এবং শিশুদের জন্য কি আয় এবং সংস্থানের উচ্চ সীমা রয়েছে?**

**উ.** হ্যাঁ, আপনি গর্ভবতী হলে বা 19 বছরের কম বয়সী সন্তানের জন্য সহায়তা চাইলে, আপনি বেশি আয় রাখতে পারেন এবং আপনার পরিবারের সংস্থান সাধারণত বিবেচনা করা হয় না।

**চাইল্ড হেলথ প্লাস**

আপনার সন্তান্ত থাকলে এবং চিকিৎসা সহায়তা পাওয়ার ক্ষেত্রে আপনার আয় খুব বেশি হলে, আপনি আপনার সন্তানদের জন্য **চাইল্ড হেলথ প্লাস** এর জন্য আবেদন করতে চাইতে পারেন। আপনি টোল ফ্রী নম্বর **1-800-698-4543**-এ ফোন করে **চাইল্ড হেলথ প্লাস** এর জন্য আবেদন করতে পারেন।

| | |
|---|---|
| **দ্রষ্টব্য:** | আপনি গর্ভবতী বা এক বছরের কম বয়সী একটি শিশুর জন্য সহায়তা চাইলে, পরিবারের থাকা সংস্থানের পরিমাণের ওপর কোন সীমা নেই। |

**প্র. হোম এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবাসমূহ (Home And Community Based Services, HCBS) ওয়েভার কর্মসূচিগুলি কী ?**

**উ.** হোম এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবাসমূহ (Home And Community Based Services, HCBS) ওয়েভার, কর্মসূচিগুলি Medicaid-যোগ্য ব্যক্তিবর্গকে কমিউনিটিতে বসবাস করতে এবং চিকিৎসা সংক্রান্ত প্রাতিষ্ঠানিককরণ এড়াতে একটি স্টেটকে এক গুচ্ছ সহায়তাকারী হোম এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবা প্রদান করার অনুমতি দেয়। এগুলি হল চিকিৎসা সহায়তা কর্মসূচি যা সাধারণভাবে চিকিৎসা সহায়তার দ্বারা অর্থ প্রদান না করা বিশেষ পরিষেবাগুলি প্রদান করতে পারে। কর্মসূচিগুলির বিভিন্ন আর্থিক যোগ্যতার নিয়মাবলীও থাকতে পারে।

যাদের জন্য নিউ ইয়র্কের HCBS ওয়েভার কর্মসূচিগুলি আছে:

- বিকাশগত ভাবে অক্ষম প্রাপ্তবয়স্ক এবং শিশু
- মাথায় ক্ষত হয়ে যাওয়া আঘাত যুক্ত প্রাপ্তবয়স্ক
- দীর্ঘকালীন বাড়িতে স্বাস্থ্য পরিচর্যার প্রয়োজনীয়তাসমূহ
- গুরুতর মানসিক বিশৃঙ্খলা থাকা শিশুরা
- গুরুতর শারীরিক অক্ষমতা থাকা শিশুরা

2007 সালে একতি নতুন HCBS ওয়েভার, "ব্রিজেস টু হেলথ" (Bridges to Health, B2H) অনুমোদিত হয়েছে। B2H ওয়েভার ফস্টার কেয়ারে থাকা যে সমস্ত শিশুদের গুরুতর মানসিক বিশৃঙ্খলা রয়েছে, যারা শারীরিক ভাবেুর্বল, বা যাদের বিকাশগত অক্ষমতা রয়েছে তাদের পষেবা প্রদান করার অনুমতি দেয়।

**প্র. আমার জরুরি চিকিৎসার প্রয়োজন হলে কী হবে?**

**উ.** নিউ ইয়র্ক স্টেটের আইনের আবশ্যিকতা অনুযায়ী আপনি জরুরি পরিচর্যার জন্য অর্থ পরিশোধ করতে না পারলেও হসপিটালগুলিকে আপনাকে জরুরি পরিচর্যা প্রদান করতে হবে। আপনার, হার্ট অ্যাটাক বা অন্যান্য মৃত্যুর সম্ভাবনা যুক্ত একটি চিকিৎসা সংক্রান্ত জরুরি পরিস্থিতি থাকলে, আপনি চিকিৎসা সহায়তা পাবেন কিনা তা খুঁজে বের করার আগে বা আপনি চিকিৎসা সহায়তার জন্য আবেদন করার আগে **অবিলম্বে** একটি হসপিটালে যান। আপনি অসুস্থ হলে এবং অবিলম্বে আপনার চিকিৎসা পরিচর্যার প্রয়োজন হলে, এবং আপনি কমন বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ডের জন্য আবেদন করেছেন কিন্তু সেটি না পেয়ে থাকলে, আপনার প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা পাওয়ার জন্য একটি সাময়িক কার্ড পেতে আপনার কর্মী আপনাকে সহায়তা করতে পারেন। আপনি যখন চিকিৎসা করাবেন তখন আপনাকে অবশ্যই কার্ডটি দেখাতে হবে এবং ডাক্তার বা অন্যান্য চিকিৎসা পরিচর্যা প্রদানকারী ব্যক্তিবর্গকে অবশ্যই চিকিৎসা সহায়তাকে বিল করতে সম্মত হতে হবে।

আপনি সহায়তার জন্য আবেদন করার তিন মাস আগে থেকে আপনাকে দেওয়া পরিচর্যার জন্য চিকিৎসা সহায়তা (Medical Assistance) চিকিৎসা সংক্রান্ত বিলগুলি পরিশোধ করতে পারে। আপনার কোনো পরিশোধ করা বা না করা চিকিৎসা সংক্রান্ত বিল থাকলে আপনার কর্মীকে তা বলার কথা মনে রাখুন।

**প্র. সম্ভাব্য ওষুধ ব্যবহারের পর্যালোচনা কী?**

**উ.** সম্ভাব্য ওষুধ ব্যবহারের পর্যালোচনা কর্মসূচি, একজন ফার্মাসিস্টকে আপনার প্রেসক্রিপশনের ওষুধ পাওয়ার আগে আপনি এমন অন্য কোনো ওষুধ নিয়েছেন কিনা যা আপনার নতুন প্রেশক্রিপশনের সাথে নেওয়া উচিত নয়, তা একটি কম্পিউটারে পরীক্ষা করতে দেয়। ফার্মাসিস্ট একটি সমস্যা দেখলে, আপনাকে নতুন ওষুধটি দেওয়া উচিত কিনা তা দেখতে ফার্মাসিস্ট আপনার ডাক্তারের সাথে কথা বলতে পারেন। আপনার সঠিক ওষুধ পাওয়া নিশ্চিত করতে এটি করা হয়। কম্পিউটারে পরীক্ষা করে, আপনার ওষুধগুলি সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার ফার্মাসিস্ট আরো ভালোভাবে সেগুলির উত্তর দিতে পারবেন।

**প্র. আমি কোনো অর্থ বা সম্পত্তি বিক্রয়, দান বা হস্তান্তর করলেও কি আমি চিকিৎসা সহায়তা পেতে পারি?**

**উ.** আপনি যদি কোনো প্রতিষ্ঠানে বরাবরের জন্য থাকেনএবং আপনি বা আপনার স্বামি/স্ত্রী কোনো সম্পত্তি বা অর্থ হস্তান্তর করেন এবং চিকিৎসা সহায়তার জন্য আবেদন করেন তাহলে কী হতে পারে তা এই বিভাগটি ব্যাখ্যা করে। আপনি যখন অর্থ বা সম্পত্তি দান করেন বা সম্পত্তিটির যা মূল্য তার থেকে কম মূল্যে সেটি বিক্রয় করেন তখন সেটিকে একটি হস্তান্তর বলা হয়। আপনি আপনার এবং আপনার পরিবারের জন্য নির্দিষ্ট পরিমাণ অর্থ বা সম্পত্তি **রেখে দিতে পারেন** এবং তা সত্বেও চিকিৎসা সহায়তা পেতে পারেন। আপনি বা আপনার স্বামি/স্ত্রী **অন্যান্য** অর্থ বা সম্পত্তি হস্তান্তর করলে, আপনি কী পরিমাণ অর্থ বা সম্পত্তি হস্তান্তর করেছেন তার ওপর নির্ভর করে, চিকিৎসা সহায়তা একটি নির্দিষ্ট সময়কালের জন্য নিম্নলিখিত চিকিৎসা পরিচর্যার জন্য অর্থ প্রদান **নাও করতে পারে**।

1. নার্সিং হোমে পরিচর্যা
2. আপনার নিজের বাড়িতে নির্দিষ্ট পরিচর্যা, যেটি নার্সিং হোম পরিচর্যার মতো
3. একটি হসপিটালে আপনার পাওয়া পরিচর্যা, যখন আপনার আর হসপিটাল পরিচর্যার প্রয়োজন নেই এবং আপনি নার্সিং হোম পরিচর্যার জন্য অপেক্ষা করছেন

যদিও, আপনি যোগ্য হলে চিকিৎসা সহায়তা **অন্যান্য** চিকিৎসা পরিচর্যার জন্য অর্থ প্রদান **করবে**।

বেশিরভাহ ক্ষেত্রে আপনি সম্পূর্ণ চিকিৎসা সহায়তার কভারেজ চাইলে, আপনি অর্থ বা সম্পত্তি হস্তান্তর করতে পারবেন না। কখনও কখনও, আপনি অর্থ বা সম্পত্তি হস্তান্তর করতে পারেন এবং তা সত্বেও চিকিৎসা সহায়তার কভারেজ পেতে পারেন যদি:

- আপনি আপনার স্বামি বা স্ত্রীকে অর্থ বা সম্পত্তি হস্তান্তর করেন।
- আপনি আপনার সন্তানকে অর্থ বা সম্পত্তি হস্তান্তর করতে পারেন যদি সে প্রত্যয়িত অন্ধ বা প্রত্যয়িত প্রতিবন্ধী হয়। যে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে আপনি আবেদন করছেন তাদের অবশ্যই নির্ধারণ করতে হবে আপনার সন্তান প্রত্যয়িত অন্ধ বা প্রত্যয়িত প্রতিবন্ধী কিনা।
- হস্তান্তর করা সম্পত্তিটি আপনার বাড়ি ছিল, এবং সেটি আপনার স্বামি, স্ত্রী, 21 বছরের কম বয়সী সন্তান বা যে কোনো বয়সের প্রত্যয়িত অন্ধ বা প্রত্যয়িত প্রতিবন্ধী সন্তানকে করা হয়েছে। যে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে আপনি আবেদন করছেন তাদের অবশ্যই নির্ধারণ করতে হবে আপনার সন্তান প্রত্যয়িত অন্ধ বা প্রত্যয়িত প্রতিবন্ধী কিনা।
- আপনি আপনার বাড়িটি আপনার আই বা বোনকে হস্তান্তর করেছেন যাদের আপনার বাড়ির একটি অংশ হওয়ার অধিকার রয়েছে এবং আপনি নার্সিং হোমে যাওয়ার ঠিক আগে অন্তত এক বছর বাড়িতে বসবাস করেছেন।
- আপনি আপনার বাড়িটি আপনার সন্তানকে হস্তান্তর করতে পারেন যদি আপনার সন্তান আপনি নার্সিং হোমে যাওয়ার ঠিক আগে অন্তত দুই বছর আপনার বাড়িতে বসবাস করেন, এবং আপনার সন্তান আপনার পরিচর্যা করে যাতে আপনি একটি নার্সিং হোমে যাওয়ার পরিবর্তে বাড়িতে থাকতে পারেন।
- আপনি 65 বছরের কম বয়সী একজন প্রত্যয়িত প্রতিবন্ধী ব্যক্তির জন্য একটি ট্রাস্ট গঠন করেন। ব্যক্তিটি প্রত্যয়িত প্রতিবন্ধী কিনা তা স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে অবশ্যই নির্ধারণ করতে হবে।

যখন স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ নির্ধারণ করে যে আপনি কোন অর্থ বা সম্পত্তি হস্তান্তর করেছেন এবং আপনি মনে করেন তারা একটি ভুল করেছে তখন এগুলির মাধ্যমে আপনি যে অর্থ বা সম্পত্তি হস্তান্তর করেননি তা প্রমান করার অধিকার আপনার রয়েছে:

- এটি প্রমাণ করে সম্পত্তিটির যা মূল্য হতে পারে আপনি সেই মূল্যেই সেটি বিক্রয় করেছেন বা বিনিময়ে আপনি সমমূল্যের অন্য কিছু পেয়েছেন
- এটি প্রমাণ করে যে এই উত্তরের উপরের 1, 2, বা 3-এ যভাবে তালিকাবদ্ধ রয়েছে সেই অনুযায়ী চিকিৎসা পরিচর্যা পাওয়া ছাড়াও শুধুমাত্র কয়েকটি কারনে আপনি অর্থ বা সম্পত্তি থেকে মুক্তি পেতে চেয়েছেন।
- এটি প্রমান করে যে আপনার সমস্ত প্রচেষ্টা সত্বেও, আপনি অর্থ বা সম্পত্তি বা সমমূল্যের অন্যকিছু ফেরত পাননি, এবং চিকিৎসা সহায়তা ছাড়া আপনি চিকিৎসা পরিচর্যা পাবেন না। অর্থ বা সম্পত্তি ফেরত পাওয়ার চেষ্টা করার সময় আপনাকে অবশ্যই স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের সাথে কাজ করতে হবে।

**প্র. আমার মৃত্যু হলে কি আমার এস্টেটের জন্য একটি দাবি করা যাবে?**

**উ.** যদি আপনি আপনার **পঞ্চান্নতম** জন্মদিনের পরে চিকিৎসা সহায়তার পরিশোধ করার জন্য, অথবা স্থায়ীভাবে একটি শারীরিক অসুস্থতা থাকার জন্য চিকিৎসা পরিষেবা পেয়ে থাকেন, তাহলে আপনার মৃত্যুর পরে আপনার স্টেটের সম্পত্তিগুলি থেকে চিকিৎসা সহায়তা এই পরিষেবাগুলির খরচের অর্থরাশি ফিরে **পেতে পারে**।

**প্র. আমি মার্কিন নাগরিক না হলেও কি চিকিৎসা সহায়তা পেতে পারি?**

**উ.** চিকিৎসা সহায়তা কর্মসূচির জন্য, পরিচয়, নাগরিকত্ব এবং/অথবা সন্তোষজনক অভিবাসন স্থিতি অবশ্যই নথিভুক্ত করতে হবে। আপনি গর্ভবতী হলে, আপনাকে আপনার নাগরিকত্ব বা বৈদেশিক স্থিতি সম্পর্কে আমাদের বলতে হবে না। আপনার একটি সন্তোষজনক অভিবাসন স্থিতি না থাকলেও একটি চিকিৎসা সংক্রান্ত জরুরি পরিস্থিতির ক্ষেত্রে আপনি Medicaid পাওয়ার যোগ্য হতে পারেন। একজন মার্কিন নাগরিক হিসেবে যোগ্যতা লাভ করতে, মার্কিন যুক্তরাষ্ট্র, 50টি স্টেট, দি ডিস্ট্রিক্ট অফ কলোম্বিয়া, পুয়ের্তো রিকো, গুয়াম, মার্কিন যুক্তরাষ্ট্র ভার্জিন দ্বীপপুঞ্জ এবং উত্তর মারিয়ানা দ্বীপপুঞ্জকে অন্তর্ভুক্ত করে। চিকিৎসা সহায়তার জন্য আমেরিকান সামোয়া বা সোয়েইন দ্বীপপুঞ্জের অধিবাসীদেরও মার্কিন নাগরিক হিসেবে গণ্য করা হয়। উপরন্তু, আপনি যদি কানাডায় জন্মানো, অন্তত 50% নেটিভ আমেরিকান রক্ত থাকা একজন নেটিভ আমেরিকান হন বা একজন নেটিভ আমেরিকান হন যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে জন্মেছেন এবং যুক্তরাষ্ট্রীয়ভাবে স্বীকৃত একটি উপজাতির আওতাভুক্ত হন, তাহলেও চিকিৎসা সহায়তার জন্য আপনাকে একজন মার্কিন নাগরিক হিসেবে গণ্য করা হবে।

তা না হলে, চিকিৎসা সহায়তা পাওয়ার যোগ্যতা লাভ করার জন্য আপনি একজন মার্কিন নাগরিক **না** হলে আপনি যে নিম্নলিখিত যে কোনো অভিবাসন শ্রেণীর একজন বৈদেশিক তা দেখাতে আপনাকে অবশ্যই নথিগুলি প্রদান করতে হবে:

- অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act, INA) ধারা 207 এর অনুযায়ী একজন বিদেশীকে শরণার্থী হিসেবে প্রবেশ করতে দেওয়া হয়েছে; বা
- অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act, INA) ধারা 208 এর অধীনে একজন বহিরাগতকে আশ্রয় মঞ্জুর করা হয়েছে; বা
- অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act, INA) ধারা 241(b)(3) বা 243(h) অনুযায়ী একজন বিদেশীর বিতাড়ন বা অপগমন মুলতুবি রাখা হয়েছে; বা
- একজন কিউবান এবং হাইতিয়ান প্রবেশকারী হিসেবে একজন বিদেশীকে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি দেওয়া হয়েছে; অথবা
- একজন বহিরাগত একজন আমেরেসিয়ান হিসেবে প্রবেশ করেছেন; বা
- একজন বিদেশী যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের সসস্ত্র সেনাবাহিনীতে কর্তব্যরত আছেন বা প্রাক্তন সেনাকর্মী যিনি সম্মানের সাথে একটি অবসর পেয়েছেন বা তার স্বামি বা স্ত্রী, পুনর্বিবাহ না করা জীবিত স্বামি বা স্ত্রী বা সেরকম কোনো অভিবাসীর অবিবাহিত নির্ভরশীল সন্তান; বা
- একজন বিদেশী যাকে একজন আইন সঙ্গত স্থায়ী বাসিন্দা হিসেবে প্রবেশ করতে দেওয়া হয়েছে; বা
- একজন বিদেশী যাকে অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act) ধারা 212(d)(5) অনুযায়ী, অন্তত এক বছর সময়কালের জন্য, মার্কিন যুক্তরাষ্ট্রে শর্তাধীন মুক্তি দেওয়া হয়েছে; বা
- একজন বিদেশী যাকে অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act) ধারা 203(a)(7) অনুযায়ী শর্তাধীন প্রবেশের অনুমতি দেওয়া হয়েছে; বা
- একজন বিদেশী যাকে মার্কিন যুক্তরাষ্ট্রে একজন পরিবারের সদস্য মারধোর করেছেন বা চরম নৃশংসতার শিকার হয়েছেন এবং যিনি অন্যান্য নির্দিষ্ট কিছু আবশ্যিকতা পুরণ করেছেন; বা
- একজন বিদেশী যিনি 2000 সালের মানব পাচার এবং সহিংসতা থেকে সুরক্ষা প্রদানকারী আইনাধীন (Victims of Trafficking and Violence Protection Act of 2000) পাচারের একটি গুরুতর শিকার হওয়া ব্যক্তি; বা
- একজন বিদেশী যিনি স্বাস্থ্য দপ্তরের (DOH) কালার অফ ল'র অধীনে স্থায়ীভাবে বসবাস (Permanently Residing Under Color of Law, PRUCOL) করার মানদণ্ড পূরণ করেছেন এবং যিনি চিকিৎসা সহায়তার জন্য যোগ্য হতে পারেন, তার মধ্যে অন্তর্ভুক্ত:
    a. একজন বিদেশী যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে এক বছরের কম সময় বন্দীর শর্তাধীন মুক্তিতে রয়েছেন;
    b. একজন বিদেশী যিনি INA (অভিবাসন এবং জাতীয়তা আইন)-র ধারা 241(a)(3) অনুযায়ী একটি তত্বাবধানের আদেশ (Order of Supervision) অনুযায়ী মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন;
    c. একজন বিদেশী যিনি বিতাড়নের একটি অনির্দিষ্ট বসবাস সাপেক্ষে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন; INA-র ধারা 240A অনুযায়ী বিতাড় বাতিলকরণ মঞ্জুর করা হয়েছে;
    d. একজন বিদেশী যার ক্ষেত্রে পদক্ষেপ নেওয়ার স্থিতি স্থগিত রাখা মঞ্জুর করা হয়েছে, যার ফলে তাদের বহিষ্কার স্থগিত রয়েছে;
    e. একজন বিদেশী যাকে লিগ্যাল ইমিগ্রেশন ফ্যামিলি ইক্যুইটি আইনের (Legal Immigration Family Equity Act, LIFE Act) অধীনে গঠিত "K3" বা "K4" ভিসা স্থিতি মঞ্জুর করা হয়েছে;
    f. একজন বিদেশী যিনি আইনসঙ্গত স্থায়ী বাসিন্দার স্থিতিতে সামঞ্জস্যবিধানের জন্য একটি আবেদন জমা করেছেন যেটি মার্কিন যুক্তরাষ্ট্র নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবা (United States Citizenship and Immigration Services, USCIS) যথাযথভাবে জমা দেওয়া বা মঞ্জুর হওয়া হিসেবে স্বীকার করেছেন;
    g. বিতাড়নে স্থগিতাদেশ মঞ্জুর করা একজন বিদেশী;
    h. ঐচ্ছিক বিতাড়ন মঞ্জুর করা একজন বিদেশী;
    i. একজন বিদেশী যিনি জানুয়ারি 1, 1972 এর আগে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন এবং তখন থেকে অনবরত বসবাস করছেন;
    j. একজন বিদেশী যার বিতাড়নের ক্ষেত্রে স্থগিতাদেশ মঞ্জুর করা হয়েছে; অথবা
    k. বিদেশী যিনি যুক্তরাষ্ট্রীয় অভিবাসন এজেন্সি USCIS কে জানিয়ে এবং অনুমতি বা স্বীকৃতি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন এবং যার বিতাড়ন সেই এজেন্সি বলবত করতে পারবে না। উদাহরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়: P.L.99-239 অনুযায়ী, স্থায়ী অ-অভিবাসী (মাইক্রোনেশিয়া যুক্তরাজ্য এবং মাশাল দ্বীপপুঞ্জের নাগরিকদের ক্ষেত্রে প্রযোজ্য); স্ট্যাটাসের সামঞ্জস্যবিধান, আশ্রয়, বিতাড়ন স্থগিতকরণ বা অপগমন বাতিলকরণ বা বিলম্বিত পদক্ষেপের আবেদনকারীগণ; স্বেচ্ছায় চলে যাওয়া বা তাদের নিজের দেশের অবস্থার পরিপ্রেক্ষিতে বাধ্যতামূলক বিতাড়ন বিলম্বিত করা; সাময়িক সুরক্ষা স্থিতি (Temporary Protection Status, TPS) মঞ্জুর হওয়া অভিবাসীগণ, এবং একটি "K" "V" "S" বা "U" ভিসা থাকা অভিবাসীগণ।

**আপনি যদি উপরে তালিকাবদ্ধ কোনো অভিবাসন শ্রেণীর একজন বিদেশী না হন, তাহলে আপনি গর্ভবতী হলে বা একটি চিকিৎসা সংক্রান্ত জরুরি পরিস্থিতির জন্য আপনার চিকিৎসা পরিচর্যার প্রয়োজন হলে আপনি চিকিৎসা পরিচর্যার ক্ষেত্রে সহায়তা পেতে পারেন।**

**প্র.** **চিকিৎসা সহায়তা কর্মসূচির মাধ্যমে আমি নির্দিষ্ট চিকিৎসা পরিষেবা কতবার পাবো তার কি কোনো সীমা আছে?**

**উ.** হ্যাঁ নিম্নলিখিত ধরনের পরিষেবাগুলির ক্ষেত্রে সীমা আছে:

| | **এক বছরে অনুমোদিত ভিজিটের সংখ্যা, আইটেম বা ল্যাব টেস্ট।** | |
|---|---|---|
| **পরিষেবার ধরন** | **প্রাপক যারা:**<br>- 21 বছরের কম বা 65 বছরের বেশি<br>- প্রত্যয়িত প্রতিবন্ধী<br>- প্রত্যয়িত অন্ধ<br>- 18 বছরের কম বয়সী একা তত্ত্বাবধায়ক | **অন্যান্য বেশিরভাগ মানুষ যারা:**<br>- 21 এবং 65 বছরের মধ্যে |
| ডাক্তার এবং/অথবা ক্লিনিক | 10টি ভিজিট | 10টি ভিজিট |
| ল্যাবরেটরি | 18টি টেস্ট | 18টি টেস্ট |
| ফার্মেসি (প্রেসক্রিপশনের ওষুধ এবং ওভার-দ্যা-কাউন্টার ওষুধ।) | 40টি আইটেম | 43টি আইটেম |
| মানসিক স্বাস্থ্য ক্লিনিক | 40টি ভিজিট | 40টি ভিজিট |
| ডেন্টাল ক্লিনিক | 03টি ভিজিট | 03টি ভিজিট |

**এমনকি আপনি এই সীমাগুলোতে পৌঁছে গেলেও জরুরি চিকিৎসা পরিচর্যা কভার করা হবে।**

নিম্নলিখিত পরিষেবাগুলির ক্ষেত্রে কোনো সীমা নেই:

- পরিবার পরিকল্পনা পরিষেবা
- মেথাডোন মেনটেন্যান্স চিকিৎসা
- প্রসূতি পরিষেবা (গর্ভাবস্থা)
- একটি পরিচালিত পরিচর্যা কর্মসূচির অধীনে প্রদত্ত পরিচর্যা (এই বুকলেটে পরিচালিত পরিচর্যা কর্মসূচি দেখুন)
- কিডনি ডায়ালিসিস
- শিশু কিশোর হেলথ প্ল্যান
- অন্যান্য পরিষেবা ফোন করুন **1-800-421-3891**

**সুবিধা বা বেনিফিটের বছর**

একটি পরিষেবার 12-মাস সময়কালের সীমাকে একটি বেনিফিটের বছর বলা হয়, যেটি আপনি চিকিৎসা সহায়তার জন্য যোগ্য হওয়ার মাস থেকে আরম্ভ হয়। এই বেনিফিটের বছরে আপনি চিকিৎসা সহায়তা চালু বা বন্ধ করলেও আপনার এই একই সীমা থাকবে। বেনিফিটের বছরটি শেষ হয়ে যাওয়ার পরে, পরিষেবার সীমার সম্পূর্ণ সংখ্যা নিয়ে একটি নতুন 12 মাসের বেনিফিটের বছর আরম্ভ হবে (উদাহরণস্বরূপ: 18টি ল্যাবরেটরি টেস্ট)। আগের বেনিফিট বছরের অব্যবহৃত পরিষেবাগুলি নতুন বেনিফিট বছরে নিয়ে আসা যাবে না।

প্রত্যেক বেনিফিট বছরে আপনার ব্যবহার করা পরিষেবাগুলির সংখ্যার ওপর আমরা ট্র্যাক রাখব এবং আপনি পরিষেবাগুলি দ্রুত ব্যবহার করছেন কিনা এবং আপনার পরিষেবা ব্যবহারের সীমায় পৌঁছে যাওয়ার বিপদ আছে কিনা তা আমরা আপনাকে ডাকযোগে জানাবো। আপনি আপনারশেবার সীমায় পৌঁছে গেলেও আমরা আপনাকে ডাকযোগে জানাবো।

**কমন বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ড (Common Benefit Identification Card, CBIC)**

আপনি যখন একটি চিকিৎসা পরিষেবা জন্য আপনার ডাক্তার, ক্লিনিক বা ফার্মেসিতে যাবেন তখন আপনি চিকিৎসা পরিষেবার জন্য আপনার সীমায় পৌঁছে গেছেন কিনা তা দেখতে আপনাকে প্রথমে অবশ্যই চিকিৎসা সহায়তার সাথে পরীক্ষা করে নিতে হবে। আপনি যতবার চিকিৎসা পরিষেবার জন্য যাবেন, প্রতিবার আপনার "কমন বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ড"টা-(CBIC) দেখানো জরুরি। চিকিৎসা সহায়তার জন্য প্রতিটি কেসের সদস্য একটি CBIC পাবেন।

আপনি একটি পরিচালিত পরিচর্যা পরিকল্পনায় নথিভুক্ত হলে, আপনি একটি হেলথ প্ল্যান কার্ডও পাবেন যেটি আপনার CBIC থেকে আলাদা। ("একটি Medicaid পরিচালিত পরিচর্যা পরিকল্পনা কী?" প্রশ্নোত্তর দেখুন।)

**আপনার আরো পরিষেবার প্রয়োজন হলে**

আপনি যত সংখ্যক পরিষেবা পেতে পারেন তা বাড়াবার জন্য বা পরিষেবার সীমা থেকে আপনাকে একটি ছাড় দেওয়ার জন্য চিকিৎসা সহায়তাকে বলতে আপনার ডাক্তার একটি "থ্রেসহোল্ড ওভাররাইড আবেদন" পূরণ করতে পারেন।

**আরো পরিষেবা পাওয়ার জন্য আপনি আপনার ডাক্তারকে থ্রেসহোল্ড ওভাররাইড আবেদন পূরণ করতে বলতে পারেন যখন:**

- আপনি বা পরিবারের অন্যান্য সদস্যের একটি গুরুতর অসুস্থতা রয়েছে বা অত্যন্ত অসুস্থ; বা
- চিকিৎসা সহায়তা থেকে আপনাকে সতর্ক করে একটি চিঠি দেওয়া হয়েছে যে আপনি পরিষেবাগুলি দ্রুত ব্যবহার করছেন এবং আপনার পষেবা পাওয়ার সীমায় পৌঁছানোর বিপদ রয়েছে; বা
- আপনি আপনার পরিষেবা পাওয়ার সীমায় পৌঁছে গেছেন, জানিয়ে আপনি চিকিৎসা সহায়তা থেকে একটি চিঠি পেয়েছেন।

**আপনার যদি আপনার সীমার বেশি পরিষেবা প্রয়োজন হয় তাহলে অবশ্যই আপনার ডাক্তারকে থ্রেসহোল্ড ওভাররাইড আবেদন পূরণ করার কথা বলুন। মনে রাখবেন, আপনি আরো বেশি পরিষেবার কথা না বললে এবং আপনি আপনার সীমায় পৌঁছে গেলে, আপনার নতুন বেনিফিটের বছর শুরু না হওয়া পর্যন্ত <u>জরুরি চিকিৎসা পরিচর্যা ছাড়া</u>, চিকিৎসা সহায়তা অতিরিক্ত পরিষেবার জন্য অর্থ পরিশোধ করবে না।**

**পরিচালিত পরিচর্যা কর্মসূচিসমূহ**

আপনি একটি Medicaid পরিচালিত পরিচর্যা কর্মসূচিতে (Medicaid Managed Care Program) নথিভুক্ত হলে ফার্মেসি ছাড়া আপনি ব্যবহারের থ্রেসহোল্ড কর্মসূচি (Utilization Threshold Program) সাপেক্ষ হবেন না। আপনার জন্য একটি Medicaid পরিচালিত পরিচর্যা কর্মসূচি (Medicaid Managed Care Program) উপলভ্য আছে কিনা তা জানতে, অনুগ্রহ করে আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে ফোন করুন। আপনি ফ্যামিলি হেলথ প্লাসে নথিভুক্ত হলে, আপনি ব্যবহারের থ্রেসহোল্ড সাপেক্ষ, কিন্তু কিছু পরিষেবার ক্ষেত্রে সীমা থাকতে পারে।

**আপনার কোনো প্রশ্ন থাকলে**

আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে ফোন করুণ এবং Medicaid পরিচালিত পরিচর্যার কোঅরর্ডিনেটরকে চান (আপস্টেট নিউ ইয়র্ক)। NYC-তে **1-800-505-5678** টোল ফ্রী নম্বরে ফোন করুন।

**ন্যায্য শুনানির অধিকার**

একটি ছাড় পাওয়ার জন্য বা আপনার পরিষেবা পাওয়ার সীমায় পৌঁছে যাওয়ার পরে পরিষেবার সীমা বাড়ানোর জন্য আবেদন করার পরে তা খারিজ করা হলে আপনার একটি ন্যায্য শুনানির অধিকার রয়েছে। এই শুনানিতে আমরা আপনার ব্যবহার করা পরিষেবার সংখ্যা সঠিকভাবে উল্লেখ করেছি কিনা সে সম্পর্কে একটি প্রশ্ন উত্থাপিত করতে পারেন।

চিকিৎসা সহায়তার জন্য আপনার যোগ্যতা স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ দ্বারা নির্ধারিত হয়। সাধারণত, চিকিৎসা সহায়তার জন্য আপনার আবেদন সম্পর্কিত যে কোন প্রশ্নের জন্য আপনাকে আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। নিউ ইয়র্ক স্টেটে চিকিৎসা সহায়তা সম্পর্কে আপনার সাধারণ প্রশ্ন থাকলে, আপনি বিনামূল্যে **1-800-541-2831** নম্বরে ফোন করতে পারেন।

**প্র.** **আমি কী ওষুধ পেতে পারি তা সীমিত করতে পারে কর্মসূচির এমন কোনো আবশ্যিকতা আছে?**

**উ.** চিকিৎসা সহায়তা আইনের আবশ্যিকতা অনুযায়ী নিউ ইয়র্ক স্টেট চিকিৎসা সহায়তা প্রাপকগণ ব্র্যান্ড নামের ওষুধগুলির পরিবর্তে জেনেরিক ওষুধগুলি পাবেন। আইনের আবশ্যিকতা অনুযায়ী একটি ব্র্যান্ড নামের ওষুধের জন্য বিশেষ অনুমোদন না পাওয়া পর্যন্ত ডাক্তারদের একটি ওষুধের জেনেরিক সংস্করণটি প্রেসক্রাইব করতে হবে।

**ফ্যামিলি হেলথ প্লাস (Family Health Plus, FHPlus)**

**প্র.** **FHPlus কী?**

**উ.** FHPlus হল 19 থেকে 64 বছর বয়স অবধি প্রাপ্তবয়স্ক যাদের আয় চিকিৎসা সহায়তার জন্য যোগ্যতা লাভের ক্ষেত্রে খুব বেশি তাদের জন্য একটি সরকারি স্বাস্থ্য বিমা। একাকী প্রাপ্তবয়স্ক, সন্তানহীন দম্পতি, এবং সীমিত আয়যুক্ত, যুক্তরাষ্ট্রীয়, স্টেট, কাউন্টি, মিউনিসিপ্যাল বা স্কুল-ডিস্ট্রিক্ট সুবিধাদির পরিকল্পনার মাধ্যমে যারা নিয়োগকারীর স্পন্সর করা হেলথ কভারেজের জন্য যোগ্য নন তাদের জন্য FHPlus উপলভ্য। অন্যান্য নিয়োগকারীদের মাধ্যমে স্বাস্থ্য বিমার আওতাভুক্ত থাকা ব্যক্তিবর্গের জন্য ফ্যামিলি হেলথ প্লাস প্রিমিয়াম সহায়তা উপলভ্য। FHPlus এর জন্য যোগ্য হতে, আপনাকে অবশ্যই একজন নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা, এবং মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে, অথবা আগে তালিকাবদ্ধ অভিবাসন শ্রেণীতে পড়া একজন বিদেশী হতে হবে। আয় এবং সংস্থানের নির্দেশিকাও রয়েছে যা অবশ্যই পূরণ করতে হবে। আপনার এলাকায়, আপনার নির্বাচন করা একটি অংশগ্রহণকারী পরিচালিত পরিচর্যা পরিকল্পনার মাধ্যমে স্বাস্থ্য পরিচর্যা প্রদান করা হয়।

**প্র.** **আমি কীভাবে FHPlus প্রিমিয়াম সহায়তার জন্য যোগ্যতা লাভ করব?**

**উ.** আপনার যদি আপনার নিয়োগকারীর। মাধ্যমে বিমা থাকে তাহলে আপনার বিমার প্রিমিয়ামগুলিতে আপনার শেয়ার প্রদান করার জন্য আপনি সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন।

**প্র.** **আমি কীভাবে আবেদন করব?**

**উ.** আপনি যখন একটি স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের বা একটি সহায়ক নথিভুক্তিকারীর মাধ্যমে চিকিৎসা সহায়তার জন্য আবেদন করবেন, তখন Medicaid বা FHPlus এর জন্য যোগ্যতা নির্ধারণ স্বয়ংক্রিয়ভাবে হবে যোগ্য হলে, আপনি যেগুলির জন্য যোগ্য সেগুলির জন্য আপনাকে যথাযথ কভারেজ দেওয়া হবে।

**প্র. আমি কী সুবিধাদি পেতে পারি?**

**উ.** FHPlus ব্যাপক কভারেজ প্রদান করে, যার মধ্যে রয়েছে: প্রতিষেধক, প্রাথমিক পরিচর্যা, হসপিটালে ভর্তি হওয়া, প্রেওক্রিপশন এবং অন্যান্য পরিষেবা। কিছু পরিষেবার সীমা রয়েছে। কিছু পরিষেবার জন্য একটি কো-পেমেন্ট করতে হতে পারে। FHPlus কভার করে না: নার্সিং হোম পরিচর্যা, বাড়িতে দীর্ঘকালীন স্বাস্থ্য পরিচর্যা, ব্যক্তিগত পরিচর্যা এবং নন-এমারজেন্সি যাতায়াতের বন্দোবস্ত। কিছু FHPlus প্ল্যান ডেন্টাল সার্ভিসগুলির অফার দেয়; অন্যান্যগুলি দেয় না।

**প্র. আমি একটি নতুন কাউন্টিতে চলে যাচ্ছি। Medicaid/FHPlus পেতে কি আমাকে আবার আবেদন করতে হবে?**

**উ.** না। আপনি অন্যত্র চলে গেলে, আপনাকে আপনার নতুন ঠিকানাটি অবশ্যই আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে জানাতে হবে। যদি না আপনার যোগ্যতাকে প্রভাবিত করা আপনার অন্য কোনো পরিস্থিতির কোনো পরিবর্তন হয়। আপনার Medicaid কেসটি আপনার বসবাসের নতুন কাউন্টিতে স্থানান্তরিত করা হবে।

**প্র. স্বাস্থ্য পরিচর্যা কীভাবে দেওয়া হয়?**

**উ.** FHPlus কর্মসূচিতে স্বাস্থ্য পরিচর্যা পরিচালিত পরিচর্যা পরিকল্পনাগুলির মাধ্যমে দেওয়া হয়। আবেদন করার সময় আপনাকে অবশ্যই একটি অংশগ্রহণকারী হেলথ প্ল্যান নির্বাচন করতে হবে। আপনি যখন একটি হেলথ প্ল্যান বেছে নেবেন তখন আপনি ওই থাকা পরিষেবা সরবরাহকারী এবং হসপিটালগুলি ব্যবহার করবেন। আপনি আপনার নিজস্ব হেলথ প্ল্যান কার্ড পাবেন যাতে আপনি প্ল্যানটি থেকে পরিষেবাগুলি পেতে পারেন। কভার থাকা ফার্মেসি সুবিধাদির জন্য ব্যবহার করতে আপনি একতি কমন বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ডও (Common Benefit Identification Card, CBIC) পাবেন। আগে আপনি সুবিধাদি পেয়ে থাকলে এবং একটি কার্ড পাঠানো হয়ে থাকলে, একটি নতুন কার্ড স্বয়ংক্রিয়ভাবে আপনাকে পাঠানো হবে না। সম্ভব হলে, আপনি আগে যে কার্ডটি পেয়েছেন সেটিই আপনাকে ব্যবহার করতে হবে। অনুগ্রহ করে আপনার কার্ডটি একটি নিরাপদ জায়গায় রাখুন এবং কার্ডটি কাজ না করলে, হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে আপনার কর্মীকে অবিলম্বে তা জানান। এমনকি সুবিধাদি পাওয়া বন্ধ হয়ে গেলেও এই কার্ডটি রেখে দিন। ভবিষ্যতে আপনি যোগ্য হলে এই একই কার্ড আবার ব্যবহার করা যাবে।

**প্র. আমি কীভাবে একটি হেলথ প্ল্যান বেছে নেব?**

**উ.** একটি হেলথ প্ল্যান বেছে নেওয়ার সময়, আপনি কোন ডাক্তারকে চান, আপনার এবং আপনার পরিবারের কোন পরিষেবাগুলি প্রয়োজন, এবং আপনার জন্য কোন হেলথ প্ল্যান উপলভ্য আছে তা আপনাকে ভাবতে হবে। নিশ্চিত করুণ যে আপনি যে ডাক্তারকে দেখাতে চান তিনি আপনার বেছে নেওয়া হেলথ প্ল্যানে আছেন। আপনি একটি প্ল্যানে যোগদান করার পরে, আপনাকে অবশ্যই সেই প্ল্যানে থাকা হসপিটাল, ক্লিনিক এবং ডাক্তারদের ব্যবহার করতে হবে।

**প্র. এর খরচ কত?**

**উ.** FHPlus খরচ নেই, এবং কোনো বার্ষিক ফী বা ডিডাক্টেবল নেই। নথিভুক্তির পরে আপনাকে কিছু চিকিৎসা পরিচর্যা/পরিষেবার খরচের একটি অংশ আপনাকে পরিশোধ করতে বলা হতে পারে। এটিকে বলা হয় কো-পেমেন্ট বা কো-পে।

FHPlus এর জন্য কো-পেমেন্ট অর্থরাশিগুলি নিম্নরূপ:

| পরিষেবাদি | অর্থরাশি (ডলার) |
|---|---|
| • ব্র্যান্ড নামের প্রেসক্রিপশনের ওষুধ | প্রতিটি প্রেসক্রিপশন এবং রিফিলের জন্য 6 ডলার |
| • জেনেরিক প্রেসক্রিপশনের ওষুধসমূহ | প্রতিটি প্রেসক্রিপশন এবং রিফিলের জন্য 3 ডলার |
| • ক্লিনিক ভিজিট | প্রতি ভিজিটে 5 ডলার |
| • ডাক্তার দেখানো | প্রতি ভিজিটে 5 ডলার |
| • ডেন্টাল সার্ভিস ভিজিট | প্রতি ভিজিটে 5 ডলার বছরে সর্বাধিক মোট 25 ডলার |
| • ল্যাব টেস্ট | টেস্ট প্রতি 5 ডলার |
| • রেডিওলজি সার্ভিস (যেমন ডায়াগোনস্টিক এক্স-রে, আলট্রাসাউন্ড, নিউক্লিয়ার মেডিসিন, এবং অঙ্কোলজি সার্ভিস) | প্রতিটি রেডিওলজি সার্ভিসের জন্য 1 ডলার |
| • হসপিটালের অন্তর্বিভাগে থাকা | প্রতিটি থাকার জন্য 25 ডলার |
| • জরুরি না থাকা এমারজেন্সি রুমের ভিজিট | প্রতি ভিজিটে 3 ডলার |
| • আওতাভুক্ত করা- কাউন্টারের ওষুধগুলি (যেমন ধূমপান ছাড়ার পণ্য, ইনসুলিন) | ওষুধ পিছু 0.50 ডলার |
| • আওতাভুক্ত চিকিৎসা সংক্রান্ত সামগ্রী (যেমন সিরিঞ্জ, ল্যানসেট, টেস্ট স্ট্রিপ, এনটারাল ফর্মুলার মতো ডায়াবেটিক সামগ্রী) | সামগ্রী পিছু 1 ডলার |

গর্ভবতী নারী বা 21 বছরের কম বয়সী ব্যক্তিবর্গকে কো-পেমেন্ট করতে হবে না। উপরন্ত, জন্ম নিয়ন্ত্রণ সহ, পরিবার পরিকল্পনা পরিষেবায় যারা নথিভুক্ত হয়েছেন, অথবা তারা একটি নার্সিং হোমের, বিকাশগত প্রতিবন্ধকতার জন্য একটি অন্তর্বর্তী পরিচর্যা কেন্দ্রের একজন বাসিন্দা, বা একজন মানসিক স্বাস্থ্যের কার্যালয়ের বা মানসিক প্রতিবন্ধকতা এবং বিকাশগত অক্ষমতার (Office of Mental Health or Office of Mental Retardation and Developmental Disabilities) শংসাপ্রাপ্ত কমিউনিটি বাসস্থানের স্থায়ী বাসিন্দা হলে তাদের কো-পেমেন্ট করতে হবে না। আপনি স্টেট স্বাস্থ্য দপ্তরের একটি প্রাপ্তবয়স্কের পরিচর্যা কেন্দ্রের লাইসেন্সপ্রাপ্ত বাসিন্দা হলে, প্রেসক্রিপশনের ওষুধগুলির জন্য আপনাকে কো-পেমেন্ট করতে হবে না।

পরিষেবাগুলি পাওয়ার সময় আপনি কো-পেমেন্ট দিতে না পারলে, তা আপনার পরিষেবা সরবরাহকারীকে বলুন। পরিষেবা সরবরাহকারীকে তা সত্ত্বেও অবশ্যই আপনাকে পরিষেবা দিতে হবে কিন্তু পরে আপনাকে বিল করা হতে পারে।

**প্র.** **FHPlus কি অতীতের চিকিৎসার বিল পরিশোধ করতে সহায়তা করবে?**

**উ.** না। Medicaid এর মতো নয়, FHPlus প্ল্যানে নথিভুক্ত হওয়ার আগে আপনার পাওয়া পরিচর্যার জন্য FHPlus অর্থ প্রদান করে না।

**প্র.** **FHPlus সম্পর্কে অতিরিক্ত তথ্য আমি কোথায় পাবো?**

**উ.** FHPlus কর্মসূচি সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য, আপনি টোল ফ্রি হটলাইনের **1-877-9FHPlus (1-877-934-7587)** নম্বরে ফোন করতে পারেন বা **http:/www.health.state.ny.us/nysdoh/whatisfhp.htm**-এ FHPlus এর ওয়েবসাইটে লগ অন করতে পারেন।

**প্র.** **আমার যদি একটি প্রতিবন্ধকতা থাকে এবং আমি চাকরি করি এবং Medicaid-এ যোগ্য হওয়ার জন্য অনুমোদিত আয় এবং সংস্থানের থেকে বেশি আয় এবং সংস্থান থাকে তাহলে Medicaid স্বাস্থ্য পরিচর্যার কভারেজ পাওয়া বা রাখার কি কোনো উপায় আছে?**

**উ.** হ্যাঁ, আপনার বয়স যদি 16 থেকে 64 বছরের মধ্যে হয়, সামাজিক সুরক্ষা প্রশাসনের (Social Security Administration) সংজ্ঞা অনুযায়ী একটি প্রতিবন্ধকতা থাকে, এবং কর্মরত হন, প্রতিবন্ধকতা যুক্ত কর্মরত ব্যক্তিবর্গের জন্য Medicaid বাই-ইন কর্মসূচিতে (Medicaid Buy-In program for Working People with Disabilities, MBI-WPD) অংশগ্রহণ করে আপনি আপনার আয় যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্য সীমার (Federal Poverty Level, FPL) 250% পর্যন্ত রাখতে পারবেন এবং সংস্থান 10,000 ডলার পর্যন্ত রাখতে পারবেন। এই কর্মসূচিতে অংশগ্রহণ করা FPL এর 150% থেকে 250% গণনাযোগ্য আয় থাকা ব্যক্তিবর্গকে একটি মাসিক প্রিমিয়াম চার্জ করা হতে পারে।

**প্র.** **আপনি Medicaid বা FHPlus কর্মসূচির জন্য যোগ্য না হলে কী হবে? অন্য কোনো সহায়তা কি রয়েছে?**

**উ.** বিমা না থাকা যোগ্য ব্যক্তিবর্গকে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর ক্যান্সার পরিষেবা কর্মসূচি (New York State Department of Health Cancer Services Program) বিনামূল্যে ব্রেস্ট, সার্ভিক্যাল এবং কোলোরেক্টাল স্ক্রিনিং প্রদান করে। ব্রেস্ট, সার্ভিক্যাল এবং কোলোরেক্টাল ক্যান্সার ধরা পড়লে, আপনি Medicaid কভারেজ পেতে পারেন। সেইসাথে, এই কর্মসূচিতে একজন ডাক্তার একটি প্রস্টেট ক্যান্সার নির্ণয় করলে, চিকিৎসার জন্য আপনি Medicaid কভারেজ পেতে পারেন। আরো তথ্যের জন্য **1-800-422-2262** টোল ফ্রী নম্বরে ফোন করুন।

## বিভাগ C — শিশু সহায়তা

**প্র.** **শিশু সহায়তা বলবৎকরণ পরিষেবা কী?**

**উ.** শিশু সহায়তা বলবৎকরণ পরিষেবাগুলি হল প্রতিটি সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের মধ্যে শিশু সহায়তা বলবৎকরণ ইউনিট (Child Support Enforcement Unit, CSEU) দ্বারা প্রদত্ত পরিষেবাসমূহ। উপযুক্ততা অনুযায়ী CSEU আপনার জন্য নিম্নোক্তগুলি করবে:

- কম্পিউটারের মাধ্যমে অনুসন্ধান করে একটি ননকাস্টডিয়াল পিতামাতা খুঁজবে;
- উভয় পিতামাতাকে পিতৃত্বের একটি স্বেচ্ছামূলক স্বীকৃতি স্বাক্ষর করিয়ে বা বিষয়টিকে আদালতে নিয়ে গিয়ে একটি শিশুর জন্য আইনি পিতৃত্ব প্রতিষ্ঠা করা;
- পারিবারিক আদালতে পিটিশন জমা করে স্টেটের শিশু সহায়তার নির্দেশিকার ওপর ভিত্তি করে স্বাস্থ্য বিমার সুবিধাদি এবং নগদ চিকিৎসা সহায়তার জন্য বিধানগুলি সহ একটি সহায়তা আদেশ পাওয়া;
- পরিস্থিতির একটি উল্লেখযোগ্য পরিবর্তনের ক্ষেত্রে আদালতে একটি পিটিশন জমা করে একটি শিশু সহায়তার আদেশ পরিবর্তন করা;
- ননকাস্টডিয়াল পিতামাতার থেকে শিশু সহায়তা, বা শিশু এবং স্বামি/স্ত্রী সংক্রান্ত সহায়তার পেমেন্টগুলি সংগ্রহ এবং পরিশোধ করা;
- প্রশাসনিক প্রতিকার ব্যবস্থার মাধ্যমে শিশু সহায়তা, বা শিশু এবং স্বামি/স্ত্রী সংক্রান্ত সহায়তার বলবৎকরণ, যার মধ্যে রয়েছে: আয় রক্ষা রাখা, স্টেট এবং ফেডারেল ট্যাক্স রিফান্ড অফসেট, ব্যাংক অ্যাকাউন্ট বাজেয়াপ্তকরণ, লটারি অফসেট এবং ড্রাইভারের লাইসেন্স বাতিলকরণ অথবা আদালত নির্ভর বলবৎকরণের প্রতিকারসমূহ, যার মধ্যে রয়েছে: স্টেটের পেশার বা ব্যবসার লাইসেন্স বাতিলকরণ, বিনোদনমূলক লাইসেন্স বাতিলকরণ এবং আইনের অনুমোদিত অন্য যে কোন আদালত-ভিত্তিক প্রতিকার;
- যে সহায়তার আদেশ দেওয়া হয়েছে তার পর্যালোচনা করা এবং যথোপযুক্ত হলে একটি জীবনযাত্রার সামঞ্জস্যবিধানের (কস্ট-অফ-লিভিং অ্যাডজাস্টমেন্ট) আবেদন করা।

ননকাস্টডিয়াল পিতামাতা অন্য স্টেটে বসবাস করলে, হয় আপনার স্থানীয় CSEU নতুবা অন্য স্টেটের শিশু সহায়তা এজেন্সি আপনাকে পিতৃত্ব প্রতিষ্ঠা এবং প্রয়োজন এবং উপযুক্ততা অনুযায়ী একটি সহায়তার আদেশ পরিবর্তন এবং/অথবা বলবৎকরণে সহায়তা প্রদান করতে পারে।

**প্র.** **কে বা কারা শিশু সহায়তা বলবৎকরণ পরিষেবাগুলি পেতে পারে?**

**উ.** যে কোনো কাস্টডিয়াল বা ননকাস্টডিয়াল পিতামাতা, অথবা সহায়তার প্রয়োজন এমন একজন শিশুর অভিভাবক হিসেবে কাজ করা পিতামাতা নন (নন-পেরেন্ট) এমন তত্ত্বাবধায়ক।

এই পরিষেবাগুলি সাধারণ মানুষ, সেইসাথে সাময়িক সহায়তা, সেফটি নেট অ্যাসিস্টেন্স (Safety Net Assistance), চিকিৎসা সহায়তা, টাইটেল IV-E অথবা নন-টাইটেল IV-E ফস্টার কেয়ার, ফুড স্ট্যাম্প বেনিফিট এবং শিশু পরিচর্যার জন্য উপলভ্য।

**প্র.** **আমি কীভাবে আবেদন করব?**

**উ.** আপনি আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে থাকা CSEU এর সাথে যোগাযোগ করে আবেদন করতে পারেন অথবা, আপনি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করলে, মানব সম্পদ প্রশাসন শিশু সহায়তা বলবৎকরণ কার্যালয় (Human Resources Administration Office of Child Support Enforcement, HRA OCSE) এর সাথে যোগাযোগ করে একটি শিশু সহায়তা পরিষেবার আবেদনপত্র পেতে এবং তা পূরণ করতে পারেন। আইনি পিতৃত্ব প্রতিষ্ঠা করতে হবে এমন একটি শিশুর জন্য আপনি সাময়িক সহায়তার আবেদন করলে বা একজন ননকাস্টডিয়াল পিতামাতা থাকলে, আপনাকে স্বয়ংক্রিয়ভাবে CSEU-রে রেফার করা হবে।

**প্র.** **আমি শিশু সহায়তা বলবৎকরণের জন্য আবেদন করলে বা আমাকে সেখানে রেফার করা হলে কী হবে?**

**উ.** আপনার শিশু(শিশুদের) জন্য সহায়তা সুরক্ষিত করতে কওন কোন পরিষেবা প্রয়োজন তা নির্ধারণ করতে আপনাকে CSEU এর কাছে একটি ইন্টারভিউ দিতে হবে। ইন্টারভিউয়ের সময় আপনাকে তথ্য এবং নথি প্রদান করতে হবে, যেমন:

- ননকাস্টডিয়াল পিতামাতার নাম, সোশ্যাল সিকিউরিটি নম্বর, জন্ম তারিখ এবং ডাক ঠিকানা এবং বাড়ির ঠিকানা;
- ননকাস্টডিয়াল পিতামাতার নিয়গকারির নাম ও ঠিকানা;
- আপনার নিজের এবং ননকাস্টডিয়াল পিতামাতার আউএর তথ্যের কপি (যেমন, ট্যাক্স রেকর্ড, বেতনের রশিদ, ব্যাংক এবং ব্যবসার রেকর্ড);
- উপলভ্য স্বাস্থ্য পরিচর্যার কভারেজ সম্পর্কে তথ্য;
- শিশুটির জন্মের শংসাপত্র বা একটি বিবাহের শংসাপত্র;
- সহায়তা, বিচ্ছেদের সম্মতি, বিবাহ বিচ্ছেদের ফরমান বা পিতৃত্বের স্বীকৃতির জন্য আদালতের আদেশনামার কপি; এবং
- আপনার শিশু-সংক্রান্ত খর্চ সম্পর্কে তথ্য (যেমন, শিশু সহায়তা, স্বাস্থ্য পরিচর্যা এবং শিক্ষার খরচ)।

আপনার জন্য শিশু সহায়তা পাওয়া দ্রুততর করতে এই তথ্য শিশু সহায়তা বলবৎকরণ কর্মসূচির সক্ষমতার জন্য গুরুত্বপূর্ণ। আপনার সহায়তা কর্মী আপনাকে পরবর্তী পদক্ষেপগুলির জন্য আপনাকে সহায়তা করবে।

**প্র.** **আমি সাময়িক সহায়তার জন্য আবেদন করলে আমাকে কি শিশু সহায়তা বলবৎকরণ কর্মসূচির সাথে সহযোগিতা করতে হবে?**

**উ.** হ্যাঁ, যোগ্যতার একটি শর্ত হিসেবে আপনাকে অবশ্যই করতে হবে:

- বিবাহবন্ধনে আবদ্ধ হওয়ার জন্য শিশুর জন্ম হলে তার আইনি পিতৃত্ব প্রতিষ্ঠার জন্য এজেন্সির সাথে সহযোগিতা করা; এবং
- যে শিশুর জন্য সহায়তা চাওয়া হয়েছে তার জন্য শিশু সহায়তা প্রতিষ্ঠা, পরিবর্তন এবং বলবৎকরণের জন্য এজেন্সির সাথে সহযোগিতা করা।

**প্র.** **শিশু সহায়তা বলবৎকরণ কর্মসূচির সাথে আমি সহযোগিতা না করলে কী হবে?**

**উ.** কোনো ন্যায্য কারণ ছাড়া যখন একজন ব্যক্তি শিশু সহায়তা বলবৎকরণ কর্মসূচির সাথে সহযোগিতা না করেন, তখন পরিবারটির জন্য উপলভ্য সাময়িক সহায়তার পরিমাণ 25% কমানো হয়।

**প্র.** **আমার শিশুর বা আমার নিরাপত্তা বিষয়ক উদ্বেগ থাকার জন্য আমি সহযোগিতা করতে না চাইলে কী হবে?**

**উ.** আপনার উদ্বেগটি কী তা আপনার কর্মীকে জানাতে হবে। আপনার ন্যায্য কারণ আছে কিনা অথবা শিশু সহায়তার আবশ্যিকতা থেকে আপনার একটি গার্হস্থ্য সহিংসতার ছাড় পাওয়ার প্রয়োজন আছে কিনা তা নির্ধারণ করতে কর্মীটি আপনাকে যথাযথ পদক্ষেপ নিতে গাইড করবেন।

**প্র.** **আমি যখন সাময়িক সহায়তার জন্য আবেদন করব, শিশু সহায়তার পেমেন্টগুলি পেতে আমাকে কি আমার অধিকারগুলি অর্পণ করতে হবে?**

**উ.** হ্যাঁ অক্টোবর 1, 2009 থেকে শুরু করে, নতুন সাময়িক সহায়তার আবেদনকারী/প্রাপকদের সহায়তার যে কোনো অধিকার অর্পণ করতে হবে যা আবেদনকারী/প্রাপকের নিজস্ব অধিকারে সহায়তার সে সময়কালে প্রাপ্য হয়েছে অথবা পরিবারের অন্যান্য সদস্যের তরফে তার নিজস্ব অধিকার অথবা তার নিজস্ব অধিকার বা পরিবারের অন্য সদস্যের অধিকার যার জন্য আবেদনকারী/প্রাপক সহায়তার জন্য আবেদন করছেন বা পাচ্ছেন। অক্টোবর 1, 2009 এর আগের সাময়িক সহায়তার আবেদনকারী/প্রাপকরা, তাদের হয়ে তাদের থাকা সহায়তার সমস্ত অধিকার বা তার নিজস্ব অধিকার বা পরিবারের অন্য সদস্যের অধিকার যার জন্য আবেদনকারী/প্রাপক সহায়তার জন্য আবেদন করছেন বা পাচ্ছেন তাদের অধিকার অর্পণ করা অবিরত রাখবেন, তা সেই অধিকার সহায়তার সময়কালে প্রাপ্য হোক বা না হোক।

যে সহায়তার অধিকারগুলো সাময়িক সহায়তার জন্য 1লা অক্টোবর, 2009 সালের আগে আবেদনকারী/প্রাপকরা স্টেটকে নির্ধারণ করেছিল, সেগুলো নির্ধারিতই থাকবে যদি সেই সমস্ত ব্যক্তিবর্গ 1লা অক্টোবর 2009 তারিখে বা তার পরে পুনরায় আবেদন করেন। তবে, নতুন আবেদনকারী/প্রাপকরা সহায়তার প্রাপক থাকাকালীন যে সহায়তার অধিকাগুলো জমিয়ে ছিলেন শুধুমাত্র সেগুলোই তাদের জন্য 1লা অক্টোবর 2009 তারিখে বা তার পরে করা নতুন অ্যাসাইনমেন্টগুলো সাপেক্ষ হবে।

**প্র.** **আমি সাময়িক সহায়তা পেলে কি তার সঙ্গে শিশু সহায়তার পেমেন্টও পেতে পারি?**

**উ.** আপনি যখন আপনার সহায়তার অধিকার নির্ধারণ করেন, তখন শিশু সহায়তার পেমেন্ট সংগ্রহ করা হয় যেহেতু আপনাকে এবং আপনার সাময়িক সহায়তা কেসে থাকা পরিবারের অন্যান্য সদস্যদের প্রদান করা সুযোগ-সুবিধা পরিশোধের উদ্দেশ্যে আপনার পাওয়া সাময়িক সহায়তা প্রথমে নির্দিষ্ট এজেন্সির কাছে বণ্টিত হয়। তবে, প্রতিমাসে বর্তমান সহায়তা সংগ্রহ করার সময়, এজেন্সিতে বণ্টিত ফান্ড কেটে নেওয়ার জন্য আপনি আপনার EBT কার্ডে একটি "পাস-থ্রু পেমেন্ট" পাবেন। একবার সহায়তার অধিকারের যেকোনও উপস্থিত অ্যাসাইনমেন্ট দ্বারা যতদূর সম্ভব অনুমোদিত ততদূর আপনাকে প্রদান করা সমস্ত সুবিধার জন্য অর্থ পরিশোধ হয়ে গেলে, সংগ্রহ করা হয়েছে এমন সহায়তার যেকোনও বাড়তি অর্থরাশি আপনার EBT কার্ডে আপনাকে "বাড়তি সহায়তার পেমেন্ট" হিসাবে প্রদান করা হবে।

**প্র.** **"পাস-থ্রু পেমেন্ট" বলতে কী বোঝায়?**

**উ.** একটি পাস-থ্রু পেমেন্ট হল নির্ধারিত সংগ্রহ করা বর্তমান সহায়তার একটি অংশ, যা সময় মতো স্টেট পাঠিয়ে দেয় বর্তমানে সাময়িক সহায়তায় থাকা পরিবারগুলোর কাছে। পাস-থ্রু পেমেন্ট, সংগ্রহ করা বর্তমান সহায়তার সর্বাধিক প্রথম 100 ডলারের তুলনায় কম যা প্রতি মাসে সংগ্রহ করা হয় অথবা বর্তমান সহায়তা বিষয়ক দায়বদ্ধতার অর্থরাশি। 1লা জানুয়ারি, 2010 থেকে কার্যকর, 100 ডলারের পাস-থ্রু পেমেন্ট সাময়িক সহায়তা কেসে 21 বছরের কমবয়সী কোনও ব্যক্তি থাকলে অবিরত থাকবে। একই সাময়িক সহায়তা কেসে দুই বা ততোধিক ব্যক্তি থাকলে, পাস-থ্রু পেমেন্ট সামান্য পরিমাণে বেড়ে প্রতি মাসে সংগৃহীত বর্তমান সহায়তার সর্বোচ্চ প্রথম 200 ডলারের বা মাসের জন্য সংগৃহীত বর্তমান সহায়তার বিষয়ক দায়িত্বের অর্থরাশির তুলনায় কম হয়। নির্দিষ্ট পরিবার সাময়িক সহায়তার কত পরিমাণ অর্থ পাবে নির্ধারণের সময় পাস-থ্রু পেমেন্টের হিসাব না হলেও আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাদি কমিয়ে দিতে পারে।

**প্র.** **আমার সমস্ত সাময়িক সহায়তার সুবিধাদির জন্য সংগৃহীত সহায়তা সমস্ত অর্থ পরিশোধ করে দেওয়ার পরে আমার শিশু সহায়তার এরিয়ারের কী হবে?**

**উ.** আপনি সাময়িক সহায়তায় থাকাকালীন, আপনাকে প্রদান করা সমস্ত সুবিধাদি যদি শিশু সহায়তা অ্যাসাইনমেন্ট সাপেক্ষ হয় এবং তা পরিশোধিত হয়ে যায়, সেক্ষেত্রে আপনার পাওনা যেকোনও সংগৃহীত এরিয়ার/অতীতের বকেয়া সহায়তার সাপোর্ট পেমেন্ট পাওয়ার আপনি অধিকারী। 1লা অক্টোবর 2009 থেকে শুরু করে, এই এরিয়ারগুলো "ফ্যামিলি এরিয়ার" হিসাবে সাপোর্ট কালেকশন ইউনিট সরাসরি আপনাকে প্রদান করবে। উপরন্তু, কোনও বর্তমান সাপোর্ট সংগ্রহ থাকলে নির্দিষ্ট পরিবার "পাস-থ্রু পেমেন্ট" পেতে পারে।

**প্র.** **কীভাবে ফ্যামিলি এরিয়ার আমার সুবিধাদিতে প্রভাব ফেলবে?**

**উ.** আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের কাছে ফ্যামিরি এরিয়ারগুলোর পেমেন্টের পরিমাণ রিপোর্ট করা হবে এবং সেটি আপনার সাময়িক সহায়তা, ফুড স্ট্যাম্প এবং/অথবা Medicaid এর সুবিধাদির যোগ্যতাকে প্রভাবিত করছে কিনা পর্যালোচনা করা হবে।

**প্র.** **আমি সাময়িক সহায়তা পাওয়া বন্ধ হয়ে গেলেও কি শিশু সহায়তা পরিষেবা এবং সংগ্রহ চলবে?**

**উ.** শিশু সহায়তা বলবৎকরণ পরিষেবা আপনার সাময়িক সহায়তার কেস বন্ধ হয়ে যাওয়ার পরেও স্বয়ংক্রিয়ভাবে চলবে, যদি না আপনি CSEU-কে আপনার কেস বন্ধ করার অনুরোধ করেন। আপনি শিশু সহায়তা বলবৎকরণ পরিষেবা অবিরত রাখলে, সাময়িক সহায়তার জন্য আবেদন করার সময় নির্ধারিত অধিকারের অধীনে নির্দিষ্ট এজেন্সির পাওয়া অতীতের-বকেয়া/এরিয়ারের জন্য করা কোনও সংগ্রহ ব্যতীত সংগৃহীত সমস্ত শিশু সহায়তা আপনি পাবেন।

**প্র.** **কতদিন পর্যন্ত একজন পিতা বা মাতাকে শিশু সহায়তার জন্য অর্থপ্রদান করতে হয়?**

**উ.** একজন পিতা বা মাতার সন্তানের বয়স 21 বছর না হওয়া পর্যন্ত তার একটি দায়িত্ব থাকে। সেই শিশুর বয়স 21 হয়ে গেলে, পিতা বা মাতা শুধুমাত্র অতীতের বকেয়া সহায়তা/এরিয়ার দিয়ে বাধিত থাকেন।

## বিভাগ D ফুড স্ট্যাম্পের সুবিধাদি

**প্র.** **ফুড স্ট্যাম্পের সুবিধাদি কী?**

**উ.** ফুড স্ট্যাম্পের সুবিধাদি খাবারের আইটেমগুলো কিনতে ব্যবহৃত হয় এবং আপনি আপনার সাধারণ সুবিধা সনাক্তকরণের কার্ড (Common Benefit Identification Card, CBIC) ব্যবহার করার সময় আপনি সেটি ভাঙাতে পারেন। বেশিরভাগ খাবারের দোকান CBIC/EBT কার্ড গ্রহণ করে। দোকানের দরজায় বা জানলায় কোয়েস্ট (Quest) চিহ্ন দেখুন।

**প্র.** **কারা ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেতে পারেন?**

**উ.** আপনি ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেতে পারেন যদি আপনি:

- কর্মরত হন এবং কম বেতন পান
- কম আয় থাকে বা কোনও আয় না থাকে
- প্রবীণ ব্যক্তি বা অক্ষম
- সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI) বা সাময়িক সহায়তা পান
- গৃহহীন (এমনকী আপনি কারও সাথে সাময়িকভাবে বাস করলেও অথবা আপনি সাময়িকভাবে আশ্রয়স্থলে থাকলেও)

**দ্রষ্টব্য:** আপনার কোনও বাড়ি এবং একটি গাড়ি থাকলেও আপনি ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেতে পারেন।

**প্র.** **আমি আমার সাময়িক সহায়তার সীমায় পৌঁছে গেলেও কি আমি ফুড স্ট্যাম্প সুবিধাদির আবেদন করতে পারি?**

**উ.** হ্যাঁ ফুড স্ট্যাম্প সুবিধাদির কর্মসূচির ক্ষেত্রে নগদ সহায়তা কর্মসূচির সীমাবদ্ধতা প্রযোজ্য নয়।

**প্র.** **আমি কীভাবে ফুড স্ট্যাম্প সুবিধাদির আবেদন করব?**

**উ.** আবেদনের জন্য আপনাকে একটি ফুড স্ট্যাম্প সুবিধাদি-র আবেদনপত্র পূরণ করতে হবে। আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ থেকে একটি আবেদনপত্রের অনুরোধ করা যেতে পারে। উপরন্তু, আপনি **http://www.otda.state.ny.us/main/apps/4826.pdf**থেকে ফুড স্ট্যাম্পের একটি আবেদন ডাউনলোড করে প্রিন্ট করতে পারেন। একটি ফুড স্ট্যাম্প সুবিধাদির আবেদন আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ অথবা NYC-তে আপনার স্থানীয় ফুড স্ট্যাম্প সেন্টারকে অবশ্যই গ্রহণ করতে হবে, যদি আপনি অন্ততপক্ষে আপনার নাম, ঠিকানা (আপনার থাকলে) পূরণ করে থাকেন এবং স্বাক্ষর করেন। এটা জরুরি কারণ আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদির আবেদন যেদিন ফেরৎ **(ফাইল)** দেন সেইদিন থেকে আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদির অর্থের পরিমাণ নির্ধারিত হয়। আপনি আরও বেশি ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেতে পারেন যদি আপনি আবেদনপত্রটি পাওয়ার দিনই সেটি ফেরত দেন। তবে, অনুগ্রহ করে মনে রাখবেন যে, আপনি ফুড স্ট্যাম্পের সুবিধাদি পাবেন কিনা দেখতে আপনাকে আবেদনের বাকি অংশ পূরণ করতে হবে।

**দ্রষ্টব্য:** আপনার পরিবারের সবাই সাময়িক সহায়তার জন্য আবেদন করে থাকলে, সাধারণত আপনাকে আলাদাভাবে ফুড স্ট্যাম্প সুবিধাদির জন্য আবেদন করতে হবে না। সাথে, আপনাকে ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেতে সাময়িক সহায়তার জন্যও আবেদন করতে হবে না।

**প্র.** **আমি কোথায় আবেদন করব?**

**উ.** আপনি আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে সশরীরে গিয়ে, ডাকযোগে বা ফ্যাক্স করে আবেদন করতে পারেন। আপনি নিউ ইয়র্ক সিটির বাইরে থাকলে, আপনার নিকটবর্তী সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের ঠিকানার জানতে টোল-ফ্রি নম্বর **1-800-342-3009**-তে ফোন করুন। আপনি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করলে, টোল-ফ্রি নম্বর**1-877-472-8411** বা টোল-ফ্রি নম্বর **1-800-342-3009** বা 311 নম্বরে ফোন করে আপনার নিকটবর্তী কেন্দ্রের ঠিকানা এবং ফোন নম্বর পেতে পারেন। আপনার কাছে ইন্টারনেটের অ্যাক্সেস থাকলে, নিম্নলিখিত ওয়েবসাইটে আপনার নিকটবর্তী এজেন্সি বা সেন্টারের তথ্য পাওয়া যাবে: **http://www.otda.state.ny.us/main/workingfamilies/dss.asp.**

**প্র.** **আমার হয়ে কি কেউ ফুড স্ট্যাম্পের জন্য আবেদন করতে পারেন?**

**উ.** আপনার পরিবারের জন্য আপনি কোনও আত্মীয় বা বন্ধুকে দিয়ে আবেদনের সিদ্ধান্ত নিতে পারেন। এই ব্যক্তিকে "**অনুমোদিত প্রতিনিধি**" বলে উল্লেখ করা হবে। আপনাকে আবেদনে তাদের নাম, ঠিকানা এবং ফোন নম্বর বড় হাতের অক্ষরে লিখতে (প্রিন্ট) হবে যেভাবে নির্দেশাবলীতে নির্দেশ করা আছে। জায়গাটি সাধারণত আবেদনপত্রের পিছনে বা শেষে দেওয়া থাকে। আপনি এবং অনুমোদিত প্রতিনিধি দুজনকেই আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে যদি না আপনি কোনও প্রতিষ্ঠানে বাস করেন। আপনি চাইলে, এই ব্যক্তি বা অন্য কোনও ব্যক্তি আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদির অ্যাক্সেসের অনুমোদন পেতে পারেন এবং সেগুলো আপনার খাবার কেনাকাটায় ব্যবহার করতে পারেন। এটা করতে একজন অনুমোদিত প্রতিনিধি তার নিজস্ব EBT কার্ড (CBIC) পেতে পারেন।

**প্র.** **আমাকে কি সশরীরে ফুড স্ট্যাম্প সুবিধাদির জন্য আবেদন করতে হবে?**

**উ.** না। আপনি ডাকে চিঠি পাঠিয়ে আবেদন করতে পারেন বা অন্য ব্যক্তি আপনার হয়ে আবেদন করতে পারেন।

> **দ্রষ্টব্য:** আপনার কাছে ইন্টারনেটের অ্যাক্সেস থাকলে, **www.myBenefits.ny.gov**-এ গিয়ে আপনি ফুড স্ট্যাম্পের সুবিধাদি এবং অন্যান্য চাকরির সহায়তা পাওয়ার যোগ্য কিনা দেখে নিন। আপনার পরিবারের সবাই সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI) এর আবেদন করলে বা পেলে, আপনিও আপনার স্থানীয় সামাজিক নিরাপত্তা প্রশাসন কার্যালয়ে আবেদন করতে পারেন।

**প্র.** **আমি আবেদনপত্র ফেরৎ দেওয়ার পরে কী হয়?**

**উ.** আপনি আপনার আবেদনপত্র ফেরৎ দেওয়ার পরে, একজন কেসকর্মীর সাথে আপনার একটি গোপনীয় ইন্টারভিউ করা হবে। সাধারণত, এই ইন্টারভিউতে আপনাকে সশরীরে আসতে হবে যদি না:

- আপনার হয়ে যেতে পারার মতো আপনার একজন অনুমোদিত প্রতিনিধি থাকে।
- আপনার বয়স 60 বা তদোর্ধ্ব হয় বা আপনি অক্ষম হন এবং আপনার হয়ে যাওয়ার মতো আপনার কাছে কোনও অনুমোদিত প্রতিনিধি না থাকে।
- আপনি কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে যান পরিবহণের সমস্যা বা পরিস্থিতিগুলোর কারণে, যেমন অন্তর্ভুক্ত হলেও সীমিত নয় কোনও গ্রামীণ বা দূরবর্তী স্থানে বসবাস, অসুস্থতা, পরিবারের সদস্যের পরিচর্যা, দীর্ঘস্থায়ী খুব খারাপ আবহাওয়া বা কাজের সময় যা অফিসে আসা কঠিন করে তুলছে।
- আপনি একা থাকেন এবং সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI) পান বা আপনি আপনার স্পাউসের সাথে থাকেন আর তিনিও SSI পান।
- আপনি ঘরবন্দী।
- আপনার সাময়িক সহায়তা বহির্ভুত ফুড স্ট্যাম্পের সুবিধাদি (Non-Temporary Assistance Food Stamp Benefits, NTA-FS)-তে পরিবার কর্মরত পরিবারগুলোর ফুড স্ট্যাম্প সুবিধাদির উদ্যোগের মানদণ্ড পূরণ করে যা হল:
  - ফুড স্ট্যাম্প পরিবারে থাকা যেকোনও সদস্যকে প্রতি সপ্তাহে গড়ে 30 ঘন্টা কাজ করতে হবে **অথবা** গড়ে সাপ্তাহিক উপার্জন প্রতি সপ্তাহ 30 ঘন্টা কাজের ন্যূনতম ফেডারেল বেতনের সমান বা তার বেশি হতে হবে; অথবা
  - ফুড স্ট্যাম্প পরিবারে থাকা যেকোনও দুজন প্রাপ্তবয়স্ক সদস্যের প্রত্যেকের কাজ প্রতি সপ্তাহে 20 ঘন্টা হবে **অথবা উপার্জন** সাপ্তাহিকভাবে গড়ে ফেডারেলের ন্যূনতম বেতন প্রতি সপ্তাহে 20 ঘন্টার সমান বা তার বেশি হবে।

যদি না সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ আপনাকে ফুড স্ট্যাম্প সুবিধাদির কাজের প্রয়োজনীয়তার ব্যতিক্রমী বলে নির্ধারণ করে, আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদির কাজের কর্মকাণ্ডেও অংশগ্রহণ করাও আবশ্যক।

> **দ্রষ্টব্য:** যদি আপনি ইন্টারভিউতে যেতে না পারেন এবং আপনার হয়ে যাওয়ার কেউ না থাকে, আপনাকে ফোন মাধ্যম ইন্টারভিউ করা হতে পারে অথবা একজন কেসকর্মী আপনার বাড়িতে আসার অনুরোধ করতে পারেন।

**প্র.** **ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেতে কতদিন সময় লাগবে?**

**উ.** আপনার প্রথম আবেদন করার পর 30 দিন সময় লাগতে পারে।

**প্র.** **আমি কি অবিলম্বে ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেতে পারি?**

**উ.** হ্যাঁ, আপনি আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাদি পাঁচ ক্যালেন্ডার দিবসের মধ্যে পেতে পারেন। এটাকে **ত্বরান্বিত প্রক্রিয়াকরণ (Expedited Processing)** বলে।

সাধারণত, আপনার **ত্বরান্বিত প্রক্রিয়াকরণ** হতে পারে যদি আপনি ফুড স্ট্যাম্প সুবিধাদির যোগ্য হন এবং:

- আপনার পরিবারের কাছে 100 ডলারের কম নগদ এবং অন্যান্য উপলভ্য সংস্থান থাকে **এবং** আপনার আবেদন করার মাসে 150 ডলারের কম মোট উপার্জন হিসাবে পেয়েছে বা পেতে চলেছে; অথবা
- আপনার আয় এবং উপলভ্য সংস্থান আপনার ভাড়া বা বন্ধক, সংযোজিত হিট, ইউটিলিটি এবং ফোনের থেকে কম, অথবা
- আপনি একজন অভিবাসী বা মরসুমি খামার কর্মী

> **দ্রষ্টব্য:** আপনাকে ফুড স্ট্যাম্প সুবিধাদির তরান্বিত প্রক্রিয়াকরণ পেতে খাবার ছাড়া থাকতে হবে না।

**প্র.** **আমি যোগ্য বিবেচিত হলে, আমি আমার ফুড স্ট্যাম্প সুবিধাদি কীভাবে অ্যাক্সেস করব?**

**উ.** অনুগ্রহ করে এই বুক-এর **বিভাগ K: "ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার (EBT) দিয়ে সুযোগ-সুবিধা পান"** অংশটি দেখুন।

**প্র.** **আমি কখন আমার ফুড স্ট্যাম্পের সুবিধাদি অ্যাক্সেস করতে পারব?**

**উ.** **আপনি নিউ ইয়র্ক সিটির *বাইরে* বসবাস করলে:**

আপনার কেসের শেষ নম্বর, 1 থেকে 9 বলে দেবে মাসের সেই নিকটতম দিন যখন আপনি আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাদি অ্যাক্সেস করতে পারবেন। উদাহরণস্বরূপ, আপনার কেস 2-এ শেষ হলে, আপনি সেই মাসের 2য় দিন থেকে শুরু করে আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাদি অ্যাক্সেস করতে পারবেন। আপনার কেস 0-এ শেষ হলে, আপনি নির্দিষ্ট মাসের 1ম থেকে শুরু করতে আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাদি অ্যাক্সেস করতে পারবেন।

**আপনি নিউ ইয়র্ক সিটি *তে* বসবাস করলে:**

আপনি আপনার ফুস স্ট্যাম্প সুবিধাদির কার্যালয় থেকে একটি ফর্ম পাবেন যেখানে বলে দেওয়া থাকবে নির্দিষ্ট মাসের নিকটতম দিন যখন থেকে আপনি আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাদি অ্যাক্সেস করতে পারবেন। উদাহরণস্বরূপ, ফর্মটিতে বলা থাকে আপনি 3rd থেকে আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাদি অ্যাক্সেস করতে পারবেন, তাহলে 3rd থেকে শুরু করে আপনি আপনার সাধারণ সুবিধাদি সনাক্তকরণের কার্ড (Common Benefit Identification Card, CBIC) ব্যবহার করতে পারবেন।

**ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (Personal Protective Equipment, NOTE)**: আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদির অ্যাকাউন্টটি ধারাবাহিক 365 দিন ধরে ব্যবহার করা না হলে, সেই অ্যাকাউন্টে 365 দিনের পুরোনো যেকোনও ভাতা সরিয়ে দেওয়া হবে (***মুছে ফেলা হবে***) এবং প্রতিস্থাপন করা হবে না।

**প্র.** **ফুড স্ট্যাম্পের সুবিধাদি কি প্রবীণ নাগরিকদের কেন্দ্রগুলোতে এবং বাড়িতে খাবার সরবরাহের জন্য ব্যবহার করা যেতে পারে?**

**উ.** আপনি আপনার ফুড স্ট্যাম্প সুবিধার অ্যাকাউন্ট থেকে চার্জ করার জন্য এই সমস্ত পরিষেবাগুলোর উদ্দেশ্যে একটি ভাউচার লিখে দিতে পারেন।

**প্র.** **আমার পরিবারে থাকা কোনও ব্যক্তি কোনও ফুড স্ট্যাম্প কর্মসূচির কাজের প্রয়োজনীয়তা অনুসরণ না করলে বা কোনও চাকরি ছেড়ে দিলে কী হবে?**

**উ.** যে ব্যক্তি ফুড স্ট্যাম্প সুবিধাদির কাজের প্রয়োজনীয়তা, মেনে চলেন না বা কোনও উপযুক্ত কারণ ছাড়াই স্বেচ্ছায় ছেড়ে দেন বা কাজের সময় কমান, তাদের উপর নিষেধাজ্ঞা জারি হবে (সেই ব্যক্তিকে কোনও ফুড স্ট্যাম্প দেওয়া হবে না), সাধারণত নির্দিষ্ট কিছু সময়ের জন্য।

**প্র.** **আমি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক না হলেও কি আমি কি ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেতে পারি?**

**উ.** নাগরিক নন এমন অনেক যোগ্যতাসম্পন্ন বহিরাগত আছেন যারা ফুড স্ট্যাম্প (Food Stamp) সুবিধাদির যোগ্য। আপনি ফুড স্ট্যাম্প সুবিধাদির যোগ্য না হলেও, আপনি আপনার সন্তানদের ফুড স্ট্যাম্প সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন। আপনার অভিবাসন বিষয়ে আপনার অভিবাসন স্থিতি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের কোনও নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবার' (USCIS) নেওয়া সিদ্ধান্তের জন্য ফুড স্ট্যাম্প সুবিধাদির প্রভাবিত হওয়ার কোনও কথা নয়।

আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রের (ইউ.এস) নাগরিক, মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক নন এমন মার্কিন যুক্তরাষ্ট্রের মানুষ (আমেরিকান সামোয়া বা সোয়েইন আইল্যান্ডে জন্মানো ব্যক্তিরা) বা যোগ্য বহিরাগত হন, তাহলে আপনি ফুড স্ট্যাম্প (Food Stamp) সুবিধাবলীর জন্য যোগ্য হতে পারেন। ফুড স্ট্যাম্প সুবিধাদির যোগ্যতার উদ্দেশ্যে একজন যোগ্য বহিরাগতকে হতে হবে:

1. অভিবাসন এবং জাতীয়তা আইনের (Immigration and Nationality Act, INA) সেকশন 289 এর অধীনে আমেরিকান ইন্ডিয়ান জাতির অন্তত 50 শতাংশ রক্ত সহ ক্যানাডায় জন্ম একজন আমেরিকান ইন্ডিয়ান; বা
2. এমন একটি ভারতীয় উপজাতির একজন সদস্য যেটি ফেডারেলভাবে ভারতীয় উপজাতি (25 U.S.C. 450b(e)) দ্বারা স্বীকৃত; অথবা
3. একজন বহিরাগত যিনি একজন হামং বা হাইল্যান্ড লাওটিয়ান হিসাবে অনুমোদিত, স্পাউস এবং নির্ভরশীল সন্তান(সন্তানাদি) সমেত; অথবা
4. INA এর ধারা 207 এর অধীনে অনুমোদিত একজন শরণার্থী; বা
5. INA এর ধারা 208 এর অধীনে আশ্রয় অনুমোদিত হয়েছে এমন বহিরাগত; বা
6. 1লা এপ্রিল 1997 এর পূর্বে কার্যকর INA এর ধারা 243(h) এর অধীনে যে বহিরাগতের অপসারণ মুলতুবি রাখা হয়েছে অথবা INA এর ধারা 241(b)(3) এর অধীনে যার অপসারণ মুলতুবি রাখা হয়েছে; বা
7. একজন বহিরাগত কিউবান বা হাইতিয়ান প্রবেশকারী হিসাবে স্বীকৃত; অথবা
8. একজন বহিরাগত যিনি পাচারের শিকার সুরক্ষা আইনের (Trafficking Victims Protection Act) ধারা 103(8) এর অধীনে পাচারের শিকার; বা
9. একজন বহিরাগত যিনি মার্কিন সশস্ত্র বাহিনীর সক্রিয় দায়িত্বে রয়েছেন অথবা সসম্মানে দায়মুক্ত একজন ভেটেরান, তাদের স্বামী বা স্ত্রী এবং নির্ভরশীল সন্তানাদি এবং মারা গেছেন এমন একজন সক্রিয় দায়িত্বে থাকা সদস্য বা একজন ভেটেরানের অবিবাহিত জীবিত স্পাউস এবং অবিবাহিত নির্ভরশীল সন্তানাদি; অথবা
10. একজন বহিরাগত যিনি একজন আমেরেসিয়ান হিসেবে প্রবেশ করেছেন; বা
11. INA এর ধারা 212(d)(5) এর অধীনে কমপক্ষে 1 বছরের জন্য প্যারোল প্রাপ্ত একজন বহিরাগত যার 5 বছর অবস্থানের অনুমতি রয়েছে; বা
12. একজন বহিরাগত বা বহিরাগতের পিতা-মাতা বা সন্তান যিনি মার্কিন যুক্তরাষ্ট্রে কোনও পরিবারের সদস্য দ্বারা চূড়ান্ত নির্মমতায় আহত বা মারধরের শিকার এবং 22শে আগস্ট 1996 সালের আগের ইউ.এস.-এ প্রবেশ করে বা 5 বছর থাকার স্টেটাস আছে; অথবা
13. INA এর অধীনে স্থায়ী বসবাসের জন্য আইনসঙ্গতভাবে প্রবেশের অনুমোদিত একজন বহিরাগত এবং যিনি নিম্নলিখিতগুলির মধ্যে একটি পূরণ করেন:
    - 5 বছরের যোগ্য স্থিতি আছে, অথবা
    - কাজের 40 যোগ্য কোয়াটার অর্জন করেছে অথবা ক্রেডিট করতে পারে, অথবা
    - নির্দিষ্ট কিছু প্রতিবন্ধকতার সুবিধাদি যোগ্য স্থিতি আছে এবং তা পাচ্ছে, অথবা
    - আঠারো বছর বয়সের মধ্য রয়েছে এবং তার যোগ্য স্থিতি রয়েছে।

**ন্যায্য শুনানির অধিকার**

আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাদি অস্বীকার করা হলে, আপনার সুবিধাদি বন্ধ করা হলে, স্থগিত করা বা কমানো হলে অথবা সমাজ পরিষেবার স্থানীয় বিভাগের নেওয়া সিদ্ধান্তের সাথে আপনি সম্মত না হলে আপনার কাছে একটি ন্যায্য শুনানির অধিকার আছে। ন্যায্য শুনানির অধিকার সম্বন্ধে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে বুক 1 (LDSS-4148A)-এর "আপনার অধিকার ও দায়িত্বসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত" অংশটি দেখুন।

**প্রশ্ন?**

ফুড স্ট্যাম্পের সুবিধাটি সম্বন্ধে আরও তথ্যের জন্য, আপনি নিম্নলিখিত ইন্টারনেট ওয়েবসাইটে যেতে পারেন:
**http://www.otda.state.ny.us/main/foodstamps/।**

# বিভাগ E অবস্থানান্তরকালীন সহায়তা

**প্র. যখন আমার অস্থায়ী সহায়তা বন্ধ হয়ে যাবে তখনও কি আমি শিশু সহায়তা পাবো?**

**উ.** যে প্রাপকরা স্বেচ্ছায় তাদের সহায়তার কেস বন্ধ করেন অথবা অন্যথায় সহায়তার জন্য অযোগ্য হন, তারা একটি শিশু সহায়তার ভর্তুকির যোগ্য হতে পারেন। আপনি কর্মরত এবং আপনার পরিবারের উপার্জন অনুমোদিত সীমার মধ্যে পরে বলে আপনার শিশু সহায়তার প্রয়োজন হলে, আপনার কেসকর্মীকে আপনার সাময়িক সহায়তা বন্ধ হওয়ার আগে এই শিশু সহায়তার জন্য আপনার যোগ্যতা নির্ধারণ করতে হবে। আপনাকে শিশু সহায়তার খরচের একটি অংশ প্রদান করতে হবে। এই শিশু সহায়তাকে স্থানান্তরকালীন শিশু সহায়তা (transitional child care) বলে এবং আপনি যখন আর সাময়িক সহায়তার যোগ্য থাকবেন না তখন সর্বাধিক 12 মাসের জন্য উপলভ্য হবে।

**প্র. আমার মেডিকেল সহায়তা বন্ধ হয়ে গেলে কী হবে?**

**উ.** স্থানান্তরকালীন মেডিকেল সহায়তা - যদি আপনার বর্ধিত উপার্জিত আয়ের কারণে অথবা আপনার উপার্জিত এবং অনুপার্জিত আয়ের সমন্বয় বৃদ্ধি পাওয়ায় আপনি অযোগ্য হওয়ার কারণে আপনার কম উপার্জিত পরিবারের মেডিকেল সহায়তা বন্ধ হয়ে যায় , তাহলেও আপনি স্থানান্তরকালীন মেডিকেল সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন। কম উপার্জিত পরিবারের মেডিকেল সহায়তা হল সাময়িক সহায়তার যোগ্য পরিবারগুলোর জন্য মেডিকেল সহায়তা কর্মসূচি, তবে কম উপার্জিত পরিবারের মেডিকেল সহায়তা পেতে আপনি সাময়িক সহায়তা নিতে বাধ্য নন।

আপনি আরও 6 মাসের অতিরিক্ত সুবিধা পেতে পারেন যদি:

- আপনি কম উপার্জিত পরিবারের মেডিকেল সহায়তা গত 6 মাসের মধ্যে 3 মাস পেয়ে থাকেন।
- আপনার সাথে বসবাসকারী আপনার একটি 21 বছরের কমবয়সী শিশু রয়েছে।

এই 6 মাস হয়ে গেলে, আপনি **আরও 6** মাসের স্থানান্তরকালীন মেডিকেল সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন যদি:

- আপনার উপার্জন ফেডারেল দারিদ্র সীমার 185% এর কম হয়, চাকরির জন্য কম শিশু সহায়তার খরচ আবশ্যিক।
- আপনার সামাজিক সহায়তার স্থানীয় বিভাগের মাধ্যমে পাঠানো রিপোর্টটি পূরণ করুন যাতে তারা দেখতে পারে আপনি এখনও সহায়তা পাওয়ার যোগ্য।
- আপনার সাথে বসবাসকারী আপনার একটি 21 বছরের কমবয়সী শিশু রয়েছে।

গর্ভাবস্থার যেকোনও মাসে মেডিকেল সহায়তার যোগ্য একজন মহিলা তার গর্ভাবস্থা শেষ হওয়ার পরে 60 দিন মেডিকেল সহায়তার যোগ্য থাকে। 60-দিনের প্রসব-পরবর্তী সম্প্রসারণ পেতে, নির্দিষ্ট মহিলাকে তার গর্ভাবস্থা শেষ হওয়ার আগে অবশ্যই মেডিকেল সহায়তার জন্য আবেদন করতে হবে।

গর্ভাবস্থায় চিকিৎসা সহায়তার যোগ্য এবং সেটি পাচ্ছেন এমন মহিলার একটি সদ্যজাত শিশু জন্মানোর পর একবছর হওয়া পর্যন্ত মেডিকেল সহায়তা পেতে পারেন। চিকিৎসা সহায়তায় Medicaid, ফ্যামিলি হেল্থ প্লাস, পরিবার পরিকল্পনা সুবিধাদির কর্মসূচি (Family Planning Benefit Program) এবং মহিলারা আনুমানিকভাবে প্রসব করার পরে 3 মাস পর্যন্ত অন্তর্ভুক্ত থাকে। কোনও মহিলা প্রসবের পরে 3 মাসের মধ্যে Medicaid এর আবেদন করেন এবং যখন তিনি সন্তান প্রসব করেছেন তখন প্রত্যাবর্তনমূলক সময়কালের জন্য যোগ্য হন, তাহলে সেই শিশুটি এক বছরের কভারেজ পাওয়ার যোগ্য হয়।

19 বছর বয়সী যে শিশুরা **সম্পূর্ণভাবে** চিকিৎসা সহায়তার যোগ্য তাদের নির্ধারিত হওয়ার বা পুনঃনির্ধারিত হওয়ার তারিখ থেকে অথবা তাদের 19তম জন্মদিন পর্যন্ত 12 মাসের চিকিৎসা সহায়তা দেওয়া হবে, এক্ষেত্রে যেটি তাড়াতাড়ি হবে, উপার্জন বা পরিস্থিতিতে কোনও পরিবর্তন নির্বিশেষে।

কোনও ব্যক্তি একটি পরিচালিত পরিচর্যা সংস্থা (Managed Care Organization, MCO)-এ নিবন্ধন করলে নির্দিষ্ট ব্যক্তি চিকিৎসা সহায়তার যোগ্যতা হারালেও তার MCO এর মাধ্যমে প্রস্তাবিত মুষ্টিবদ্ধ সুবিধাদির জন্য ছয়মাসের চিকিৎসা সহায়তার কভারেজ নিশ্চিত হয়।

**প্র. আমি কি আমার সাময়িক সহায়তা বন্ধ হওয়ার পরে এখনও শিশু সহায়তা সংগ্রহে সাহায্য পেতে পারি?**

**উ.** হ্যাঁ, সাময়িক সহায়তার প্রাক্তন প্রাপক হিসাবে শিশু সহায়তা পরিষেবা স্বয়ংক্রিয়ভাবে আপনার জন্য চলতে থাকবে যদি না আপনি লিখিতভাবে সেই সমস্ত পরিষেবা বন্ধের অনুরোধ করেন। আপনার কেস বন্ধ হওয়ার সময়ই পরিষেবাদি অবিরত থাকার বিজ্ঞপ্তি আপনার পাওয়া উচিত।

**প্র. আমার সাময়িক সহায়তা বন্ধ হওয়ার পরেও কি আমি ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেতে পারি?**

**উ.** যদি আপনি কর্মরত হন এবং কম বেতন পান, অথবা কাজ করতে অক্ষম হন, সেক্ষেত্রে আপনি তখনও ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেতে পারেন **(এই বুক-এর বিভাগ D এর "ফুড স্ট্যামের সুবিধাবলী" দেখুন)।**

# বিভাগ F শিশু পরিচর্যা

**প্র. শিশু পরিচর্যা সহায়তা কী?**

**উ.** শিশু পরিচর্যার সহায়তা এমন পিতা-মাতা(দের)/পরিচর্যাকারীকে(দের) সাহায্য করে যে সমস্ত পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) নিজ সন্তান(দের) পরিচর্যা ও তত্ত্বাবধানের সময় উপস্থিত থাকতে পারেন না বলে তাদের সন্তানের(দের) জন্য পরিচর্যার ব্যক্তি প্রয়োজন হয়। শিশু পরিচর্যার সহায়তা কোনও পিতা-মাতা(দের)/পরিচর্যাকারীকে(দের) শিশু পরিচর্যা পরিষেবার সামগ্রিক বা আংশিক খরচ প্রদানে সাহায্য করে।

**প্র. কারা শিশু পরিচর্যার সহায়তা পেতে পারেন?**

**উ.** নির্দিষ্ট কিছু পরিবার আছে যাদের জন্য শিশু পরিচর্যা নিশ্চিত, সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের কাছে ফান্ড উপলভ্য থাকলে কিছু পরিবার যোগ্য হতে পারে এবং অন্যান্য পরিবারগুলো যোগ্য হতে পারে যদি ডিসট্রিক্টের কাছে ফান্ড থাকে এবং শিশু পরিচর্যার জন্য সেই শ্রেণীর পরিবারগুলোকে অর্থ প্রদানের সিদ্ধান্ত তারা নেয়।

নিম্নলিখিত পরিবারগুলোর শিশু পরিচর্যা নিশ্চিত, যখন সেই ধরনের পরিষেবা 13 বছরের কমবয়সী কোনও শিশুর জন্য প্রয়োজন:

- এমন পরিবার যারা কোনও সাময়িক সহায়তার জন্য আবেদন করছে বা তাতে আছে যেখানে সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ অনুযায়ী ওরিয়েন্টেশন বা মূল্যায়ন এর মতো চাকরির কর্মকাণ্ডে অংশগ্রহণ আবশ্যক অথবা অন্য কোনও কার্যকলাপ নিযুক্ত থাকা আবশ্যক।
- সাময়িক সহায়তায় আছে এমন পরিবার, যারা চাকরির কার্যকলাপ আবশ্যক বলে অংশগ্রহণ করছে।
- সাময়িক সহায়তার জন্য আবেদন করছে অথবা অন্যথায় যোগ্য হবে অথবা সাময়িক সহায়তা পেতো এবং যোগ্য থাকা সত্ত্বেও ঐচ্ছিকভাবে বন্ধ নিজেদের কেস করেছেন এমন পরিবারসমূহ। পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) যাতে কাজ করতে পারেন তার জন্য পিতা-মাতা(দের)/পরিচর্যাকারী(দের) আবশ্যিকভাবে আত্মীয়ের(আত্মীয়দের) শিশু পরিচর্যার প্রয়োজন, প্রয়োজনীয়তা অনুযায়ী।
- পরিবারগুলোর অবস্থান্তরকালীন সাময়িক সহায়তা বন্ধ, যখন পিতা-মাতা(দের) কাজের জন্য শিশু পরিচর্যা প্রয়োজন।

নিম্নলিখিত পরিবারগুলো শিশু পরিচর্যা সহায়তার যোগ্য হয় যখন সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের কাছে ফান্ড উপলভ্য হয় এবং 13 বা তার বেশি বয়সী একজন যোগ্য শিশুর জন্য সাময়িক সহায়তা পাওয়ার আবেদন করে অথবা সেটি পাওয়া পরিবারগুলোর হয় বিশেষ প্রয়োজনীয়তা আছে অথবা আদালতের পরিদর্শনের মধ্যে রয়েছে এবং শিশু পরিচর্যা প্রয়োজন। যাতে একজন পিতা বা মাতা/পরিচর্যাকারী/আত্মীয় ওরিয়েন্টেশন, মূল্যায়ন বা চাকরির কর্মকাণ্ড সমেত সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ অনুযায়ী আবশ্যক কার্যকলাপগুলোতে অংশগ্রহণ করতে পারেন।

সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে ফান্ড উপলভ্য হলে এবং নির্দিষ্ট পরিবার সাময়িক সহায়তায় থাকলে এবং শিশু পরিচর্যা প্রয়োজন হলে নিম্নলিখিত পরিবারগুলো শিশু পরিচর্যা সহায়তার যোগ্য হয়:

- বিশেষ প্রয়োজন আছে বা আদালতের পর্যবেক্ষণে রয়েছে এমন 13 বছর বা তার বেশি বয়সী একজন শিশুর জন্য, যাতে পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা)/আত্মীয়(রা) কাজ করতে পারেন।
- পিতা-মাতা/পরিচর্যাকারী/আত্মীয় যাতে কাজে নিযুক্ত হতে পারেন অথবা আবশ্যক চাকরির কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে পারেন এবং
- শিশুটির বিশেষ প্রয়োজন আছে বা আদালতের পর্যবেক্ষণে রয়েছে।

সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে ফান্ড উপলভ্য হলে নিম্নলিখিত পরিবারগুলো শিশু পরিচর্যা সহায়তার যোগ্য হতে পারে:

- 13 বা তার বেশি বয়সী একটি শিশুর জন্য সাময়িক সহায়তা পাওয়ার জন্য আবেদন করা বা পাচ্ছে এমন পরিবার,
- পিতা-মাতা/পরিচর্যাকারী আত্মীয়ের কাজে নিযুক্ত হওয়ার জন্য অথবা আবশ্যক চাকরির কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য শিশু পরিচর্যা প্রয়োজন।
- নির্দিষ্ট শিশুর বিশেষ প্রয়োজন রয়েছে অথবা শিশুটি আদালতের তত্ত্বাবধানাধীন রয়েছে।

নিম্নলিখিত পরিস্থিতিতে পরিবারগুলোর জন্য শিশু পরিচর্যা উপলভ্য যদি সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ এই পরিবারগুলোকে পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নেয়, পরিবারটি সাময়িক সহায়তায় থাকে এবং সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে ফান্ড উপলভ্য থাকে। আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ নিম্নলিখিত এক বা একাধিক শ্রেণীতে শিশু পরিচর্যা সহায়তা প্রদান করবে কিনা তা আপনার কেসকর্মীকে জিজ্ঞাসা করুন:

- এমন পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী আত্মীয়(রা) যাদের আবশ্যক কার্যকলাপের সাথে অতিরিক্তভাবে কোনও অনুমোদিত কার্যকলাপে অংশগ্রহণ করছেন
- এমন পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী আত্মীয়(রা) যাদের নিষেধাজ্ঞা রয়েছে কিন্তু পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী আত্মীয়(রা) ভর্তুকিহীন চাকরিতে অংশগ্রহণ করছেন এবং ফেডারেল এবং স্টেট শ্রম আইনের অধীনে ন্যূনতম মাত্রার সমমাত্রায় অথবা বেশিমাত্রায় উপার্জিত বেতন পাচ্ছেন।

শিশু পরিচর্যা নিম্নলিখিত পরিবারগুলোর জন্য উপলভ্য যদি সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ সেই সমস্ত পরিবারগুলোকে পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নেয়, পরিবারটির উপার্জন অনুমোদিত সীমার মধ্যে থাকে, সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের ফান্ড উপলভ্য থাকে,
এবং কার্যকলাপটি পরিবারের আত্ম-সহায়তার জন্য একটি পরিকল্পনার অংশ হিসাবে প্রয়োজনীয় বলে নির্ধারিত হয়। আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ এই শ্রেণীবিভাগের জন্য শিশু পরিচর্যা সহায়তা দেয় কিনা আপনার কেসকর্মীকে জিজ্ঞাসা করুন:

- পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) সর্বাধিক ছয় মাসের জন্য একটি চাকরি খুঁজছেন এবং পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) নিউ ইয়র্ক স্টেটের কর্মনিযুক্তি পরিষেবা কার্যালয়ের শ্রম দপ্তর (New York State Department of Labor's Division of Employment Services Office)-এ নিবন্ধন করেছেন।
- পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) নির্দিষ্ট শিক্ষামূলক বা বৃত্তিমূলক কার্যকলাপের সাথে যুক্ত আছেন।

শিশু পরিচর্যা নিম্নলিখিত পরিবারগুলোর জন্য উপলভ্য যদি সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ সেই সমস্ত পরিবারগুলোকে পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নেয়, পরিবারটি হয় সাময়িক সহায়তায় থাকে অথবা অনুমোদিত সীমার মধ্যে উপার্জন থাকে এবং সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের কাছে ফান্ড উপলভ্য থাকে। নিম্নলিখিত এক বা একাধিক পরিস্থিতিতে আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ শিশু সহায়তা পরিষেবার জন্য অর্থ প্রদান করবে কিনা আপনার কেসকর্মীকে জিজ্ঞাসা করুন:

- পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) কোনও অনুমোদিত মাদকের অপব্যবহার চিকিৎসা কর্মসূচিতে অংশগ্রহণ করছেন, অথবা মাদক অপব্যবহার চিকিৎসার স্ক্রিনিং করিয়েছেন অথবা প্রয়োজনীয়তা আছে বলে মূল্যায়ন হয়েছে,
- পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) গৃহহীন অথবা গার্হস্থ সহিংসতার শিকার হওয়ায় পরিষেবা পাচ্ছেন এবং একটি অনুমোদিত কার্যকলাপে অংশগ্রহণ করছেন অথবা গার্হস্থ সহিংসতার শিকারদের জন্য পরিষেবার স্ক্রিনিং হয়েছে অথবা প্রয়োজনীয়তা আছে মূল্যায়ন হয়েছে,
- পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) স্বল্প সময়কালের জন্য কোনও ইমার্জেন্সি পরিস্থিতিতে রয়েছেন যেমন কোনও কারণের জন্য দিনের মধ্যে বেশিরভাগ সময় পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) বাড়িতে অনুপস্থিত যেমন অগ্নিকাণ্ড, আবাসনের খোঁজ বা কোনও বয়স্ক বা প্রতিবন্ধী আত্মীয়ের জন্য কাজকর্ম/গৃহস্থালী করে দেওয়া,
- পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) শারীরিকভাবে বা মানসিকভাবে অক্ষম বা বাড়ির থেকে দূরে পারিবারিক দায়িত্ব আছে,
- পিতা-মাতা(রা)/পরিচর্যাকারী(রা) নির্দিষ্ট শিক্ষামূলক বা বৃত্তিমূলক কর্মসূচিতে জড়িত আছেন। এই কয়েকটি কর্মসূচির মধ্যে কয়েকটির জন্য পিতা-মাতা(দের)/পরিচর্যাকারী(দের) সপ্তাহে অন্তত 17 ½ ঘন্টা কাজ করতেই হবে এবং ফেডারেল এবং স্টেটের শ্রম আইনের অধীনে ন্যূনতম বেতনের মাত্রার সমান বা তার বেশি উপার্জন করতে হবে। কর্মসূচিটি আপনার উপার্জনের ক্ষমতা বাড়াতে পারবে কিনা তা সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে সিদ্ধান্ত নিতে হবে। কর্মসূচিটি সফলভাবে সম্পূর্ণ করার সম্ভাবনা আপনার আছে কিনা সেটিও সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগকে সিদ্ধান্ত নিতে হবে।

শিশু পরিচর্যা নিম্নলিখিত পরিস্থিতিতে পরিবারগুলোর জন্য উপলভ্য হবে যদি সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ সেই সমস্ত পরিবারগুলোকে পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নেয়, পরিবারটির উপার্জন অনুমোদিত সীমার মধ্যে থাকে এবং পরিবারের আত্ম সহায়তার জন্য পরিকল্পনার প্রয়োজনীয় অংশ হিসাবে কার্যকলাপটি নির্ধারিত হয়। নিম্নলিখিত পরিস্থিতিতে সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ শিশু পরিচর্যা সহায়তা প্রদান করবে কিনা তা আপনার কেসকর্মীকে জিজ্ঞাসা করুন:

- উপার্জন নির্বিশেষে, যখন কোনও উন্মুক্ত শিশু সুরক্ষা পরিষেবা (child protective services) বা প্রতিরক্ষামূলক পরিষেবা (preventive services)-র কেস থাকে এবং নির্ধারিত হয় যে শিশুটির(শিশুদের) সুরক্ষিত করতে বা ফস্টার পরিচর্যার স্থান প্রতিরক্ষার জন্য শিশু পরিচর্যা প্রয়োজন।

**প্র. শিশু পরিচর্যার গ্যারান্টি বলতে কী বোঝায়?**

**উ.** শিশু পরিচর্যার গ্যারান্টি হল আপনি যোগ্যতার শর্তগুলো পূরণ করলে, সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ আপনার শিশুর পরিচর্যার জন্য একজন যোগ্য শিশু পরিচর্যা প্রদানকারীকে একটি শিশু পরিচর্যার ভর্তুকি দেবে। আপনাকে শিশু পরিচর্যা খরচের আপনার অংশটি প্রদান করতে হবে যদি আপনি সাময়িক সহায়তা না পান। উপরন্তু, আপনার শিশু পরিচর্যা প্রদানকারী সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের অনুমোদিত অর্থ প্রদানের তুলনায় বেশি অর্থ চাইলে, আপনাকে সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের অনুমোদিত অর্থ ও আপনার পরিষেবা প্রদানকারীর ধার্য করা অর্থের মাঝে হওয়া পার্থক্যের পরিমাণটি দিতে হবে।

**প্র. শিশু পরিচর্যার গ্যারান্টিতে কি কোনও সময়সীমা আছে?**

**উ.** সাময়িক সহায়তায় থাকা যেসব পরিবার একটি শিশু পরিচর্যা গ্যারান্টির যোগ্য হয় তারা যতদিন পর্যন্ত সাময়িক সহায়তায় থাকবে এবং সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের আবশ্যক কার্যকলাপে অংশগ্রহণ করবে ততদিন শিশু পরিচর্যার সহায়তা পাবে। যেসব পরিবার স্থানান্তরকালীন শিশু পরিচর্যা গ্যারান্টির অধীনে থাকে তারা বারো মাসের অবস্থান্তরকালীন শিশু পরিচর্যার সহায়তায় সীমিত। সাময়িক সহায়তার বিনিময়ে শিশু পরিচর্যার জন্য কোনও সময়ের সীমাবদ্ধতা নেই যতক্ষণ পর্যন্ত আপনার আয় সেই মাত্রার সমান বা কম থাকে যা আপনাকে সাময়িক সহায়তার জন্য যোগ্য থাকার সুযোগ দেয়।

**প্র. শিশু পরিচর্যার সহায়তা পেতে একটি শিশুর অনুমোদিত বয়সের পরিসর কত?**

**উ.** সাধারণত, একটি শিশুর বয়স 13 বছরের কম হলে সে শিশু পরিচর্যার যোগ্য হয়। তবে, সেই 18 বছরের কমবয়সী শিশুদের জন্য ব্যতিক্রম করা হয়, যারা হয় আদালতের পর্যবেক্ষণাধীন রয়েছেন অথবা যাদের বিশেষ প্রয়োজন রয়েছে। বিশেষ প্রয়োজন থাকা অথবা আদালতের পর্যবেক্ষণাধীন থাকা শিশু এবং 19 বয়সাধীন শিশুরা যোগ্য হতে পারে যতক্ষণ পর্যন্ত নির্দিষ্ট শিক্ষার্থী অনুমোদিত শিক্ষামূলক বা বৃত্তিমূলক কর্মসূচিতে সম্পূর্ণ-সময়ের শিক্ষার্থী থাকে।

**প্র. আমি কীভাবে শিশু পরিচর্যা সহায়তার জন্য আবেদন করব?**

**উ.** আপনি নিউ ইয়র্ক সিটি বাইরে বসবাস করলে, আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে ফোন করুন বা যান এবং একটি আবেদনের প্যাকেজ চান। যদি আপনি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করেন এবং সাময়িক সহায়তায় থাকেন অথবা সাময়িক সহায়তার জন্য আবেদন করেন, তাহলে আপনার স্থানীয় জব সেন্টারে ফোন করুন অথবা দেখা করুন। আপনি শুধুমাত্র শিশু পরিচর্যা সহায়তার জন্য আবেদন করলে, নিউ ইয়র্ক সিটির তথ্য বিষয়ক হেল্পলাইনের 311 এ ফোন করুন, তারাই আপনাকে বলে দেবে পরবর্তীতে আপনাকে কোথায় ফোন করতে হবে। আপনাকে অ্যাপ্লিকেশন প্যাকেজটি সম্পূর্ণ করতে হবে এবং সশরীরে গিয়ে বা ইমেল করে সেটি জমা দিতে হবে। মনে রাখবেন, আপনি যেদিন আবেদনপত্রটি পাচ্ছেন সেদিনই সেটি জমা দিতে পারেন।

**প্র. আমি শিশু পরিচর্যা সহায়তার জন্য আবেদন করার পরে কী হবে?**

**উ.** যে দিন আপনার আবেদনটি সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ পেয়েছে সেদিন থেকে 30 দিনের মধ্যে আপনাকে নির্দিষ্ট কিছু বিষয় প্রমাণের জন্য অনুরোধ করা হবে। "আপনার অধিকার ও দায়িত্বসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত", বুক 1 (LDSS-4148A) দেখুন। আপনার আবেদন পাওয়ার 30 দিনের মধ্যে, আপনি শিশু পরিচর্যার সহায়তা পাওয়ার যোগ্য কিনা তা সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ নির্ধারণ করবে এবং তাদের যোগ্যতার সিদ্ধান্ত নেওয়ার 15 দিনের মধ্যে আপনাকে তা লিখিতভাবে জানাবে।

**প্র. আমি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক না হলেও কি শিশু পরিচর্যার সহায়তা পেতে পারি?**

**উ.** হ্যাঁ, তবে, যে শিশুটির শিশু পরিচর্যা পরিষেবা প্রয়োজন তাকে আইনত মার্কিন যুক্তরাষ্ট্রেরই হতে হবে।

**প্র.** **আমি শিশু পরিচর্যা সহায়তার জন্য আবেদন করলে কি আমার অনুপস্থিত পিতা বা মাতার থেকে শিশু সহায়তার খোঁজ আবশ্যক?**

**উ.** না, শিশু পরিচর্যার সহায়তা (child care assistance) পেতে শিশু সহায়তার (child support) খোঁজ আবশ্যক নয়। তবে, পিতা-মাতার অধিকার স্থাপন এবং সেই পিতা-মাতার মধ্যে যিনি আর্থিক সংস্থান প্রদান করেন তার উপর শিশুদের সহযোগিতার দায়িত্ব অর্পন করলে তা পরিবারটিকে আত্ম-নির্ভর হওয়ার এবং আর্থিক নিরাপত্তার দিকে একধাপ এগিয়ে নিয়ে যায়। শিশু সহায়তা নিউ ইয়র্ক স্টেটের একক পিতা বা মাতার পরিবারগুলোর জন্য একটি গুরুত্বপূর্ণ উপার্জনের উৎস। কাস্টডিয়াল পেরেন্টের উপার্জনের পরেই, শিশু সহায়তা কম উপার্জনের পরিবারগুলোর উপার্জনের দ্বিতীয় বৃহত্তম উৎস। শিশু সহায়তার উপার্জন এবং অনুপস্থিত পিতা বা মাতার থেকে আপনার শিশুর জন্য যেকোনও স্বাস্থ্যসেবা বিমার সুবিধা গ্রহণ আপনার পরিবারের কল্যাণের জন্য জরুরি।

প্রতিতি স্থানীয় সামাজিক পরিষেবার ডিসট্রিক্টের কাছে চাইল্ড সাপোর্ট এনফোর্সমেন্ট ইউনিট (CSEU) আছে যা আপনার সন্তানের পিতা-মাতার অধিকার স্থাপনে সাহায্য করবে। একটি সহায়তার আদেশনামা পেতে আমরা আপনাকে পারিবারিক আদালতে একটি আবেদন জমা করতে CESU আপনাকে সহায়তা করব যেটি নিম্নলিখিত শিশু সহায়তা নির্দেশিকা ভিত্তিক। শিশু সহায়তা আপনার শিশু পরিচর্যার কিছু খরচকে আওতাভুক্ত করতে পারে। এছাড়াও, আপনি যে শিশু সহায়তা পাওয়ার অধিকারি সেটি পাচ্ছেন কিনা তা CSEU নিশ্চিত করবে এবং বকেয়া সহায়তার অর্থ সংগ্রহ করতে ফ্যামিলি আদালতে একটি পিটিশন দাখিল করতে আপনাকে সাহায্য করবে। আপনার অনুরোধ সাপেক্ষে CSEU আপনার সহায়তার অর্ডার পর্যালোচনা করবে এবং যোগ্য হলে শিশু সহায়তার পরিমাণের সঙ্গে জীবনযাত্রার খরচে সামঞ্জস্যবিধান করবে।

আপনার থেকে বা ননকাস্টোডিয়াল বাবা-মা এর থেকে উপলভ্য হলে আপনার সন্তান আইনসঙ্গত ভাবে স্বাস্থ্যবিমা পাওয়ার অধিকারী। নন-কাস্টোডিয়াল পিতামাতার নিয়োগকারীর মাধ্যমে এই কভারেজটি পেতে CSEU একটি আবেদন দাখিল করতে আপনাকে সহায়তা করবে।

নন-কাস্টোডিয়াল পিতামাতা নিউইয়র্ক স্টেটে থাকুক বা না থাকুক, এই পরিষেবাগুলি আপনার জন্য উপলভ্য। আপনি যে বছরই শিশু সহায়তার পরিষেবা পাবেন সেই সময় একটি $25 ডলারের বার্ষিক পরিষেবা ফি ধার্য করা হবে যদি আপনি কখনও অভাবী পরিবারগুলোর জন্য সাময়িক সহায়তার প্রাপক না হয়ে থাকেন এবং প্রতিবছর 1st অক্টোবর থেকে শুরু করে আপনার 12-মাসের সময়কালে অন্ততপক্ষে $500 ডলার শিশু সহায়তা সংগ্রহ করা হয়েছে।

**প্র.** **শিশু পরিচর্যার জন্য অর্থ প্রদান করে কতটা সাহায্য আমি পেতে পারি?**

**উ.** আপনি সাময়িক সহায়তায় থাকলে আপনার শিশু পরিচর্যা সহায়তার জন্য পরিবারের ভাগটি প্রদান করা আবশ্যক নয়। আপনি সাময়িক সহায়তায় না থাকলে আপনাকে শিশু পরিচর্যার খরচের একটি শেয়ার প্রদান করতে হবে। পরিমাণটি আপনার পরিবারের আকার এবং আপনার উপার্জনের উপর নির্ভর করে। আপনার পরিষেবা প্রদানকারী সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের অনুমোদিত অর্থের তুলনায় বেশি চাইলে সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের অনুমোদিত অর্থ এবং আপনার পরিষেবা প্রদানকারীর চাহিদার মধ্যে হওয়া ব্যবধানের অর্থও আপনাকে প্রদান করতে হবে।

**প্র.** **একজন শিশু পরিচর্যা প্রদানকারী খুঁজতে আমি কীভাবে সাহায্য পেতে পারি?**

**উ.** একজন শিশু পরিচর্যা প্রদানকারী খুঁজতে আপনার এলাকার শিশু পরিচর্যা সংস্থান রেফারেল এজেন্সি (Child Care Resource Referral Agency) সাহায্য করতে পারে। আপনি নিউ ইয়র্ক সিটির বাইরে থাকলে আপনার এলাকার শিশু পরিচর্যার সংস্থান এবং রেফারেল এজেন্সি খুঁজতে নিউ ইয়র্ক স্টেটের চাইল্ড কেয়ার কোঅর্ডিনেটিং কাউন্সিলকে **(518) 690-4217** নম্বরে ফোন করতে পারেন। আপনি নিউ ইয়র্ক সিটিতে থাকলে আপনি একজন শিশু পরিচর্যা প্রদানকারী খুঁজতে **888-469-5999** টোল ফ্রি নম্বরে ফোন করতে পারেন। অথবা আপনি নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবার কার্যালয় (New York State Office of Children and Family Services) এর ওয়েবসাইট **http://www.ocfs.state.ny.us**- গিয়ে, তারপর আপনার পরিবারের জন্য সঠিক শিশু পরিচর্যার কেন্দ্র খুঁজতে "কর্মসূচি ও পরিষেবাদি" (Programs and Services), থেকে "চাইল্ড ডে কেয়ার" (child day care) এবং তারপর "শিশু পরিচর্যা" (child care) -এ যান। আপনি আপনার এলাকার সমস্ত কর্মসূচি অনুসন্ধান করতে পারেন এবং নিউ ইয়র্ক স্টেটের মানদণ্ড মেনে শিশুর ডে কেয়ার প্রদানকারীর বিষয়ে তাদের রেকর্ড সম্বন্ধে তথ্য পেতে পারেন।

**প্র.** **কে আমার সন্তানের পরিচর্যা করতে পারবেন?**

**উ.** যে কোনও আইনত-অনুমোদনযোগ্য শিশু পরিচর্যা বাছাইয়ের অধিকার আপনার আছে। এর মধ্যে রয়েছেঃ

- লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত দিবা পরিচর্যা কেন্দ্র (ডে কেয়ার সেন্টার)
- লাইসেন্সপ্রাপ্ত গ্রুপ ফ্যামিলি ডে কেয়ার
- নিবন্ধিত ফ্যামিলি ডে কেয়ার হোম
- নিবন্ধিত স্কুল যাওয়ার বয়সীদের শিশু পরিচর্যার কর্মসূচি
- বন্ধু-বান্ধব, প্রতিবেশী এবং আত্মীয় যারা উপযুক্তভাবে আইনত-ছাড়ের ব্যবস্থাপ্রাপ্ত পরিচর্যাকারী নিয়োগের এজেন্সির সাথে নিবন্ধিত
- আইনত-ছাড়প্রাপ্ত গ্রুপ চাইল্ড কেয়ারের পরিচর্যাকারী যেমন সেই সমস্ত সামার ডে ক্যাম্প যেগুলো উপযুক্তভাবে আইনত-ছাড়ের ব্যবস্থাপ্রাপ্ত পরিচর্যাকারী নিয়োগ এজেন্সির কাছে নিবন্ধিত।

**প্র.** **অবস্থান্তরকালীন শিশু পরিচর্যা কী?**

**উ.** স্থানান্তরকালীন শিশু পরিচর্যা সেই পরিবারগুলোর জন্য যারা সাময়িক সহায়তা পাচ্ছিলেন কিন্তু চাকরি বা শিশু সহায়তার কারণে উপার্জন বৃদ্ধি হওয়ায় অযোগ্য হয়ে গেছেন। আপনি সাময়িক সহায়তার জন্য অযোগ্য হওয়ার পরে সর্বাধিক 12 মাসের জন্য স্থানান্তরকালীন শিশু পরিচর্যার সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন।

আপনার কেসকর্মী আপনার সাময়িক সহায়তা বা নিশ্চিত শিশু পরিচর্যার কেস বন্ধ হওয়ার আগে স্থানান্তরকালীন শিশু পরিচর্যার যোগ্যতা নির্দিষ্ট করবেন। আপনার সাময়িক সহায়তার কেস বন্ধ হওয়ার আগে বা বন্ধ হওয়ার পরে তাড়াতাড়ি আপনি আপনার কেসকর্মীকে জানাতে পারলে, আপনার কোনও নতুন আবেদনপত্র সম্পূর্ণ করার প্রয়োজন হবে না। তবে, আপনি যোগ্য কিনা জানতে তাদের আপনার কাছ থেকে কিছু অতিরিক্ত তথ্যের প্রয়োজন হতে পারে। আপনি অবস্থান্তরকালীন শিশু পরিচর্যার যোগ্য কিনা তা আপনার কর্মীকে জিজ্ঞাসা করুন।

অবস্থান্তরকালীন শিশু পরিচর্যার আবশ্যিকতাগুলি হল:

- আপনার পরিবারের উপার্জন নির্দিষ্ট সীমা অতিক্রম করতে পারবে না;
- আপনাকে গত ছয় মাসের মধ্যে তিন মাস সাময়িক সহায়তায় থাকতে হবে অথবা গত ছ'মাসের মধ্যে তিন মাসে সাময়িক সহায়তার বিনিময়ে শিশু পরিচর্যা গ্রহণ করতে হবে।
- আপনার শিশুর বয়স 13 বছরের কম হতে হবে এবং আপনি যাতে কাজ করতে পারেন তার জন্য শিশু পরিচর্যার প্রয়োজন; এবং

আপনি প্রতিমাসে শিশু পরিচর্যা খরচের একটি অংশ দিতে বাধিত থাকবেন। আপনি আপনার পরিবারের আকার ও আপনার উপার্জনের উপর নির্ভর করে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করবেন। আপনার পরিষেবা প্রদানকারী সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের অনুমোদিত অর্থের তুলনায় বেশি চাইলে সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের অনুমোদিত অর্থ এবং আপনার পরিষেবা প্রদানকারীর চাহিদার মধ্যে হওয়া ব্যবধানের অর্থও আপনাকে প্রদান করতে হবে।

আপনার অবস্থান্তরকালীন শিশু পরিচর্যার সহায়তা বন্ধ হয়ে যাবে যদি:

- আপনি উপরে তালিকাবদ্ধ দায়িত্বগুলো সম্পূর্ণ না করেন; অথবা
- আপনার বারো মাসের যোগ্যতার সময়কাল শেষ হয়ে যায়; বা
- আপনি কোনও উপযুক্ত কারণ ছাড়াই আপনার চাকরি ছেড়ে দেন; বা
- কাজে যাওয়ার সুযোগ দিতে আপনার আর শিশু পরিচর্যার প্রয়োজন নেই; বা
- আপনার উপার্জন আপনার পরিবারের জন্য সর্বাধিক অনুমোদিত সীমা অতিক্রম করে; বা
- আপনার সন্তানের বয়স 13 বছর হয়ে যায়। তবে, যদি আপনার সন্তানের বিশেষ প্রয়োজন থাকলে অথবা আদালতের পর্যবেক্ষণাধীন থাকলে, আপনাকে সহায়তার জন্য অন্য কোনও শিশু পরিচর্যার কর্মসূচি আছে কিনা তা আপনার কেসকর্মী আপনাকে বলতে পারবেন।

**প্র.** **সাময়িক সহায়তার পরিবর্তে শিশু পরিচর্যা কী?**

**উ.** সাময়িক সহায়তার পরিবর্তে শিশু পরিচর্যা হল এমন সমস্ত পরিবার যারা সাময়িক সহায়তার জন্য আবেদন করছে বা সেটি গ্রহণ করছে এবং কাজ করার জন্য শিশু পরির্যার প্রয়োজন; এবং যারা সাময়িক সহায়তার পরিবর্তে শিশু পরিচর্যা বেছে নিচ্ছেন।

সাময়িক সহায়তার পরিবর্তে শিশু পরিচর্যার প্রয়োজনীয়তাগুলো হল:

- আপনার পরিবার সাময়িক সহায়তার যোগ্য;
- আপনি প্রয়োজনীয় কাজের ঘন্টা ধরে কাজ করছেন অথবা উপার্জন করা মোট বেতন (অথবা যদি মোট উপার্জন এবং টিপ মিলিয়ে ন্যূনতম বেতনের কোনও চাকরিতে নিযুক্ত থাকেন সেখানে মোট বেতন আছে, অথবা স্ব-নিযুক্ত হলে আপনার মোট পাওয়া অনুমোদিত ডিডাকটেবলের থেকে কম) ফেডারেল এবং স্টেট শ্রম আইনের অধীনে আবশ্যিক কাজের ঘন্টার জন্য ন্যূনতম মাত্রার সমান এবং তার তুলনা বেশি;
- আপনার 13 বছরের কমবয়সী একটি শিশুর জন্য শিশু পরিচর্যা প্রয়োজন যাতে আপনি কাজ করতে পারেন;
- আপনি একজন যোগ্য শিশু পরিচর্যা প্রদানকারী ব্যবহার করছেন।

আপনি যদি সাময়িক সহায়তার যোগ্য হন এবং আপনার শুধু শিশু পরিচর্যা প্রয়োজন বলে সিদ্ধান্ত নেন, তাহলে কীভাবে আবেদন করতে হবে সেটি আপনার কেসকর্মী আপনাকে বলতে পারেন। আপনি ইতিমধ্যে সাময়িক সহায়তা গ্রহণ করেন এবং অন্যভাবে সাময়িক সহায়তার বিনিমে শিশু পরিচর্যার যোগ্য হন, সেক্ষেত্রে আপনাকে সাময়িক সহায়তার বিনিময়ে শিশু পরিচর্যা পেতে আপনার সাময়িক সহায়তার কেস বন্ধ করতে হবে। যদি আপনি আপনার মত পরিবর্তন করে সিদ্ধান্ত নেন আপনার সাময়িক সহায়তার পাশাপাশি শিশু পরিচর্যা প্রয়োজন, সেক্ষেত্রেও আপনি যেকোনও সময় সাময়িক সহায়তার জন্য আবেদন করতে পারবেন। আপনি সাময়িক সহায়তার যোগ্য হলে আপনি তখনও শিশু পরিচর্যার যোগ্য হতে পারেন।

আপনি সাময়িক সহায়তা এবং শিশু পরিচর্যার পাওয়ার বদলে শিশু পরিচর্যার সহায়তা পেতে চাইলে, আপনাকে শিশু পরিচর্যা খরচে আপনার অংশটি প্রদান করতে হবে। একে বলে আপনার পারিবারিক শেয়ার। আপনি নিউ ইয়র্ক সিটির বাইরে থাকলে আপনাকে সপ্তাহে ন্যূনতম $1 করে দিতে হবে। আপনি নিউ ইয়র্ক সিটিতে বাস করলে, ফুল টাইম পরিচর্যার ন্যূনতম পারিবারিক শেয়ার সপ্তাহে 3 ডলার এবং পার্ট টাইমের জন্য ন্যূনতম পারিবারিক শেয়ার সপ্তাহে 2 ডলার হয়। উপরন্তু, আপনার পরিষেবা প্রদানকারী সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের প্রদান করা অর্থের তুলনায় বেশি ধার্য করলে সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের তুলনায় আপনার পরিষেবা প্রদানকারীর ধার্য করা অতিরিক্ত অর্থ আপনাকে প্রদান করতে হবে।

## ন্যায্য শুনানির অধিকার

আপনার শিশু পরিচর্যার সুবিধাদি অস্বীকার হলে, আপনার সুবিধাদি বন্ধ হয়ে গেলে, স্থগিত বা কমে গেলে অথবা সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের সিদ্ধান্তের সাথে আপনার দ্বিমত থাকলে একটি ন্যায্য শুনানির অধিকার আপনার আছে। ন্যায্য শুনানির অধিকার সম্বন্ধে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে বুক 1 (LDSS-4148A)-এর "আপনার অধিকার ও দায়িত্বসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত" অংশটি দেখুন।

# বিভাগ G পরিষেবাদি

**প্র. কীভাবে পরিষেবাদি আমাকে সাহায্য করতে পারে?**

**উ.** পরিষেবাদির কর্মসূচিগুলো আপনাকে এবং/অথবা আপনার পরিবারকে এগুলো দিয়ে সাহায্য করতে পারে:

- শিশু পরিচর্যা পেতে
- একটি শিশুকে ফস্টার কেয়ারে রাখতে অথবা একটি শিশুকে দত্তক নেওয়ার জন্য রাখতে
- বাজেটের সমস্যা
- পারিবারিক নির্যাতনের সমস্যা (শিশু নির্যাতন এবং গার্হস্থ্য সহিংসতা)
- শিশুদের আচরণ
- নিরাপদভাবে পরিবারগুলোকে একত্রিত রাখতে
- আমার বাড়ি থেকে কোনও শিশুর সরিয়ে দেওয়া আটকাতে

এগুলোর পাশাপাশি, আপনাকে এবং/অথবা আপনার পরিবারকে সহায়তার জন্য পরিষেবাদির কাছে অন্য উপায় রয়েছে। এগুলো এই **পরিষেবাদি** বিভাগে বর্ণনা করা আছে।

**প্র. আমি কীভাবে পরিষেবাদির জন্য আবেদন করতে পারি?**

**উ.** আপনি নিউ ইয়র্ক সিটি **বাইরে** বসবাস করলে, আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে ফোন করুন বা যানএবং একটি আবেদনের প্যাকেজ চান।

আপনি নিউ ইয়র্ক সিটি **-তে** থাকলে স্থানীয় আয় সহায়তা/জব সেন্টারে ফোন করুন বা দেখা করুন অথবা আপনার বরোর জন্য টেলিফোন বইতে সরকারি পৃষ্ঠায় মানব সংস্থান প্রশাসন (Human Resources Administration, HRA), শিশু পরিষেবার প্রশাসন (Administration for Children's Services, ACS) এর খোঁজ করুন। আপনার যে ধরনের সহায়তা প্রয়োজন তার তালিকভুক্ত নম্বরে ফোন করুন।

**প্র. আমি কী পরিষেবাদি পেতে পারি?**

**উ.** আপনি নিম্নলিখিত পরিষেবাদির জন্য আবেদন করতে পারেন অথবা পেতে পারেন:

1. **শিশু পরিচর্যা (Child Care)** - এমন পরিবারগুলোকে সহায়তার জন্য পরিষেবা যাদের নিজ সন্তানদের পরিচর্যা ও পর্যবেক্ষণের প্রয়োজন। শিশুরা শিশু পরিচর্যা পেতে পারেন যদি সিঙ্গল পেরেন্ট পরিবারের পিতা বা মাতা বা দুজনের পরিবারে পিতা-মাতা দুজনেই:

   - অসুস্থ বা অক্ষম হন
   - কোনও চাকরির খোঁজ করেন
   - কোনও শিক্ষা, চাকরির প্রশিক্ষণ বা কর্মনিযুক্তির কর্মসূচিতে অংশগ্রহণ করছে যেটি সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ দ্বারা অনুমোদিত
   - কোনও মাদকের অপব্যবহার চিকিৎসার কর্মসূচিতে অংশগ্রহণ করছেন
   - গার্হস্থ্য সহিংসতার পরিষেবাদি পাচ্ছেন
   - কর্মরত
   - কোনও বিশেষ পরিস্থিতির কারণে দিনের বেশিরভাগ সময় বাড়ি থেকে দূরে থাকতে হবে
   - গৃহহীন
   - কোনও আপৎকালীন পরিস্থিতিতে রয়েছেন

   শিশুদের নিরাপদ রাখতে অথবা ফস্টার কেয়ার শিশু প্রতিরোধমূলক পরিষেবাদির অংশ হিসাবে তাদের প্রতিরক্ষামূলক পরিষেবাদির সাথে শিশু পরিচর্যা দেওয়া হতে পারে।

   শিশু পরিচর্যা আরও বিস্তারিত বর্ণনা এবং প্রয়োজনীয়তার জন্য, এই বইটির **বিভাগ F শিশু পরিচর্যা**, দেখুন।

2. **শিশুদের ও পরিবারগুলোকে প্রতিরোধমূলক পরিষেবাদি** - শিশুদের এবং পরিবারগুলোকে পরিষেবাদি দেওয়া হয় যাতে কোনও নির্দিষ্ট পরিবারকে একসাথে নিরাপদ রাখা যায় এবং ফস্টার কেয়ারে স্থানান্তর রোধ করা যায় অথবা যত তাড়াতাড়ি সম্ভব শিশুদের নিরাপদভাবে ফস্টার কেয়ার থেকে ফিরিয়ে আনা যায়। এই পরিষেবাদির মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

   - শিশু পরিচর্যা
   - পিতা/মাতার প্রশিক্ষণ এবং কাউন্সেলিং
   - হাউজিং পরিষেবা (ফস্টার কেয়ার থেকে যাতে ডিসচার্জ করা যায়)
   - গৃহকর্ত্রী, গৃহকর্মী, পিতা-মাতার সহায়ক
   - আপৎকালীন নগদ, পণ্য, আশ্রয় বা অন্যান্য নিত্য প্রয়োজনীয় আইটেম
   - চিকিৎসা সংক্রান্ত পরিষেবা, মাদকাসক্তি এবং মদ্যাসক্তির চিকিৎসা সমেত
   - AIDS/HIV সমেত সংকটজনক পরিস্থিতির জন্য সাময়িক বিরামের পরিচর্যা (Respite care)
   - পরিবহন

   অন্যান্য পরিষেবাও উপলভ্য হতে পারে।

   এই পরিষেবাগুলো পাওয়ার জন্য উপার্জনের কোনও সীমা নেই। এগুলোর মধ্যে নির্দিষ্ট কিছু পরিষেবার জন্য অর্থমূল্য ধার্য করা হতে পারে, তবে তা সাধারণত করা হয় না।

**3. ফস্টার কেয়ার**

ঐচ্ছিক প্লেসমেন্ট (Voluntary Placement) – কোনও পরিবেশ বা পরিস্থিতি কোনও শিশুর স্বাস্থ্য ও সুরক্ষাকে প্রভাবিত করলে নির্দিষ্ট পিতা বা মাতা এবং শিশুর পরিষেবাদির প্রয়োজনীয়তা পূরণে সাহায্য করতে অথবা পিতা বা মাতা দত্তকের জন্য শিশুটিকে সমর্পন করলে আউট-অফ-হোম পরিচর্যা ও পরিষেবা দিতে কোনও ফস্টার কেয়ারে একটি শিশুর ঐচ্ছিক প্লেসমেন্টের ব্যবস্থা উপলভ্য।

জন্মদাতা পরিবার/আইনি অভিভাবক – ফস্টার কেয়ারে রাখা একটি শিশুর জন্মদাতা পিতা-মাতা বা আইনি অভিভাবককে প্রদান করা পরিষেবাগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- কাউন্সেলিং বা পরামর্শ প্রদান
- শিশু এবং পিতা-মাতা(দের)/আইনি অভিভাবক(দের) মাঝে সাক্ষাতের ব্যবস্থা
- নিরাপদভাবে যত তাড়াতাড়ি সম্ভব শিশুটির বাড়িতে ফিরে আসতে সহায়তার জন্য পরিষেবাদি
- ফস্টার কেয়ার থেকে ছাড়া পাওয়া শিশুদের জন্য পরবর্তী পরিচর্যা

ফস্টার পেরেন্টস– কোনও শিশুর ফস্টার কেয়ার দিতে চান এমন পরিবারগুলোকে অবশ্যই আবেদন করতে হবে এবং শংসায়িত (শিশুটির অনাত্মীয়) বা অনুমোদিত (শিশুর আত্মীয়) হতে হবে। ফস্টার পেরেন্টদের নিউ ইয়র্ক স্টেট এবং ন্যাশনাল অপরাধমূলক পটভূমির পরীক্ষার মধ্য দিয়ে যেতে হবে এবং লাইসেন্স পাওয়ার অন্যান্য কিছু প্রয়োজনীয়তা পূরণ করতে হবে **এবং** শংসায়িত বা অনুমোদিত হওয়ার আগে প্রশিক্ষণে উপস্থিত থাকা আবশ্যক। একবার শংসায়িত বা অনুমোদিত হয়ে গেলে, তাদের পরিচর্যায় কোনও শিশু প্লেসমেন্টের উপর পিতা-মাতা পাবেন:

- পালিত শিশুটির পরিচর্যার খরচ হিসাবে মাসিক পেমেন্ট, পোশাকের ভাতা সমেত
- পালিত শিশুটির জন্য মেডিকেল সহায়তা, যোগ্য পালিত শিশুদের জন্য উপযুক্ত মওকুফের পরিষেবা সমেত

উপযুক্ত হলে, পালক পিতামাতারা পেতে পারেন:

- পালিত শিশুটির জন্য শিশু পরিচর্যা, যদি পালক পিতামাতা কোনও চাকরি থাকে অথবা সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের অনুমোদিত অন্য কোনও কার্যকলাপে জড়িত থাকেন
- যেখানে উপযুক্ত সেখানে সাময়িক বিরামের পরিষেবাদি (Respite services)

**4. দত্তক গ্রহণ** –

**A.** দত্তক গ্রহণ করা হবে যে শিশুর তার জন্মদাতা পিতা-মাতা(দের) বা আইনি অভিভাবক(দের) প্রদত্ত পরিষেবাদির মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- শিশুটির জন্য পরিকল্পনায় সহায়তা
- নির্দিষ্ট এজেন্সির কাছে শিশুটির কাস্টডি এবং অভিভাবকত্ব সমর্পনের ব্যবস্থা
- চিকিৎসাগত, সামাজিক, কাউন্সেলিং এবং কেসওয়ার্ক পরিষেবা
- বিবাহ বহির্ভূত সন্তানের জন্মদাতা পিতার অধিকার এবং আগ্রহ সম্পর্কিত সহায়তা

**B.** একটি শিশুকে দত্তক নিতে চায় এমন পরিবারগুলোকে প্রদত্ত পরিষেবাগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- দত্তক গ্রহণের জন্য কোনও শিশুর খোঁজে সহায়তা
- দত্তক নেওয়া শিশুর লালন-পালন সম্পর্কিত প্রশিক্ষণ
- বাড়িতে অনুশীলন
- দত্তক-পরবর্তী পরিষেবাদি

কোনও শিশুকে দত্তক নিতে চান এমন পরিবারগুলোকে অবশ্যই আবেদন করতে হবে এবং দত্তকগ্রহণের অধ্যয়ন-এর জন্য স্বীকৃত হতে হবে। কোন পরিবারের আবেদনকে দত্তকগ্রহণের অধ্যয়নে অগ্রাধিকার দেওয়া হবে তা দত্তক গ্রহণের জন্য অপেক্ষারত শিশুদের বৈশিষ্ট্যের উপর এবং এই বৈশিষ্ট্যগুলো থাকা শিশুদের দত্তক নেওয়ার ক্ষেত্রে দত্তকগ্রহণকারী পিতা-মাতা(দের) প্রকাশ করা অভিব্যক্তির উপর নির্ভর করে।

উপরন্তু, একবার একটি শিশুকে দত্তকের জন্য আপনার সাথে রাখা হলে, অতিরিক্ত অর্থরাশির আকারে দত্তকগ্রহণের সহায়তা (দত্তকের ভর্তুকি) এবং চিকিৎসা সহায়তা প্রদান করা হতে পারে প্রতিবন্ধী অথবা "হার্ড-টু-প্লেস" হিসাবে বিবেচিত শিশুদের উদ্দেশ্যে। দত্তক গ্রহণে বারংবার ঘটবে না এমন খরচের জন্য এককালীন পেমেন্টও থাকতে পারে।

**5. কিশোরীর গর্ভাবস্থার কর্মসূচি এবং অবিবাহিত পিতা-মাতার পরিষেবাদি (Teenage Pregnancy Programs and Unmarried Parent Services)** - কিশোরী গর্ভবতী এবং অবিবাহিত পিতা-মাতাদের সাহায্যার্থে পরিষেবাদিতে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- শিক্ষা এবং লালনপালনের প্রশিক্ষণ
- চিকিৎসা এবং আইনি সহায়তা
- কাউন্সেলিং বা পরামর্শ প্রদান
- কর্মনিযুক্তিতে সহায়তা
- পরিবার পরিকল্পনা
- পরিবহন
- আবাসন
- স্বাস্থ্যসেবা এবং পুষ্টি
- ফস্টার কেয়ারে প্লেসমেন্ট (অপ্রাপ্তবয়স্ক মায়ের কাছে তার সন্তানের কাস্টডি দিয়ে 18 বছরের কমবয়সী মা এবং তার সন্তানকে ফস্টার কেয়ারে রাখা হতে পারে।)
- শিশু পরিচর্যা

6. **গার্হস্থ্য সহিংসতা (Domestic Violence) (শারীরিক বা মানসিক নির্যাতন বা নির্যাতনের হুমকি) -** সন্তান সহ বা সন্তান ছাড়া পরিবার বা পরিবারের সদস্যদের শারীরিক বা মানসিক নির্যাতন বা শারীরিক নির্যাতন বা মানসিক নির্যাতনের হুমকি থেকে বাঁচাতে সাহায্যের জন্য পরিষেবা দেওয়া হয়। আপনি যে বিষয়গুলিতে সহায়তা পেতে পারেন:

- থাকার জন্য কোনও নিরাপদ জায়গার খোঁজে
- অবস্থান্তরকালীন আবাসন
- চিকিৎসা পরিচর্যা
- আইনি সমস্যাগুলিতে সহায়তা
- কাউন্সেলিং বা পরামর্শ প্রদান
- কোনও চাকরির খোঁজ
- শিশু পরিচর্যা
- পরিবহন
- ওকালতি পরিষেবা

এই পরিষেবাগুলো পাওয়ার জন্য উপার্জনের কোনও সীমা নেই।

7. **প্রাপ্তবয়স্কদের জন্য প্রতিরোধমূলক পরিষেবা** - 18 বছর বা তার বেশিবয়সী অবিবাহিত প্রাপ্তবয়স্ক অথবা 18 বছরের কমবয়সী শিশু নেই এমন পরিবারগুলোকে পরিষেবা দেওয়া হয়। এই পরিষেবাদির মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- কাউন্সেলিং বা পরামর্শ প্রদান
- বাড়ির বাইরে দীর্ঘকালীন পরিচর্যা পাওয়া প্রতিরোধ বা বিলম্বের জন্য সমর্থন এবং রেফারেল পরিষেবা

8. **প্রাপ্তবয়স্কদের জন্য প্রতিরক্ষামূলক পরিষেবা** – 18 বছর বয়সী ব্যক্তিদের অথবা শারীরিক কিংবা মানসিকভাবে অক্ষম ব্যক্তিদের, আহত হয়েছেন বা আহত হওয়ার ঝুঁকি আছেন এমন ব্যক্তিদের, নিজেদের সুরক্ষিত করতে পারেন না এমন ব্যক্তিদের এবং দায়িত্বপূর্ণভাবে সহায়তার ইচ্ছা কারো আছে এমন ব্যক্তিদের পরিষেবাদি প্রদান করা হয়। এই পরিষেবাদির মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- নির্যাতন, অবহেলা বা শোষণের তাৎক্ষণিক প্রতিক্রিয়া এবং তদন্তের রেফারাল
- নির্দিষ্ট ব্যক্তির পরিস্থিতি এবং প্রয়োজনীয় পরিষেবার মূল্যায়ন
- কমিউনিটির যেখানে উপযুক্ত সেখানে যথাযথ বিকল্প বসবাসের ব্যবস্থা করা
- আইনি সহায়তা পেতে সহায়তা
- চিকিৎসা সহায়তা পেতে সহায়তা
- নির্দিষ্ট সময়ের জন্য হোমমেকার বা গৃহকর্মী/টুকিটাকি কাজের পরিষেবা
- অর্থ পরিচালনার বিষয়ে সহায়তা
- অন্যান্য সুযোগ-সুবিধা বা পরিষেবা পেতে সহায়তা
- গার্ডিয়ানশিপ বা অভিভাবকত্ব
- কাউন্সেলিং বা পরামর্শ প্রদান

এই পরিষেবাগুলো পাওয়ার জন্য উপার্জনের কোনও সীমা নেই।

9. **প্রাপ্তবয়স্কদের জন্য আবাসিক স্থান নির্ধারণ** - মানসিক বা শারীরিকভাবে অক্ষম এবং নিজেদের বাড়ির বাইরে থাকার জন্য পর্যবেক্ষণ প্রয়োজন এমন 18 বা তদোর্ধ্ব বয়সী ব্যক্তিদের জন্য প্রদত্ত পরিষেবাদি।

এই পরিষেবাদিতে অন্তর্ভুক্ত:

- কমিউনিটিতে পরিবার সুলভ হোমের খোঁজ যারা এই সমস্ত প্রাপ্তবয়স্কদের যত্ন নিতে পারবে।
- তাদের প্রয়োজনীয়তার মাত্রা পূরণ করবে এমন হোম খুঁজতে সহায়তা।
- এই সমস্ত হোমগুলোতে থাকা প্রাপ্তবয়স্কদের জন্য সহযোগী পরিষেবা প্রদান।

10. **আবাস উন্নয়নের পরিষেবা** - এগুলোতে পরিষেবা দিয়ে সাহায্য করা হয়:

- বাড়ি মেরামত এবং রক্ষণাবেক্ষণ
- বাড়ির মালিক বা প্রতিবেশীদের সাথে হওয়া সমস্যার সমাধান
- স্থানীয় আবাসন বা আইনি সহায়তা এজেন্সির থেকে সাহায্য পেতে
- প্রয়োজনে, থাকার জন্য একটি জায়গা খুঁজতে

11. **বাড়ি পরিচালনার পরিষেবা** - বাজেট, ভালো আহারের ব্যবস্থা, শিশুদের জন্য পরিচর্যা, স্বাস্থ্যসেরা এবং গৃহ পরিচর্যা সম্বন্ধে শেখায় সাহায্যের ক্ষেত্রে পরিষেবা।

12. **গৃহকর্মী/টুকিটাকি কাজের পরিষেবা** - আপনি বা আপনার সন্তান বা প্রাপ্তবয়স্ক পরিচর্যাকারী, অসুস্থ, অক্ষম বা অনুপস্থিত হওয়া শপিং, বাড়ির হালকা কাজকর্ম, সহজ মেরামতির কাজ এবং ভারপ্রাপ্ত কাজের মত টুকিটাকি কাজে সাহায্যের জন্য পরিষেবা।

13. **হোমমেকার পরিষেবা** - আপনি, আপনার সন্তান বা প্রাপ্তবয়স্ক পরিচর্যাকালী অসুস্থ, অক্ষম বা অনুপস্থিত হওয়া একজন প্রশিক্ষিত হোমমেকারকে দিয়ে ব্যক্তিগত পরিচর্যা, বাড়ি পরিচালনা এবং বাড়িঘরের কাজকর্মে সাহায্যের জন্য পরিষেবা।

14. **জ্ঞাতি সম্পর্কের পরিচর্যাকারী এবং কিনশিপ নেভিগেটর কর্মসূচি –** স্টেট জুড়ে কমিউনিটি-নির্ভর সহায়ক কর্মসূচিগুলো এবং একটি টেলিফোন হটলাইনের একটি নেটওয়ার্ক আছে যা জ্ঞাতি সম্পর্কের পরিচর্যাকারী এবং তাদের আত্মীয়দের পরিষেবা প্রদান করে, তা সেই শিশুরা ফস্টার কেয়ারে থাকুক বা না থাকুক। প্রশ্নটি দেখে উত্তর দিন "**যদি আমি এমন কোনও শিশুর পরিচর্যাকারী হই যে আমার সঙ্গে থাকে এবং যে আমার রক্তের সম্পর্কের বা দত্তক নেওয়া সন্তান নয়, আর আমার সেই শিশুটির দেখাশোনার জন্য অতিরিক্ত সাহায্য বা সংস্থানের প্রয়োজন, আপনি কী আমায় বলতে পারেন আমি তা কোথায় পেতে পারি?**" এই বুক-এর **বিভাগ A** এর মাঝে, **সাময়িক সহায়তা**-র অংশে।

**15.** **অন্যান্য পরিষেবা** আপনি পেতে পারেন:

- শিক্ষা পরিষেবা
- কর্মসংস্থান পরিষেবা
- পরিবার পরিকল্পনা পরিষেবা
- তথ্য ও রেফারেল পরিষেবা
- স্বাস্থ্য-সম্পর্কিত পরিষেবা
- প্রবীণ নাগরিকদের জন্য সামাজিক গোষ্ঠী পরিষেবা
- পরিবহণ পরিষেবা

**প্র.** **প্রাপ্তবয়স্ক, শিশু বা পরিবারের অন্যান্য সদস্যদের সুরক্ষিত করতে আমার ইমার্জেন্সি পরিষেবা প্রয়োজন হলে কী হবে?**

**উ.** কোনও জরুরি পরিস্থিতিতে আপনাকে সহায়তার জন্য নিম্নলিখিত কিছু পরিষেবা আপনি পেতে পারেন।

আপনি নিউ ইয়র্ক সিটির **বাইরে** বাস করলে, নিচে তালিকাভুক্ত নম্বরগুলোতে ফোন করতেও সহায়তা পাওয়ার সাথে অতিরিক্তভাবে আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ আপনাকে সহায়তা করতেপারে।

আপনি নিউ ইয়র্ক সিটির **মধ্যে** বাস করলে আপনার স্থানীয় জব সেন্টারে ফোন করুন বা দেখা করুন অথবা আপনার বরোর জন্য টেলিফোন বইয়ের সরকারি পৃষ্ঠায় তালিকাভুক্ত মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) বা শিশু পরিষেবা প্রশাসন (Administration for Children's Services, ACS) এর খোঁজ করুন। আপনার যে ধরনের সহায়তা প্রয়োজন তার তালিকভুক্ত নম্বরে ফোন করুন। এছাড়া আপনি নিচে তালিকাভুক্ত নম্বরগুলোয় ফোন করেও সহায়তা পেতে পারেন। এই পরিষেবাগুলো পাওয়ার জন্য উপার্জনের কোনও সীমা নেই।

- **শিশু সুরক্ষা** - নির্যাতিত এবং অসদাচরণ হওয়া 18 বছরের কমবসয়ী শিশু এবং তাদের পরিবারদের পরিষেবা দেওয়া হয়।

  কোনও শিশু নির্যাতিত বা অসদাচরণের সন্দেহভাজন বলে আপনার কাছে যুক্তিসঙ্গত কারণ থাকলে, স্টেট জুড়ে চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন-এর সেন্ট্রাল রেজিস্টারের টোল ফ্রি নম্বর **1-800-342-3720**-এ ফোন করুন।

  কোনও রিপোর্ট নিবন্ধিত হলে, একটি তদন্তের ব্যবস্থা করা হবে এবং উপযুক্ত হলে নির্দিষ্ট শিশু(দের) সুরক্ষিত করতে পরিবারটিকে পরিষেবা দেওয়া হবে।

  কোনও আবাসিক শিশু পরিচর্যা কেন্দ্রে (residential child care setting) ঘটতে পারে এমন নির্যাতন বা অবহেলার সম্ভাবনা নিয়ে আপনার উদ্বেগ থাকলেও স্টেট জুড়ে চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন-এর সেন্ট্রাল রেজিস্টারে ফোন করা উপযুক্ত। আপনি আপনার উদ্বেগ নিয়ে আলোচনা করতে **1-800-342-3720** টোল-ফ্রি নম্বরে ফোন করতে পারেন। কোনও রিপোর্ট নিবন্ধিত হলে, নির্দিষ্ট আবাসিক শিশু পরিচর্যা কর্মসূচিতে (residential child care program) একটি তদন্তের ব্যবস্থা হবে।

  আপনি মনরো কাউন্টি (রচেস্টার এবং আশেপাশে) বা ওনন্ডগা কাউন্টি (সিরাকিউজ এবং আশেপাশে) থেকে হলে, একটি স্থানীয় নম্বরে আপনি ফোন করতে পারেন, যদি আপনি কোনও পরিবারে বা আবাসিক শিশু পরিচর্যার কেন্দ্রে শিশু নির্যাতন বা অসদাচরণ নিয়ে উদ্বিগ্ন হন। মনরো কাউন্টিতে (Monroe County) **461-5690** নম্বর এবং ওনন্ডগা কাউন্টিতে (Onondaga County) **422-9701** নম্বর।

- **প্রাপ্তবয়স্কের সুরক্ষা** - শারীরিক বা মানসিকভাবে অক্ষম, আহত হয়েছে বা আহত হওয়ার ঝুঁকি আছে, নিজেদের সুরক্ষিত করতে পারে না এবং তাদের সহায়তার কেউ নেই এবং ইচ্ছা কারো নেই এমন 18 বছর বা তদোর্ধ্ব বয়সীদের পরিষেবা প্রদান করা হয়।

  কোনও রেফারেল করতে বা সন্দেহভাজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির নির্যাতন, অবহেলা বা শোষণের রিপোর্ট করতে, অনুগ্রহ করে প্রাপ্তবয়স্কদের জন্য প্রতিরক্ষামূলক পরিষেবা (Protective Services for Adults, PSA)- স্থানীয় ইউনিটে অথবা সরাসরি আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে ফোন করুন। আপনি টোল-ফ্রি **1-800-342-3009** (বিকল্প 6 টিপুন) নম্বরে ফোন করতে পারেন আপনার স্থানীয় PSA ইউনিটের সাথে যোগাযোগ করতে ফোন নম্বর পাওয়ার উদ্দেশ্যে।

- **গার্হস্থ্য সহিংসতা (শারীরিক বা মানসিক নির্যাতন বা নির্যাতনের হুমকি) -** সন্তান সহ বা সন্তান ছাড়া পরিবার বা পরিবারের সদস্যদের শারীরিক বা মানসিক নির্যাতন বা শারীরিক নির্যাতন বা মানসিক নির্যাতনের হুমকি থেকে বাঁচাতে সাহায্যের জন্য পরিষেবা দেওয়া হয়।

  আপনার স্থানীয় গার্হস্থ্য সহিংসতা পরিষেবা সরবরাহকারীর তথ্য এবং রেফারেলগুলির জন্য আপনি নিম্নলিখিত নম্বরগুলিতে ফোন করতে পারেন, টোল ফ্রী, দিনের 24 ঘণ্টা উপলভ্য:

  **নিউ ইয়র্ক সিটিতে** ফোন করুন **1-800-621-HOPE (1-800-621-4673)**

  **নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য এলাকায়** NYS ডোমেস্টিক ভায়োলেন্স হটলাইনের **1-800-942-6906** **(স্প্যানিশ-বক্তা** ফোন করুন **1-800-942-6908)** নম্বরে ফোন করুন।

  একজন পরিষেবা কেসকর্মীও আপনাকে এই তথ্য সরবরাহ করার বন্দোবস্ত করতে পারবেন।

## বিভাগ H — অন্যান্য সুযোগ-সুবিধা

1. **সম্পূরক নিরাপত্তা আয় (Supplemental Security Income, SSI)** যদি আপনি শংসায়িত অন্ধ হন, শংসায়িত প্রতিবন্ধী হন বা বয়স 65 বা তার বেশি হয় এবং আপনার উপার্জন এবং সংস্থান নির্দিষ্ট একটি সীমার নিচে হয় তাহলে আপনি সম্পূরক নিরাপত্তার আয় থেকে অর্থ পেতে পারেন। আপনি আপনার নিকটবর্তী **সামাজিক নিরাপত্তার কার্যালয়** থেকে সম্পূরক নিরাপত্তার আয়ের জন্য আবেদন করতে পারেন। সম্পূরক নিরাপত্তার আয় পাওয়া বেশিরভাগ মানুষ সাথে চিকিৎসা সহায়তাও পান।

2. **অন্তর্বর্তী সহায়তা (Interim Assistance)** - আপনি নিরাপত্তার নেট সহায়তার কর্মসূচির (Safety Net Assistance Programs) মাধ্যমে অন্তর্বর্তী সহায়তা বলে কিছু অর্থ পেতে পারেন যদি:

- আপনি সম্পূরক নিরাপত্তার আয় (SSI) এর জন্য আবেদন করলেও আপনার আবেদন অনুমোদিত হয়নি বা অস্বীকৃত হয়েছে।
- আপনি আপনার SSI অস্বীকৃতি বা স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল করছেন।
- আপনি আপনার SSI বন্ধ করার বিরুদ্ধে আপীল করছেন কারণ আপনি আর যোগ্য নন বলে SSA নির্ধারণ করেছে।

একবার আপনি আপনার SSI শুরু করলে অথবা আপনার SSI পুনরায় শুরু হলে এই অন্তর্বর্তী সহায়তা বন্ধ হয়ে যাবে। সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের কাছে এই অন্তর্বর্তী সহায়তার জন্য ঋণকৃত আংশিক বা সম্পূর্ণ অর্থরাশি সামাজিক সুরক্ষা প্রশাসন (Social Security Administration, SSA) আপনার প্রাপ্য যেকোনও প্রত্যাবর্তনমূলক SSI সুবিধাদি থেকে পুনরুদ্ধার করবে। অন্তর্বর্তী সহায়তা পেতে আপনাকে একটি অন্তর্বর্তী সহায়তার পরিশোধ (Interim Assistance Reimbursement, IAR) এর অনুমোদনে স্বাক্ষর করতে হবে। এই অনুমোদনের পরিসমাপ্তীর পরে, বা আপনার SSI এর আবেদন বা আপিল অমীমাংসিত থাকাকালীন আপনি একটি নতুন SSI ক্লেম দায়ের করলে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের নিয়মাবলী থাকা একটা সামঞ্জস্যপূর্ণ নতুন অনুমোদন স্বাক্ষর করতে হবে। এই অনুমোদন আপনাকে অন্তর্বর্তীকালীন সহায়তার জন্য প্রদান করা অর্থ এজেন্সির কাছে পুনরায় পরিশোধ করার অনুমতি SSA-কে দেয়। আপনি নিউ ইয়র্ক সিটির **বাইরে** থাকলে, আপনি আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে অন্তর্বর্তীকালীন সহায়তার আবেদন করতে পারেন। আপনি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করলে, আপনার স্থানীয় আয় সহায়তা কেন্দ্রে ফোন করুন বা যান।

**প্র. অন্তর্বর্তীকালীন সহায়তা কী?**

**উ.** অন্তর্বর্তীকালীন সহায়তা হল সেই পেমেন্ট যা আপনি সামগ্রিক নিরাপত্তা সহায়তা (Safety Net Assistance, SNA)-র ফান্ড থেকে আশ্রয়ের ইউটিলিটি এবং জ্বালানীর মতো প্রাথমিক খরচের জন্য পান যখন:

- আপনি সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (Supplemental Security Income, SSI) এর জন্য আবেদন করেছেন কিন্তু সামাজিক নিরাপত্তা প্রশাসন (Social Security Administration, SSA) এখনও তার সিদ্ধান্ত নেয়নি।
- আপনি SSI পেমেন্ট পাচ্ছিলেন কিন্তু সেটা ভুল কারণে বন্ধ হয়ে যায় এবং তারপর বিপরীতমুখীভাবে আপনাকে প্রদান করা হয়। একে বলে যোগ্যতা-পরবর্তী অন্তর্বর্তীকালীন সহায়তা।

**প্র. আমাকে কি অন্তর্বর্তীকালীন সহায়তা পরিশোধ করতে হবে?**

**উ.** হ্যাঁ, আপনাকে অন্তর্বর্তীকালীন সহায়তা পরিশোধ করতে হবে। আইন অনুযায়ী রিপেমেন্ট একই সময়কালে সাময়িক সহায়তার (TA) সুযোগ-সুবিধা এবং SSI এর সুবিধাদি পাওয়ার থেকে লোকজনকে বিরত করে।

**প্র. কোন মাসগুলোর জন্য আমার পাওয়া অন্তর্বর্তীকালীন সহায়তার অর্থ আমাকে পরিশোধ করতে হবে?**

**উ.** যদি আপনার SSI আবেদন অমিমাংশিত থাকাকালীন আপনি SNA সুবিধাদি পান, সেক্ষেত্রে আপনি যে মাসে প্রথম SSI পেমেন্ট পাওয়ার যোগ্য হয়েছিলেন সেই মাস থেকে শুরু করে যে মাসে আপনার আসল SSI পেমেন্ট চালু হয় সেই মাসের শেষ পর্যন্ত আপনাকে পরিশোধ করতে হবে যদি সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ আপনার গত TA পেমেন্ট বন্ধ করতে না পারে।

আপনি যোগ্যতা পরবর্তী অন্তর্বর্তীকালীন সহায়তা পেলে, বিপরীতমুখী SSI পেমেন্ট প্রদান করা হয়েছে যে মাসে তার প্রথম তারিখ থেকে আপনার SSI পেমেন্ট আসলে শুরু হয়েছে যে মাসে তার শেষ পর্যন্ত আপনাকে পরিশোধ করতে হবে যদি সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ আপনার গত TA পেমেন্ট বন্ধ করতে না পারে।

**প্র. কীভাবে এই অন্তর্বর্তীকালীন সহায়তা সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে পরিশোধ করা হয়?**

**উ.** আপনি পাওয়ার যোগ্য এমন যেকোনও বিপরীতমুখী SSI সুবিধাদি থেকে সামাজিক সহায়তা প্রশাসন (SSA) সরাসরি অন্তর্বর্তীকালীন সহায়তা সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের কাছে প্রদান করে।

**প্র. কীভাবে SSA আমার থেকে অন্তর্বর্তীকালীন সহায়তার জন্য সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগকে অর্থ পরিশোধের অনুমতি পায়?**

**উ.** সাময়িক সহায়তার আবেদন বা পুনঃশংসাকরণের ফর্ম বা ডাকযোগ পাঠানোর পুনঃশংসাকরণ/যোগ্যতার প্রশ্নাবলী স্বাক্ষরের সময় আপনি নিজেই SSA-কে অনুমতি দেন।

**প্র. আমার কতটা SSI অর্থরাশি সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগকে প্রদান করা হবে তা কীভাবে SSA নির্ধারণ করে?**

**উ.** স্টেটের ক্লেম করা অর্থের পরিমাণ SSA দেখে আর সাথে আপনার বিপরীতমুখী SSI অর্থের পরিমাণ দেখে যা স্টেটকে পরিশোধ করার জন্য ব্যবহার করা যেতে পারে। SSA আপনার পাওয়া অন্তর্বর্তীকালীন সহায়তার মাস এবং আপনার পাওয়া SSI পেমেন্টের মাসগুলো মেলায়। এই মেলানোর পরে, SSA প্রতিটি মাসের জন্য সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের দাবি করা অর্থরাশি প্রদান করে।

**প্র. আমি কীভাবে আমার বিপরীতমুখী SSI পেমেন্ট থেকে কোনও ব্যালেন্স পাবো?**

**উ.** অন্তর্বর্তীকালীন সহায়তার জন্য সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের পাওনা SSA পরিশোধ করার পরে, কীভাবে SSA আপনাকে বাকি SSI অর্থ প্রদান করবে তা ব্যাখ্যা করে তারা আপনাকে একটি বিজ্ঞপ্তি পাঠাবে। আপনার SSI পেমেন্ট নিয়ে আপনার কোনও প্রশ্ন থাকলে অথবা অন্য কোনও বিষয়ে প্রশ্ন থাকলে আপনি আমাদের স্থানীয় SSA অফিসে যোগাযোগ করতে পারেন অথবা 1-800-772-1213 নম্বরে যোগাযোগ করতে পারেন।

**প্র.** **আমার প্রথম বিপরীতমুখী SSI পেমেন্ট সমস্ত প্রাপ্ত অন্তর্বর্তীকালীন সহায়তার অর্থ পরিশোধ করার জন্য যথেষ্ট না হলে কী হবে?**

**উ.** সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ আপনার SSI পেমেন্ট থেকে আর কোনও অর্থ সংগ্রহ করবে না। শুধুমাত্র আপনার বিপরীতমুখী SSI পেমেন্ট থেকেই সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগকে SSA অন্তর্বর্তীকালীন সহায়তার অর্থ পরিশোধ করতে পারে। এগুলো অন্য কোনও SSI পেমেন্ট থেকে সংগ্রহ করা যাবে না।

**প্র.** **কতদিন পর্যন্ত অন্তর্বর্তীকালীন সহায়তা পরিশোধের অনুমোদন কার্যকর থাকে?**

**উ.** আপনার TA এর আবেদন অমিমাংসিত থাকার সময় জুড়ে অনুমোদটি যেকোনও SSI আবেদন বা আপীলের জন্য কার্যকর থাকে। সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ অনুমোদন পেয়েছে বলে উল্লেখ করে ইলেকট্রনিক সিস্টেমের মাধ্যমে SSA-কে সঠিকভাবে জানানোর তারিখ থেকে শুরু করে 12 মাসের জন্য অনুমোদনটি কার্যকর থাকে। তবে, আপনি SSA এর নিয়মকানুনের অধীনে নির্দিষ্ট সময়ের মধ্যে কোনও SSI এর জন্য আপীল দাখিল করলে, 12 মাসের পরেও অনুমোদনটি কার্যকর থাকবে। অনুমোদনটি শেষ হয় যখন আপনার SSI এর দাবির সম্পূর্ণ নিষ্পত্তি হয়; SSA প্রথমে আপনাকে অর্থ প্রদান করে; অথবা আপনি এবং স্টেট অনুমোদনটি সমাপ্ত করার সিদ্ধান্ত নেন। এই অনুমোদনের পরিসমাপ্তীর পরে, বা আপনার অমীমাংসিত SSI আবেদন বা আপিল থাকাকালীন আপনি একটি নতুন SSI ক্লেম দায়ের করলে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের নিয়মাবলী থাকা একটা সামঞ্জস্যপূর্ণ নতুন অনুমোদন স্বাক্ষর করতে হবে।

**প্র.** **একটি যোগ্যতা-পরবর্তী বিপরীতমুখী পেমেন্টের জন্য কতদিন অন্তর্বর্তীকালীন সহায়তা পরিশোধের অনুমোদনটি কার্যকর থাকে?**

**উ.** সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ অনুমোদন পেয়েছে বলে উল্লেখ করে ইলেকট্রনিক সিস্টেমের মাধ্যমে SSA-কে সঠিকভাবে জানানোর তারিখ থেকে শুরু করে অনুমোদনটি 12 মাসের জন্য কার্যকর থাকে। তবে, আপনি SSA এর নিয়মবিধির অধীনে অনুমোদিত সময়ের মধ্যে একটি SSI প্রশাসনিক বা বিচার বিভাগীয় পর্যালোচনার জন্য আবেদন দাখিল করলে, অনুমোদনটি 12 মাসের সময়সীমার পরেও কার্যকর থাকবে। SSA প্রাথমিক SSI যোগ্যতা-পরবর্তী পেমেন্ট করার পরে আপনার SSI এর সুবিধাদিতে স্থগিতাদেশ দেয় বা বন্ধ করে; অথবা SSA আপনার আপীলের চূড়ান্ত সিদ্ধান্ত নেয়; অথবা আপনি এবং সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ **উভয়ই** অনুমোদনটি পরিসমাপ্তীর সিদ্ধান্ত নেন। এই অনুমোদনের পরিসমাপ্তীর পরে, বা আপনার SSI এর আবেদন বা আপিল অমীমাংসিত থাকাকালীন আপনি একটি নতুন SSI ক্লেম দায়ের করলে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের নিয়মাবলী থাকা একটা সামঞ্জস্যপূর্ণ নতুন অনুমোদন স্বাক্ষর করতে হবে।

**প্র.** **কোথা থেকে আমি অন্তর্বর্তীকালীন সহায়তা পরিশোধের অনুমোদন পাবো?**

**উ.** আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে।

**প্র.** **স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ আমার পাওয়া অন্তর্বর্তীকালীন সহায়তার অর্থরাশির পরিমাণে কোনও ভুল করেছে বা আমার ফেরৎ পাওয়া অন্তর্বর্তীকালীন সহায়তার অর্থরাশিতে ভুল করছে বলে আমার মনে হলে আমি কী করব?**

**উ.** আপনি একটি ন্যায্য শুনানির আবেদন করতে পারেন। আপনাকে অবশ্যই বুক 1 এর "আপনার অধিকার ও দায়িত্বসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত" (LDSS-4148A)-এ তালিকাভুক্ত ন্যায্য শুনানি সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

**প্র.** **SSI সুবিধাদির জন্য প্রতিরক্ষামূলক দাখিলের তারিখ কী?**

**উ.** সাময়িক সহায়তার (TA) আবেদনকারী এবং প্রাপক যারা একটি TA-এর আবেদন বা পুনঃশংসাপত্র স্বাক্ষর করার ষাট দিনের মধ্যে SSI এর আবেদন করেন তারা SSA দ্বারা প্রদত্ত একটি “প্রতিরক্ষামূলক দাখিলের তারিখ”-এর অধিকারী হতে পারেন। TA-এর আবেদন বা পুনঃশংসাপত্র তারিখকে "প্রতিরক্ষামূলক দাখিলের তারিখ" এর অধীনে SSI আবেদনের তারিখ হিসাবে SSA বিবেচনা করতে পারে। SSA একটি প্রতিরক্ষামূলক দাখিলের তারিখ নির্ণয় করলে, সেটি একজন SSI আবেদনকারীকে সর্বাধিক অতিরিক্ত দু'মাস দিতে পারে।

3. **চাকরির সহায়তা –**বিভাগ A (সাময়িক সহায়তা), B (চিকিৎসা সহায়তা), C (শিশু সহায়তা), D (ফুড স্ট্যাম্প সুবিধাদি), E (অবস্থান্তরকালীন সহায়তা), F (শিশু পরিচর্যা) এবং এই বিভাগ H (অন্যান্য সুবিধাদি) এ বর্ণনা করা কর্মসূচি এবং সুযোগ-সুবিধাগুলো অত্যন্ত উপযোগী হতে পারে যদি আপনার আর্থিক অস্বচ্ছলতা প্রবল হয়, বিশেষ করে আপনি কর্মরত থাকাকালীন। উপরন্তু, আপনার উপার্জন প্রতি বছর $41,646 এর কম হলে, ( দুই সন্তানের জন্য নতুন EITC থ্রেসহোল্ডে, বিবাহিত দম্পত্তি যৌথভাবে আবেদন দাখিল করে) নিজের ট্যাক্স রিটার্ন ফাইল করে এবং আপনি যে ট্যাক্স ক্রেডিটের যোগ্য সেটি পেয়ে আপনার নিজের/আপনার পরিবারের সহায়তার জন্য ঘরে আরও বেশি অর্থ ঘরে আনার সুযোগ আছে।

- **উপার্জিত আয়ের ক্রেডিট (Earned Income Credit)** - যদি আপনি কর্মরত হন অথবা গত বছর কাজ করে থাকেন, সেক্ষেত্রে আপনি স্টেট বা ফেডারেলের উপার্জিত আয়ের ট্যাক্স ক্রেডিট (Earned Income Tax Credits, EITC) থেকে অতিরিক্ত অর্থ পেতে পারেন। এই ক্রেডিটগুলো পেতে, আপনার কোনও ট্যাক্স দেওয়ার না থাকলেও আপনাকে ট্যাক্স রিটার্ন ফাইল করতে হবে। উপার্জিত আয়ের ট্যাক্স ক্রেডিট (EITC) ফেডারেট (EITC) পেতে, আপনাকে হয় 1040 অথবা 1040A ফর্ম এবং ফর্মসূচি (EITC) ব্যবহার করে একটি ফেডারেল আয়কর রিটার্ন দাখিল করতে হবে। (শুধুমাত্র যে কর্মীদের কোনও শিশু বড় করার দায়িত্ব নেই তারা ফেডারেল EIC দাবি করার জন্য ফর্ম 1040EZ ব্যবহার করতে পারে।) স্টেটের (EITC) পেতে, আপনাকে স্টেটের আয়কর রিটার্ন দাখিল করতে হবে এবং স্টেটের ফর্ম IT-215 ব্যবহার করতে হবে।

  যদি আপনার কোনও উপার্জিত আয় থাকে এবং স্টেট ও ফেডারেল আয়কর রিটার্ন ফাইল করে থাকেন, সেক্ষেত্রে আপনি স্টেট এবং ফেডারেল উভয় সরকারের কাছ থেকেই উপার্জিত আয়ের ট্যাক্স ক্রেডিট (EIC) পাওয়ার যোগ্য হতে পারেন। আপনার আয়কর বকেয়া থাকলে, EIC আপনার বকেয়া করের পরিমাণ কেটে নেবে। আপনার EIC এর পরিমাণ আপনার বকেয়া করের পরিমাণের থেকে বেশি হলে, আপনি রিফান্ড হিসাবে বারতি অর্থরাশিটি পাবেন। আপনার কর বাকি নাও থাকলে, আপনি EIC পেতে পারেন।

  যদি আপনি EIC এর যোগ্য হন এবং সারা বছর জুড়ে আপনার অর্থরাশি ছড়িয়ে-ছিটিয়ে রেখে (আগাম পেমেন্ট) বছরের শেষে একটি হ্রাসপ্রাপ্ত EIC পেতে চান, সেক্ষেত্রে আপনার নিয়োগকর্তার থেকে একটি “W-5” এর অনুরোধ করুন (EIC আগাম পেমেন্টের শংসাপত্র), সেটি পূরণ করে আপনার নিয়োগকর্তার কাছে ফেরৎ দিন।

- **শিশুর ট্যাক্স ক্রেডিট (Child Tax Credit)** - ফেডারেলে শিশুর ট্যাক্স ক্রেডিট 17 বছরের কমবয়সী প্রতি যোগ্য শিশুর জন্য সর্বাধিক 1,000 ডলার পর্যন্ত হতে পারে।

  শিশুর ট্যাক্স ক্রেডিট এর জন্য এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit) নামে নিউ ইয়র্ক স্টেটের নিজস্ব সংস্করণ আছে। যে শিশুরা ফেডারেল শিশু ট্যাক্স ক্রেডিটের যোগ্য তাদের জন্য শিশুর সংখ্যার 100 ডলার গুণ বেশির সমান একটি ক্রেডিট বা তাদের ফেডারেল শিশু ট্যাক্স ক্রেডিটের 33% কেসকর্মীরা দাবি করতে পারে।

  একটি কর্মরত পরিবার EITCগুলোর সাথে অতিরিক্তভাবে এই ক্রডিটগুলোর দুটোই দাবি করে।

- **নন-কাস্টোডিয়াল পেরেন্ট (NCP) নিউ ইয়র্ক স্টেটের EITC** – নিম্নলিখিত যোগ্যতাগুলো পূরণ হলে এই নিউ ইয়র্ক স্টেটের চাইল্ড ক্রেডিটটি ননকাস্টোডিয়াল পেরেন্টদের জন্য উপলভ্য:

  - নিউ ইয়র্ক স্টেটের আবাসিক কর প্রদানকারী হতে হবে;
  - বয়স 18 থেকে 65 বছরের মধ্যে হতে হবে;
  - একজন ননকাস্টোডিয়াল পেরেন্ট হতে হবে এবং কোনও সন্তান(সন্তানাদি) থাকতে হবে যে বা যারা তার সাথে বসবাস করে না;
  - নিউ ইয়র্ক স্টেটের সহায়তা সংগ্রহ ইউনিট (Support Collection Unit, SCU) এর মাধ্যমে কোনও শিশুকে সহায়তার অন্তত দেড় বছরের অর্ডার আছে; এবং
  - যেকোনও আয়কর বৎসরের জন্য বকেয়া শিশু সহায়তার বর্তমান অর্থের পরিমাণ 100% প্রদান করেছেন যার মধ্যে NCP EITC দাবি করা হয়েছে।

- **শিশু এবং নির্ভরশীল ব্যক্তি পরিচর্যার ক্রেডিট –** ফেডারেল শিশু ও নির্ভরশীল ব্যক্তি পরিচর্যার ক্রেডিট হল একটি কর সুবিধা যার মাধ্যমে অন্তত 13 বছরের কমবয়সী একটি শিশু রয়েছে এমন পরিবারগুলো শিশু পরিচর্যার জন্য অর্থপ্রদানে সহায়তা পায়। নিজেদের পরিচর্যায় অক্ষম স্পাউস বা প্রাপ্তবয়স্ক নির্ভরশীল ব্যক্তির পরিচর্যার জন্য আবশ্যিকভাবে অর্থপ্রদান করে এমন পরিবারগুলোকেও এটা সাহায্য করতে পারে। পরিচর্যায় থাকা একটি শিশু বা নির্ভরশীল ব্যক্তি সহ পরিবারগুলোর জন্য ক্রেডিটের মূল্য প্রায় 1,050 ডলার আর পরিচর্যায় থাকা একাধিক শিশু বা নির্ভরশীল ব্যক্তির জন্য সেটা সর্বাধিক 2,100 ডলার হতে পারে।

  নিউ ইয়র্ক স্টেটের শিশু ও নির্ভরশীল ব্যক্তি পরিচর্যার ক্রেডিট ফেডারেল ক্রেডিটের ন্যূনতম 20% এবং সর্বোচ্চ 110%, যা NYS এর নিয়ন্ত্রিত মোট আয়ের পরিমাণের উপর নির্ভর করে। হোম এনার্জি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program, HEAP), মহিলা, নবজাতক এবং শিশু (women, infants and children, WIC) এবং স্কুলের জলখাবার ও লাঞ্চের আহার।

- **শিক্ষার ক্রেডিটসমূহ** – দুই ধরনের শিক্ষার ক্রেডিট আছে যা প্রত্যেক যোগ্য শিক্ষার্থী দাবি করতে পারে:

  - হোপ ক্রেডিট: এই ক্রেডিট সেকেন্ডারি পরবর্তী শিক্ষার প্রথম দুই করযোগ্য বছরে প্রযোজ্য হয়। শিক্ষার্থী প্রতি সর্বাধিক 1,800 ডলার ক্রেডিট ক্লেম করা যেতে পারে।
  - লাইফটাইম শিক্ষার ক্রেডিট: এই ক্রেডিট শিক্ষার্থীদের সেকেন্ডারি-পরবর্তী শিক্ষার যেকোনো সময় পাওয়া যায়। নির্দিষ্ট পরিবারে যোগ্য শিক্ষার্থীর সংখ্যা নির্বিশেষে একটি পরিবারের জন্য সর্বাধিক ক্রেডিট হল 2,000 ডলার।

- **সংযুক্ত থাকুন...myBenefits এর সাথে!**

  নিউ ইয়র্কের যেকোনও ব্যক্তি কম-আয়ের কর্মরত পরিবারগুলোর আর্থিক অস্বচ্ছলতায় সহায়তার জন্য পরিকল্পিত ফুড স্ট্যাম্পের সুবিধাদি, উপার্জিত আয়ের ট্যাক্স ক্রেডিট, শিশু ও নির্ভরশীল ব্যক্তি পরিচর্যার ক্রেডিট এবং অন্যান্য কর্মসূচির জন্য যোগ্য কিনা জানতে তারা একটি নতুন ওয়েবসাইট, **www.myBenefits.ny.gov** দেখতে পারেন। কোথায় এবং কীভাবে আবেদন করতে হবে সম্পর্কিত তথ্যও এখানে দেওয়া থাকবে। অন্যান্য কর্মসূচিগুলোর জন্য স্ক্রিনিংয়ের সুবিধা দিতে এই সাইটটি নিয়মিতভাবে সম্প্রসারিত করা হবে।

**4.** **হোম এনার্জি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program, HEAP) -** হোম এনার্জি সহায়তা কর্মসূচি আপনাকে হিটিং এবং ইউটিলিটির খরচ এবং নির্দিষ্ট কিছু অপরিহার্য হিটিংয়ের যন্ত্রপাতি সারাইয়ে সাহায্য করতে পারে। আপনি হোম এনার্জি সহায়তা পেতে পারেন যদি:

- আপনি সাময়িক সহায়তা পেয়ে থাকেন
- আপনি ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেয়ে থাকেন
- আপনার উপার্জন বর্তমান নিয়মকানুনের সমান বা তার কম
- আপনি সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম পেয়ে থাকলে

**আপনি সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম পেয়ে থাকেন**

**HEAP পাওয়ার জন্য আপনার কোনও হিটিং বা ইউটিলিটি এনার্জি থাকার প্রয়োজন নেই।**

**5.** **সহায়ক কুকুরের জন্য সহায়তার মঞ্জুরি -** যদি আপনি (SSI) পান এবং পাহারার জন্য কুকুর ব্যবহার করেন তাহলে আপনার কুকুরের খাবার কেনার জন্য অর্থ পেতে পারেন। আপনি নিউ ইয়র্ক সিটির **বাইরে** থাকলে, এই অর্থের জন্য আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে আবেদন করতে পারেন। আপনি নিউ ইয়র্ক সিটির **মধ্যে** থাকলে আপনার স্থানীয় জব সেন্টারে ফোন করুন বা দেখা করুন।

**6.** **LifeLine (লাইফলাইন)** - আপনার আয় যদি কম হয় তাহলে আপনি একতি টেলিফোন ডিসকাউন্ট পেতে পারেন যাকে বলা হয় LifeLine যার পরিমাণ মাসে 1.00 ডলারের একটু বেশি। আপনি LifeLine পেতে পারেন যদি আপনি পান:

- সাময়িক সহায়তা
- চিকিৎসা সহায়তা
- ফুড স্ট্যাম্প সুবিধাদি
- বাড়ি শক্তি সহায়তা
- সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (Supplemental Security Income, SSI)

LifeLine সম্পর্কে তথ্যের জন্য, আপনার টেলিফোন পরিষেবা সরবরাহকারীকে ফোন করুন।

**7.** **WIC** (নারী, নবজাতক এবং শিশুদের জন্য বিশেষ সম্পূরক কর্মসূচি/The Special Supplemental Program For Women, Infants and Children) – আপনার আয় কম থাকলে বা আয় না থাকলে, গর্ভবতী হলে, স্তন্যপান করালে অথবা 5 বছর বয়স পর্যন্ত শিশু থাকলে, এবং পুষ্টি জনিত ঝুঁকিতে থাকলে, **WIC কর্মসূচি** আপনাকে সহায়তা করতে পারে। WIC কর্মসূচি আপনাকে পুষ্টি এবং স্বাস্থ্যকর খাবার গুরুত্ব সম্পর্কে সহায়ক তথ্য প্রদান করে। WIC কর্মসূচি চেকগুলি প্রদান করে যা অংশগ্রহণকারী দোকানগুলিতে ইনফ্যান্ট ফর্মুলা, দুধ, জুস, ডিম, চীজ, ডাল, বাদামের মাখন, শুকনো কড়াইশুতি এবং বিনের বিনিময়ে ভাঙানো যায়।

**WIC কর্মসূচি** এবং কোথায় আপনি আবেদন করতে পারবেন সে সম্পর্কে আরো তথ্যের জন্য, **1-800-522-5006** নম্বরে ফোন করুন।

**8.** **দাফন** - যখন একজন সামতিক সহায়তা প্রাপক বা অন্য কোনো ব্যক্তি দাফনের খরচের পক্ষে যথেষ্ট কোনো অর্থ বা বিমা না রেখেই মারা যান এবং কোনো আত্মীয়, বন্ধু বা অন্য কোনো ব্যক্তি দাফনের খরচের দায়িত্ব না নেন বা নিতে না চান তখন স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ দাফনের খরচ প্রদান করে। এটি তখনই করা হয় যদি দাফনের খরচের জন্য স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের কাছে যে সীমা আছে তা পেরিয়ে না যায়।

কখনও কখনও আত্মীয় এবং বন্ধুরা একজন ব্যক্তির দাফনের খরচ বহন করে। তারা কিছু অর্থ ফেরত পাওয়ার যোগ্য হতে পারেন, যদি না স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের অনুমোদিত সীমার থেকে দাফনের খরচ বেশি না হয়।

দাফনের ইউনিট বা আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের সংস্থানের ইউনিটের কাছে দাফনের সীমিত খরচ ফেরত পাওয়ার জন্য আবেদন করা যেতে পারে। আপনাকে কোথায় আবেদন করতে হবে এবং আপনাকে কত সময়ের মধ্যে আবেদন করতে হবে তা জানতে ওই এজেন্সির সাথে যোগাযোগ করুন।

**একজন অভাবীকে দাফনের ক্ষেত্রে কত খরচ করা যেতে পারে সে সম্পর্কে কাউন্টির সীমা কত তা না জানা পর্যন্ত একজন দাফনের ডিরেক্টরের সাথে বন্দোবস্ত করবেন না।**

**9.** **ভোটদাতার নিবন্ধীকরণ -** ভোটদাতার নিবন্ধীকরনের জন্য একটি আবেদনপত্র পাওয়ার, আবেদন পূরণ করার ক্ষেত্রে সহায়তা, এবং এই বইতে বর্ণিত সুবিধাদির জন্য আবেদনগুলি গ্রহণ করা যে কোনো সরকারি কার্যালয়ের যথাযথ স্থানীয়নির্বাচন বোর্ডে পাঠানোর জন্য ওই আবেদনটি জমা করতে সহায়তা পাওয়ার একটি অধিকার আপনার রয়েছে। আরো তথ্যের জন্য স্টেটের নির্বাচন বোর্ডের (State Board of Elections) টোল ফ্রি নম্বর **1-800-367-8683** অথবা শ্রবণ প্রতিবন্ধীদের জন্য **1-800-533-8683** (TDD)-এ ফোন করুন।

**10.** **প্রাক্তন সেনাকর্মীদের সুবিধাদি** - আপনি কোনো সময় মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীতে (ন্যাশনাল গার্ড অথবা রিজার্ভ সহ যদি কখনও প্রেসিডেন্ট সক্রিয় কর্তব্য পালনের জন্য আদেশ দিয়ে থাকেন) কাজ করে থাকেন এবং কোনো অসৎ কারণ ছাড়া স্বাভাবিকভাবে কর্তব্য থেকে মুক্তি পেয়ে থাকেন তাহলে আপনি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন সেনাকর্মী বিষয়ক দপ্তরের মাধ্যমে এক গুচ্ছ সামাজিক, অর্থনৈতিক, এবং বৃত্তিমূলক সুবিধা এবং পরিষেবা পাওয়ার যোগ্যতা লাভ করতে পারেন। এগুলি নিম্নলিখিতগুলিকে অন্তর্ভুক্ত করে, কিন্তু সেগুলির মধ্যেই সীমিত নয়:

- স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা
- সার্ভিসের কারণে হওয়া প্রতিবন্ধকতার ক্ষতিপূরণ
- সার্ভিসের কারণে না হওয়া প্রতিবন্ধকতার সুবিধাদি
- পরিবার এবং উত্তরাধিকারীদের সুবিধাদি
- উপাদান অপব্যবহারের চিকিৎসা
- শিক্ষাগত সুবিধাদি
- বৃত্তিমূলক পুনর্বাসন
- কর্মসংস্থান পরিষেবা

আপনি SSI পাওয়া একজন "নিম্ন-আয়ের" প্রাক্তন সেনাকর্মী হলে, অথবা স্থায়ীভাবে এবং সম্পূর্ণভাবে প্রতিবন্ধী হলে, **এবং** একটি যুদ্ধের সময় অন্তত একদিন সক্রিয় কর্তব্যে থাকা সহ অন্তত 90 দিন সেনাবাহিনীর হয়ে কাজ করলে, আপনি VA-র থেকে একটি মাসিক সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন যা তাৎপর্য্যপূর্ণভাবে SSI এর থেকে বেশি - এমনকি আপনার প্রতিবন্ধকতা সেনাবাহিনীতে কাজ করার জন্য না হলেও। আপনার বয়স 65 বছর বা তার বেশি হলে এবং উপরোক্ত সার্ভিসের আবশ্যিকতাগুলি পূরণ করলে, আপনি প্রতিবন্ধী না হলেও যোগ্যতা লাভ করতে পারবেন।

একটি অসুস্থতা, রোগে কষ্টভোগ করা প্রাক্তন সেনাকর্মীরা, বা তারা যদি মনে করেন যে তাদের অনুভূত আঘাত সেনাবাহিনীতে কাজ করার ফলে দেখা দিয়েছে তাহলে তাদের সার্ভিসের কারণে হওয়া প্রতিবন্ধকতার ক্ষতিপূরণের সুবিধাদিগ্যতা লাভের চেষ্টা করতে হবে - এমনকি যদি অসুস্থতাটি কয়েক বছর পরেও নির্ণীত না হয় - যেমন যারা ভিয়েতনামে যুদ্ধ করেছেন এবং তারপর থেকে টাইপ II ডায়াবেটিস, প্রস্টেট ক্যান্সার, ফুসফুসের ক্যান্সার, বা হজকিন'স এর মতো কোনো রোগে আক্রান্ত হয়েছেন।

উপরের গুলি বা অন্যান্য উপলভ্য সুবিধাদি এবং পষেবা সম্পর্কে আরো তথ্যের জন্য, আজই একজন ফেডারেল, স্টেট, বা কাউন্টি প্রাক্তন সেনাকর্মীর সুবিধাদির পরামর্শদাতার সাথে যোগাযোগ করুণ। পরামর্শদাতারা আপনাকে নিখরচায় সহায়তা করবেন। আপনার নিকটবর্তী একজন কোথায় আছেন জানতে, ফোন করুন **1-888-VETS-NYS (1-888-838-7697)।**

## বিভাগ। প্রতিবন্ধকতা যুক্ত ব্যক্তিবর্গ

**প্র.** **আমি কি স্থানীয় সামাজিক পরিষেবা কার্যালয় থেকে সহায়তা পেতে পারি। আমি প্রতিবন্ধী হলে এবং স্থানীয় সামাজিক পরিষেবা কার্যালয়ে যেতে না পারলে, অথবা স্থানীয় সামাজিক পরিষেবা কার্যালয় আমাকে অন্যান্য যা কাজ করতে বলে তা আমি করতে না পারলে?**

**উ.** আপনার যদি একটি শারীরিক বা মানসিক অসুস্থতা থাকে যা আপনার কাজ করার ক্ষমতাকে উল্লেখযোগ্য ভাবে সীমিত করে, তাহলে প্রতিবন্ধকতা যুক্ত আমেরিকানদের আইন (Americans with Disabilities Act) এবং পুনর্বাসন আইনের (Rehabilitation Act) বিভাগ 504 অনুযায়ী আপনার অধিকার থাকতে পারে। শারীরিক বা মানসিক অসুস্থতাগুলির কয়েকটি উদাহরণের মধ্যে আছে, কিন্তু সেগুলিতেই সীমিত নয়:

- শ্রবণ বা দৃষ্টিশক্তি হারানো;
- সহজে এদিক ওদিক চলাফেরা করার অক্ষমতা;
- একটি শেখার অক্ষমতা;
- মানসিক বিকলাঙ্গতা;
- মাদক বা অ্যালকোহল আসক্তির ইতিহাস;
- বিষন্নতা

**প্র.** **আমি প্রতিবন্ধী হলে এবং স্থানীয় সামাজিক পরিষেবা কার্যালয়ে যেতে না পারলে, অথবা স্থানীয় সামাজিক পরিষেবা কার্যালয় আমাকে অন্যান্য যা কাজ করতে বলে তা আমি করতে না পারলে, আমি কী করব?**

**উ.** আমাদের করতে বলা কিছু আপনি না করতে পারলে, আমরা আপনাকে সেটি করতে সহায়তা করত পারি, বা নিয়মগুলি মেনে চলতে আপনার জন্য আলাদা কোনো উপায়ের ব্যবস্থা করতে পারি বা আপনাকে যা করতে হবে তা পরিবর্তন করতে পারি। একে বলা হয় ন্যায্য বন্দোবস্ত। আপনার কোনো প্রতিবন্ধকতা থাকলে এবং আপনার ন্যায্য বন্দোবস্তের প্রয়োজন হলে, আপনি তা আমাদের জানাতে পারেন। একটি প্রতিবন্ধকতা থাকা একজন ব্যক্তিকে আমরা যেভাবে সহায়তা করতে পারি তার কয়েকটি এখানে দেওয়া হল:

- আপনি আমাদের কার্যালয়ে আসতে না পারলে, আমরা আপনাকে অন্য একটি কার্যালয়ের ঠিকানা দিতে পারি যেখানে আপনি যেতে পারবেন, অথবা আমাদের সামাজিক পরিষেবা কর্মসূচিতে আপনার অ্যাক্সেস পাওয়ার অন্য উপায় আপনাকে বলতে পারব। আপনি আমাদের কার্যালয়ে আসতে না পারলে আমরা আপনাকে ফোন করতে বা আপনার কাছে যেতেও পারি।
- আপনি আমাদের কাছ থেকে যে চিঠি পেয়েছেন তাতে কী বলা হয়েছে তাও আমরা আপনাকে বলতে পারি।
- আমরা আপনাকে একটি পরিকল্পনা গড়ে তুলতে বলতে পারি যা আপনাকে একটি প্রতিবন্ধকতা থাকা সত্বেও কাজ করার সুযোগ দেয়, অথবা আপনি আপনার পরিকল্পনায় কিছু না করতে পারলেও আমরা সহায়তা করতে পারি।
- আপনাকে সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (Supplemental Security Income, SSI) এর মতো সুবিধাদি দিতে অস্বীকার করা হলে আমরা আপনাকে আপীল করার জন্য সহায়তা করতে পারি।
- আপনার অন্য কোনো ধরনের সহায়তার প্রয়োজন হলে, আপনার কর্মীকে জানান।

**প্র.** **আমি কি স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে শুধু এটুকু বলতে পারি যে আমার প্রয়োজনীয় সুবিধাদি পাওয়ার জন্য নিয়মাবলী পূরণ কতে একটি অন্য উপায় খুঁজে বের করার জন্য আমার সহায়তা প্রয়োজন?**

**উ.** হ্যাঁ। আপনি স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে বলতে পারেন যে আপনার সহায়তা প্রয়োজন। তবে, নিয়মাবলীগুলো পূরণ করতে ভিন্ন উপায় খোঁজে সাহায্য প্রয়োজনীয় যোগ্যতার শর্তগুলো পূরণ করছে এমন ব্যক্তিদের পরিষেবা পাওয়ার জন্য অথবা কর্মসূচি কিংবা কার্যকলাপে অংশগ্রহণের জন্য এবং ADA এর অধীনে সুরক্ষিত হওয়ার যোগ্য ব্যক্তিদের জন্য অভিপ্রেত। এনারা হলেন সেই ব্যক্তিবর্গ যাদের শারীরিক বা মানসিক সীমাবদ্ধতা থাকায় তারা নির্দিষ্ট কিছু কার্যকলাপ করতে পারেন না। উপযুক্ত ন্যায্য বন্দোবস্ত এবং অন্যান্য পরিষেবা নিশ্চিতভাবে প্রদান করা হচ্ছে কিনা নিশ্চিত করতে ADA এর অধীনে একটি ন্যায্য অ্যাকোমোডেশনের অনুরোধকারী একজন ব্যক্তিকে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ সম্ভাব্য প্রতিবন্ধকতা ও সীমাবদ্ধতা চিহ্নিত করতে নথিপত্র দেওয়ার অথবা প্রাথমিক স্ক্রিনিং এবং আরও মূল্যায়ন প্রক্রিয়া অংশ নেওয়ার অনুরোধ করতে পারেন।

**প্র.** **আমার জন্য স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ কর্মসূচির নিয়মাবলী পূরণে পছন্দ করা ভিন্ন পদ্ধতিটা আমার পছন্দ না হলে কী হবে?**

**উ.** যদি নিয়মাবলী পূরণ করতে এবং আপনার প্রয়োজনীয় (ন্যায্য অ্যাকোমোডেশন) সুযোগ-সুবিধা পেতে সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ একটি উপায় খুঁজে পাওয়া সত্ত্বেও আপনি তা প্রত্যাখ্যান করেন, সেক্ষেত্রে আপনার প্রয়োজনীয় কর্মসূচি এবং সুযোগ-সুবিধাদির জন্য আপনি অযোগ্য বলে বিবেচিত হতে পারেন অথবা আপনার প্রয়োজনের তুলনায় কম সুবিধা পেতে পারেন। উদাহরণস্বরূপ, মাদকাসক্তি ADA এর অধীনে একটি অক্ষমতা হলেও, যদি আসক্ত ব্যক্তি বর্তমানে অবৈধভাবে মাদক সেবন করেন অথবা মদ্যপানাসক্ত হন এবং মদ এবং/অথবা মাদক অপব্যবহারের প্রয়োজনীয় স্ক্রিনিংয়ে অংশ নিতে প্রত্যাখ্যান করেন স্থানীয় সামাজিক পরিষেবার ডিস্ট্রিক্ট পরিষেবা বা সুবিধাদি আটকে রাখতে পারে। যদি সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ আপনাকে আপনার প্রয়োজনীয় কর্মসূচি এবং সুবিধার জন্য অযোগ্য বলে বিবেচনা করে অথবা সিদ্ধান্ত নেয় আপনার সেগুলো কম পরিমাণে পাওয়া উচিত, সেক্ষেত্রে আপনাকে একটি বিজ্ঞপ্তি দিয়ে আপনার আবেদন এবং আপনার সুবিধাদি সম্বন্ধে জানানো হবে এবং আপনার সুযোগ-সুবিধা অস্বীকার করা হলে অথবা কমানো হলে অথবা আপনার কেস বন্ধ হলে সেটাও জানানো হবে।

**প্র.** **আমি প্রতিবন্ধী হলে কি স্বয়ংক্রিয়ভাবেই স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের কর্মসূচিগুলোর যোগ্য হয়ে যাব?**

**উ.** আপনার সুযোগ-সুবিধা অস্বীকার করা যাবে না **শুধুমাত্র** আপনি প্রতিবন্ধী হওয়ার কারণে। তবে আপনি কোনও সুবিধার অযোগ্য হতে পারেন সেই একই কারণে যে কারণে একজন সক্ষম ব্যক্তি অযোগ্য বলে বিবেচিত হতে পারেন। উদাহরণস্বরূপ, আপনার উপার্জন আপনার প্রয়োজনীয় কর্মসূচি(গুলো) এবং সুবিধাদির সীমার থেকে বেশি হলে, আপনি যোগ্য হবেন না।

**প্র.** **সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের সিদ্ধান্তের সাথে আমার মতভেদ হলে আমি কী করব?**

**উ.** সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের সিদ্ধানের সাথে আপনার মতভেদ হলে আপনি একটি ন্যায্য শুনানির অনুরোধ করতে পারেন। একটি ন্যায্য শুনানির অনুরোধ করতে এই বুক 1-এর “আপনার অধিকারসমূহ” বিভাগে তালিকাভুক্ত (LDSS-4148A), (“আপনার অধিকার ও দায়িত্বসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত”) নির্দেশাবলী অনুসরণ করতে হবে, যা আপনি বুকটি পাওয়ার সময়ই পেয়েছিলেন।

**প্র.** **আমার বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে বলে মনে হলে আমি কী করতে পারি?**

**উ.** নিউ ইয়র্ক স্টেটের সাময়িক এবং প্রতিবন্ধকতা বিষয়ক কার্যালয় (OTDA), নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (DOH), নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা কার্যালয় (OCFS), নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তর (DOL) অথবা আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ অনুযায়ী জাতি, ধর্ম, জাতীয় পটভূমি, বৈবাহিক স্থিতি, অক্ষমতা, লিঙ্গ, জাতীয় মূল, রাজনৈতিক বিশ্বাস বা বয়সের উপর নির্ভর করে বৈষম্যমূলক আচরণ বেআইনি।

আপনার বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে বলে আপনার মনে হলে আপনার এই বুক 1-এর “আপনার অধিকারসমূহ” বিভাগে তালিকাভুক্ত (LDSS-4148A), (“আপনার অধিকার ও দায়িত্বসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত”) নির্দেশাবলী অনুসরণ করতে হবে, যা আপনি বুকটি পাওয়ার সময়ই পেয়েছিলেন।

## বিভাগ J টিকাকরণ

টিকাকরণ কমিয়েছে এবং কিছু ক্ষেত্রে নির্মূল করেছে এমন অনেক রোগ যার ফলে নিয়মিতভাবে অসংখ্য নবজাতক, শিশু এবং প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের মারা গেছে বা আহত হয়েছে। তবে, প্রতিরোধযোগ্য রোগ এবং মৃত্যুর কারণস্বরূপ ভাইরাস এবং ব্যাকটেরিয়া এখনও রয়েছে এবং সেই সমস্ত ব্যক্তির শরীরে চলে যেতে পারে যারা **টিকাকরণের দ্বারা সুরক্ষিত নন।** টিকাকরণ অন্যতম একটি গুরুত্বপূর্ণ পন্থা যার মাধ্যমে পিতা-মাতা নিম্নলিখিত শৈশবকালীন রোগগুলোর থেকে নিজেদের সন্তানদের বাঁচাতে পারেন:

- ডিপথিরিয়া
- হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ বি (হিব)
- হেপাটাইটিস A
- হেপাটাইটিস B
- হাম
- নিউমোকোক্কাল রোগ (নিউমোনিয়া)
- রোটাভাইরাস
- হিউম্যান পাপিলোমাভাইরাস (HPV)
- মাম্পস
- পার্টুসিস (হুপিং কাশি)
- রুবেলা (জার্মান হাম)
- টিটেনাস (দাঁতকপাটি)
- ভেরিসেলা (জল বসন্ত)
- ইনফ্লুয়েঞ্জা (ফ্লু)
- মেনিনোকোক্কল মেনিনজাইটিস

## বিভাগ K ইলেকট্রনিক বেনিফিটি ট্রান্সফার (EBT)

**প্র.** **EBT** কী?

**উ.** EBT হল ইলেকট্রনিক বেনিফিটি ট্রান্সফার। এটি একটি পদ্ধতিকে বোঝায় যার মাধ্যমে আপনার সাময়িক সহায়তা এবং/অথবা ফুড স্ট্যাম্পের সুবিধাদি আপনাকে ইস্যু করা হয়। ইলেকট্রনিক বেনিফিটি ট্রান্সফার (EBT) এর মাধ্যমে প্রাপকরা ফুড স্ট্যাম্প সুবিধাদি এবং/অথবা সাময়িক সহায়তার সুবিধাদির জন্য অ্যাকাউন্টগুলো সেট আপ করবে। এই সুযোগ-সুবিধাগুলো আপনার সুবিধা প্রাপ্তির তারিখে বৈদ্যুতিকভাবে আপনার অ্যাকাউন্টে(গুলোতে) ট্রান্সফার করা হয়।

**প্র.** **আমি কীভাবে আমার সুবিধাদি অ্যাক্সেস করব?**

**উ.** আপনি একটি সাধারণ সুবিধা সনাক্তকরণ কার্ড (CBIC) পাবেন যা আপনি আপনার সাময়িক সহায়তা, ফুড স্ট্যাম্পের সুবিধা এবং চিকিৎসা সহায়তার সুবিধা অ্যাক্সেসের জন্য ব্যবহার করবেন। এগুলোর জন্য সাধারণ সুবিধা সনাক্তকরণ কার্ড (CBIC) ব্যবহার করা যেতে পারে:

- QUEST লোগো দেওয়া স্বয়ংক্রিয় টেলার মেশিনগুলো (ATM) থেকে নগদ নিতে
- QUEST লোগো লাগানো রয়েছে এমন যেকোনো দোকান থেকে খাবার কিনতে
- অংশগ্রহণকারী EBT স্থানে নগদে কেনাকানা করতে
- চিকিৎসার সুবিধাদি অ্যাক্সেস করতে

আপনি আপনার সমস্ত নগদ এবং ফুড স্ট্যাম্প সুবিধার লেনদেনের জন্য রসিদ পাবেন। এই রসিদগুলোতে লেনদেনের অর্থরাশি এবং আপনার নগদ অ্যাকাউন্ট বা ফুড স্ট্যাম্প সুবিধাদির অ্যাকাউন্টে থাকা বাকি ব্যালেন্স দেখাবে। আপনার অনুমোদিত লেনদেন মিলছে কিনা নিশ্চিত করতে এবং আপনার অ্যাকাউন্ট ব্যালেন্সের ট্র্যাক রাখতে নিজেকে সাহায্যের জন্য আপনার রসিদ রেখে দিন।

**প্র.** **একটি PIN কী?**

**উ.** PIN বলতে ব্যক্তিগত সনাক্তকরণ নম্বর (Personal Identification Number, PIN) বোঝায়। আপনার PIN হল একটি 4-অক্ষরের নম্বর যা আপনাকে নির্ধারণ করা হয় অথবা আপনি বেছে নেন। আপনার PIN আপনার *ইলেকট্রনিক স্বাক্ষর* এর সমান এবং সবসময় গোপন রাখতে হবে। **মনে রাখবেন** - কারও কাছে যদি আপনার সাধারণ সুবিধা সনাক্তকরণ কার্ড (Common Benefit Identification Card, CBIC) থাকে এবং আপনার PIN জানে তাহলে তিনি আপনার সমস্ত সুযোগ-সুবিধা অ্যাক্সেস করতে পারবে। এই সুবিধাগুলো প্রতিস্থাপন করা যাবে না। আপনার কার্ডটি নিরাপদ রাখা এবং আপনার PIN গোপন রাখা আপনারই দায়িত্ব। আপনি যেকোনও সময় আপনার PIN পরিবর্তন করতে পারেন।

> **দ্রষ্টব্য:** আপনার সাধারণ সুবিধা সনাক্তকরণ কার্ড (CBIC) প্রতিস্থাপন করার প্রয়োজন হলে আপনি একই ব্যক্তিগত সনাক্তকরণ নম্বর (Personal Identification Number, PIN) ব্যবহার করে যেতে পারেন।

**প্র.** **আমি কীভাবে আমার ব্যক্তিগত সনাক্তকরণ নম্বর (Personal Identification Number, PIN) পরিবর্তন করব?**

**উ.** আপনার কাছে তিনটি বিকল্প আছে:

- গ্রাহক পরিষেবার টোল-ফ্রি নম্বর **1-888-328-6399**-এ ফোন করুন।
- আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে গিয়ে একটি নতুন ব্যক্তিগত সনাক্তকরণ নম্বর (PIN) বাছুন।
- ইন্টারনেটের মাধ্যমে অনলাইনে এখানে EBT অ্যাকাউন্টের ওয়েবসাইটে যান **www.ebtaccount.jpmorgan.com**।

**প্র. আমার CBIC কার্ড–কীভাবে এটি কাজ করে এবং এটিতে কী ধরনের তথ্য থাকে?**

**উ.** আপনার CBIC এর পিছনদিকে একটি কালো চৌম্বকীয় স্ট্রিপ আছে। যখন কোনও ATM বা রিটেলার পয়েন্ট অফ সেল (POS) ডিভাইসে কার্ড ঢোকানোর জায়গা দিয়ে কার্ডটি ঢোকানো হয় অথবা সোয়াইপ করা হয় তখন মেশিনটি আপনার কার্ডের স্ট্রিপে থাকা কোডেড তথ্য "রিড" করে, যার ফলে আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাদি বা নগদের অ্যাকাউন্ট থেকে লেনদেন শুরু করে। একটি লেনদেন সম্পূর্ণ হতে গেলে, আপনার PIN অবশ্যই এন্টার করতে হবে। এছাড়াও আপনার কার্ডের পিছনদিকে EBT এর টোল ফ্রি গ্রাহক পরিষেবা নম্বর **(1-888-328-6399)** রয়েছে।
আপনার কার্ডের সামনের দিকে থাকে আপনার নাম, আপনার 19 অক্ষরের কার্ড নম্বর, আপনার জন্মতারিখ, আপনার ক্লায়েন্ট সনাক্তকরণ নম্বর (Client Identification Number, CIN) এবং আপনার একটি ফটো থাকতে পারে।

**প্র. আমার সুযোগ-সুবিধা নিয়ে আমার কেসকর্মীর সঙ্গে কখন আমার যোগাযোগ করা উচিত?**

**উ.** নিচের প্রশ্ন বা সমস্যাগুলো সম্বন্ধে জানতে <u>আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের কর্মীর</u> সাথে আপনার যোগাযোগ করা উচিত:

- আমি যোগ্য এমন সুবিধার অর্থরাশি এবং ফ্রিকোয়েন্সি সমেত ফুড স্ট্যাম্পের সুবিধাদি নিয়ে প্রশ্ন করতে।
- আপনার সুবিধাদিকে প্রভাবিত করতে পারে আপনার পরিস্থিতির এমন পরিবর্তনগুলি রিপোর্ট করতে।
- হারানো, ক্ষতিগ্রস্ত বা চুরি হওয়া সাধারণ সুবিধা সনাক্তকরণ কার্ড (CBIC) প্রতিস্থাপনের উদ্দেশ্যে (গ্রাহক পরিষেবায় ফোন করার পরে)।
- একজন অনুমোদিত প্রতিনিধি নিয়ে প্রশ্ন করতে (আপনি ছাড়া অন্য কোনও ব্যক্তি যিনি আপনার অনুমতি নিয়ে ফুড স্ট্যাম্পের সুবিধাদি অ্যাক্সেস করতে পারেন)।

**প্র. আমাকে কি আমারা সুবিধাদির সবটা একবারে ব্যবহার করতে হবে?**

**উ.** না, আপনার নগদ অ্যাকাউন্ট এবং ফুড স্ট্যাম্প সুবিধাদির অ্যাকাউন্টে এই সুবিধাদি এক মাস থেকে অন্য মাসে চলে যাবে। তবে, আপনি আপনার নগদ অ্যাকাউন্ট ধারাবাহিকভাবে 90 দিন ধরে ব্যবহার না করলে, আপনার অ্যাকাউন্টে 90 দিন বা তার পুরোনো যেকোনও নগদ সুবিধা তুলে নেওয়া (সেরিয়ে দেওয়া) হবে এবং এজেন্সিতে তা ফেরৎ চলে যাবে। আপনি আপনার কর্মীকে, আপনি পাওয়ার যোগ্য এমন মুছে ফেলা নগদ সহায়তা পুনরায় ইস্যু করতে বলতে পারেন। আপনি আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদির অ্যাকাউন্ট ধারাবাহিকভাবে 365 দিন ধরে ব্যবহার না করলে, আপনার সেই অ্যাকাউন্টে 365 দিন বা তার পুরোনো যেকোনও সুবিধা তুলে নেওয়া (সেরিয়ে দেওয়া) হবে এবং তা পুনরায় ইস্যু করা যাবে না।

**প্র. আমার সাধারণ সুবিধা সনাক্তকরণ কার্ড (CBIC) ব্যবহারের জন্য কি কোনও চার্জ আছে?**

**উ.** কোনও চার্জ না দিয়ে আপনার নগদ এবং ফুড স্ট্যাম্প অ্যাকাউন্ট থেকে কেনাকাটা করতে একটি কোয়েস্ট (QUEST)-এ অংশগ্রহণকারী দোকানে পয়েন্ট অফ সেল (POS) ডিভাইসে আপনার কার্ড ব্যবহার করতে পারেন। কিছু EBT অংশগ্রহণকারী দোকান এবং রিটেলার গ্রাহকদের নিজ নগদ অ্যাকাউন্ট থেকে ক্যাশ ব্যাক পাওয়ার সুযোগও দেয়। দোকানটিকে ক্যাশ ব্যাক নিয়ে নিজস্ব নীতি জিজ্ঞাসা করুন। কোনও ATM মেশিন থেকে নগদ নিলে, কোনও লেনদেনের ফি না দিয়ে আপনি প্রতি মাসে 2 বার অর্থ তুলতে পারবেন। 2 বার বিনামূল্যে ব্যবহারের পর, মাসের বাকিটা সময় নগদ তোলার জন্য কোনও ATM ব্যবহারের সময় প্রতিবার আপনার নগদ অ্যাকাউন্ট থেকে 50 সেন্ট লেনদেনের ফি কেটে নেওয়া হবে। উপরন্তু, কিছু ATM নগদ তোলার জন্য লেনদেন প্রতি একটি সারচার্জ ধার্য করে। নির্দিষ্ট ATM ব্যবহারের খরচ স্পষ্টভাবে পোস্ট করা উচিত। আপনার এলাকায় সারচার্জ লাগু হয় না এমন ATMগুলোর স্থান খুঁজতে, আপনি EBT লোকেটর পরিষেবার টোল-ফ্রি নম্বর **1-800-289-6739**-এ ফোন করতে পারেন।

**আপনার সাধারণ সুবিধা সনাক্তকরণ কার্ড (CBIC) দিয়ে আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাদি বা চিকিৎসার সুবিধা অ্যাক্সেস করতে কখনও চার্জ দিতে হয় না।**

**প্র. আমি কি আমার ফুড স্ট্যাম্প অ্যাকাউন্ট থেকে কোনও অর্থ ফেরৎ পেতে পারি?**

**উ.** না, আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদির অ্যাকাউন্ট শুধুমাত্র অংশগ্রহণকারী দোকান থেকে যোগ্য খাবারের আইটেমগুলো কেনার জন্যই ব্যবহার করা যেতে পারে। ফুড স্ট্যাম্প অ্যাকাউন্ট থেকে লেনদেন হওয়ার জন্য কোনও নগদ দেওয়া হবে না।

**প্র. ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার (EBT) এর গ্রাহক পরিষেবা কী? আর কোন তথ্য দিয়ে তারা আমাকে সাহায্য করতে পারে?**

**উ.** EBT-র সাথে আপনার সুবিধাদি সম্বন্ধে কোনও উদ্বেগ থাকলে আপনি গ্রাহক পরিষেবার টোল-ফ্রি নম্বর **1-888-328-6399**-এ দিনে 24 ঘন্টা/সপ্তাহে 7 দিন ফোন করতে পারেন অথবা ইন্টারনেটে অনলাইনে গ্রাহক পরিষেবাদ্দি-র সাথে যোগাযো করুন এখানে **www.ebtaccount.jpmorgan.com**। 15ই আগস্ট, 2007 থেকে কার্যকর হওয়া সিদ্ধান্ত অনুযায়ী EBT গ্রাহক পরিষেবা নম্বর **(1-888-328-6399)** আর পাবলিক পেফোন থেকে করা ফোনগুলো গ্রহণ করবে না। প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিবর্গ নিম্নলিখিত রিলে সেন্টার নম্বরগুলো ব্যবহার করতে পারেন: TTY ব্যবহারকারী **1-800-662-1220**; নন TTY ব্যবহারকারী **1-800-421-1220**; এবং VCO ব্যবহারকারী **1-877-826-6977**। **কীভাবে গ্রাহক পরিষেবা আপনাকে সহায়তা করতে পারে তা নিচের বেশিরভাগ প্রশ্ন ও উত্তরগুলোয় উদাহরণ হিসাবে দেওয়া হল।**

**প্র. আমার সাধারণ সুবিধা সনাক্তকরণ কার্ড (CBIC) হারিয়ে গেলে,চুরি হলে অথবা কাজ না করলে আমি কী করব?**

**উ.** অবিলম্বে EBT এর গ্রাহক পরিষেবার টোল-ফ্রি নম্বর **1-888-328-6399**-এ ফোন করুন, তারা আপনার হারানো বা চুরি হওয়া কার্ডটি বাতিল করে দেবে। এর ফলে অন্য কারো সেই কার্ড ব্যবহারের সম্ভাবনা এড়ানো যায়। আপনার কার্ডটি প্রতিস্থাপন করতে আপনাকে আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে যোগাযোগ করতে হবে। EBT এর গ্রাহক পরিষেবা আপনার কার্ডটি প্রতিস্থাপন করতে পারবে না।

**প্র. আমার নগদ বা ফুড স্ট্যাম্প সুবিধাদি আছে তা আমি আমার অ্যাকাউন্ট থেকে কীভাবে জানতে পারি? কোথায় এবং কখন আমি আমার সুবিধাদি খরচ করেছি তা আমি কীভাবে জানতে পারি?**

**উ.** গ্রাহক পরিষেবার টোল-ফ্রি নম্বর **1-888-328-6399**-এ ফোন করলে, অ্যাকাউন্টের লেনদেন এবং ব্যালেন্স সংক্রান্ত বিষয়ে স্বয়ংক্রিয় উত্তরের ইউনিট (Automated Response Unit, ARU) আপনার প্রশ্নের উত্তর দেবে।

স্বয়ংক্রিয় উত্তরের ইউনিট (Automated Response Unit, ARU) ব্যবহারের সময় সাধারণ সুবিধা সনাক্তকরণ কার্ডের (CBIC) সামনের দিকে থাকা আপনার 19-অক্ষরের কার্ড নম্বরটি দেওয়ার জন্য প্রস্তুত থাকুন। ইন্টারনেটের মাধ্যমে, আপনি এই তথ্য অনলাইনও পেরে পারেন এখানে **www.ebtaccount.jpmorgan.com.**

**প্র. গতবারের রসিদে থাকা অ্যাকাউন্ট ব্যালেন্স ভুল রয়েছে বলে আমার মনে হলে আমি কী করব?**

**উ.** গ্রাহক পরিষেবায় যোগাযোগ করে আপনার গতবারের অ্যাকাউন্ট রেকর্ড সম্পর্কে প্রদান করা তথ্যের সাথে আপনার আগের একাধিক রসিদের তুলনা করবেন।

অ্যাকাউন্টের রেকর্ড এবং আপনার রসিদগুলোর মধ্যে কোনও পার্থক্য হলে তা টোল-ফ্রি নম্বর **1-888-328-6399**-এ ফোন করে গ্রাহক পরিষেবার একজন প্রতিনিধির কাছে রিপোর্ট করতে হবে যাতে দাবিটার তদন্ত করা যায়। ফুড স্ট্যাম্প সুবিধাদির অ্যাকাউন্ট সম্পর্কিত দাবির ক্ষেত্রে, আপনার দাবির তদন্ত করা হবে এবং গ্রাহক পরিষেবায় দাবি দাখিল করার 10 ব্যবসায়িক দিনের মধ্যে তার সমাধান হবে।

একটি ক্লেইম নম্বর আপনাকে দেওয়া হবে। এই ক্লেইম নম্বর লিখে রাখতে ভুলবেন না কারণ ক্লেইমের অগ্রগতি সম্বন্ধে জানতে যখন গ্রাহক পরিষেবায় আপনি ফোন করবেন তখন এটার প্রয়োজন হবে।

> **ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (Personal Protective Equipment, NOTE)**: একটা নগদ অ্যাকাউন্ট নিয়ে দাবির তদন্তের সমাধানে EBT এর কাছে রিপোর্ট করার পর 30 পর্যন্ত সময় লাগতে পারে। আপনার নগদ অ্যাকাউন্ট এবং ফুড স্ট্যাম্প সুবিধাদির অ্যাকাউন্ট দুটির জন্যই, EBT গ্রাহক পরিষেবার কাছে ক্লেইম জানানো যেতে পারে, যদি আপনার রিপোর্ট করা অ্যাকাউন্টের লেনদেন 90 দিনের মধ্যে হয়ে থাকে।

**প্র. আমি কি আমার অ্যাকাউন্টের লিখিত রেকর্ড পেতে পারি?**

**উ.** হ্যাঁ, গ্রাহক পরিষেবা হয় আপনার নগদ অ্যাকাউন্ট এবং ফুড স্ট্যাম্প সুবিধাদির অ্যাকাউন্টের গত দশটি লেনদেন প্রদান করবে অথবা আপনি গ্রাহক পরিষেবার কোনও প্রতিনিধিকে গত দুমাসের লেনদেনের একটি রিোর্ট ডাকযোগে আপনার বাড়িতে পাঠানোর অনুরোধ করতে পারেন। ইন্টারনেটের মাধ্যমে আপনি এই তথ্য অনলাইনেও এখানে পেতে পারেন **www.ebtaccount.jpmorgan.com.**

**প্র. আমি কীভাবে সেই ATM এবং রিটেলার পয়েন্ট অফ সেল (POS) ডিভাইসগুলোর স্থান খুঁজে পাবো যেগুলোতে নগদ তোলার জন্য কোনও সারচার্জ নেই?**

**উ**. আপনি EBT লোকেটর পরিষেবার টোল-ফ্রি নম্বর **1-800-289-6739**-এ ফোন করতে পারেন। এই তথ্য আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে অথবা ইন্টারনেটের মাধ্যমে এখানেও **http://www.otda.state.ny.us/ebt/zips**-এও পাওয়া যায়।

**প্র. কোনও "রিটেলার অ্যাডজাস্টমেন্ট" কী?**

**উ.** যখন আপনি আপনার ফুড স্ট্যাম্প সুবিধার অ্যাকাউন্ট থেকে খাবার কিনলেও কম্পিউটারে ত্রুটি দেখা যায় এবং আপনার অ্যাকাউন্ট থেকে চার্জ করা হয় না, তখন দোকানটি গ্রাহক পরিষেবায় তাদের ক্লেইম তদন্তের অনুরোধ করতে পারে। যদি তদন্তে দেখায় আপনার অ্যাকাউন্ট থেকে দোকানটিতে অর্থপ্রদান করা হয়নি, সেক্ষেত্রে আপনার কেনা খাবারের জন্য দোকানটিকে অর্থপ্রদান করতে আপনার অ্যাকাউন্ট থেকে চার্জ করা হবে। কোনও রিটেলার অ্যাডজাস্টমেন্টের অনুরোধ করা হলে, আপনিও সেই অনুরোধটি সম্বন্ধে একটি বিজ্ঞপ্তি পাবেন।

**প্র. স্টেট কি আমার নগদ এবং/অথবা ফুড স্ট্যাম্প সুবিধার অ্যাকাউন্টগুলোতে কোনও সামঞ্জস্যবিধান করতে পারে?**

**উ.** যদি, সুবিধা ইস্যু করার প্রক্রিয়ায় কোনও ত্রুটির ফলস্বরূপ আপনার অ্যাকাউন্ট থেকে অযৌক্তিকভাবে কোনও ভাতা বাড়িয়ে দেওয়া হয় যার অধিকার আপনার নেই, সেক্ষেত্রে স্টেট পরিস্থিতি সংশোধন করতে আপনার অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ করতে পারে।

**প্র. আমার নগদ বন্ধ হয়ে যাওয়ার পরেও কি আমি আমার অ্যাকাউন্ট(গুলো) অ্যাক্সেস করতে পারি?**

**উ.** হ্যাঁ, আপনার কার্ড কার্যকর থাকবে এবং যতক্ষণ পর্যন্ত আপনার অ্যাকাউন্টে(গুলোয়) সুবিধাদি থাকবে ততক্ষণ আপনি আপনার অ্যাকাউন্ট(গুলো) অ্যাক্সেস করতে পারবেন।

**প্র. আমার কাছে এখনও ব্যবহারের জন্য কাগজের ফুড স্ট্যাম্প কুপন থাকলে, দোকানগুলো কি সেগুলো ভাঙাবে?**

**উ.** 17ই জুন, 2009 তারিখের পরে, দোকানগুলো কাগজের ফুড স্ট্যাম্প কুপন গ্রহণ করবে না। আপনার কাছে কোনও কাগজের কুপন থাকলে, ওই তারিখের আগেই অংশগ্রহণকারী ফুড স্ট্যাম্প রিটেলারের কাছে আপনার সেগুলো রিডীম করতে হবে।